"আশঙ্কসে যদ্ অগ্নিং তদ্ ইদং স্পর্শক্ষমং রত্নম্"

PANINI PRAVESHA VYAKARANA

WITH VEDIC & PRAKRIT SUPPLEMENTS.

BY

DEVENDRAKUMAR BANERJI, VIDYARATNA, M.A.

Examiner, Calcutta University and East Bengal Saraswat Samaj; sometime Examiner Dacca University and Calcutta Sanskrit Association; Late Professor, Hooghly College, Chittagong College, Rajshahi College, and Late Dacca College and Munshiganj Harendralal College; Author of Panini Prabha, Panini Parishta, Panini Primer, Laghu Paniniya, Panini Pravesh Vyakaran Primer, Sukhapatham, Editor, Bhatti Cantos I-II &c.

PUBLISHED BY THE AUTHOR
at PANINI KUTIR
10, Upendranath Mitra Lane, Salkhia
HOWRAH.

Price Rs 2 only.

কলিকাতা,

৮৫নং অপার সারকুলার রোড, ভারতমিহির প্রেস্ হইতে

শ্রীযুগলচরণ দাস কর্ত্তৃক মুদ্রিত

To be had of :—

Vina Library, 15, College Square, Calcutta.

A. Mukerjee & Bros., 6, College Square, Calcutta

Asutosh Library, 5, College Square. Calcutta.

Sanskrit Book Depot. 28-1, Cornwallis St., Calcutta.

Sanskrit Pustaka Bhandar, 38, Cornwallis St , Calcutta.

PREFACE.

This edition is intended for our I A. and B. A. students of Sanskrit : students, who come across *Panini Sutras* quoted in the commentaries of their Text-Books and learn them often by *rote*. In this tieatise, forms of declension and conjugation, cases and case-endings, self-serving and self-denying (আত্মনেপদ পরস্মৈপদ) forms of verbs &c., are calculated to help *ordinary students who want barely to pass*; and Bengali sutias, to stimulate, those who sincerely wish to understand the principles of Sanskrit Grammar, while, their corresponding Panini Sutras just following them, to give meritorious students good grounding in Sanskrit. The comparative statement of Bengali and Sanskrit cases and case-endings ; that of corresponding Bengali and Sanskrit, as well as of English and Sanskrit Tenses and Moods ; cerebralisation of ন & স ; copious proverbial sentences illustrating concords of adjectives and nouns, and tenses and moods, quoted from standard authors ; are meant to familiarise the students with idiomatic Sanskrit compositions. In short, I have spared no pains to help, in the light of my experience, the students in learning Sanskrit and Composition ; for.
কর্ম্মণ্যেবাধিকারো মে, তচ্ছ্রুত্বা ভবন্তঃ প্রমাণম্

My acknowledgments are due to *Bhottoji* and *Sayana* for the Vedic portion, and to the various editors of Prakrita Prakasha for the Prakrit ; as well as to Messr. Sanyal & Co., for their kind expedition.

PANINI KUTIR.
10, Upendranath Mitia Lane,
Salkhua, Howrah.
The 1st Baisakh,
14. 4. 41.

Devendrakumar Banerji

CONTENTS.

* 's' or 'সূ' means sutra or section, below

Some opinions on Author's (i) *Panini Provesh Vyakarana* :—
"পাণিনিপ্রবেশ কি সুন্দর হইয়াছে। আমি উহা প্রায় প্রত্যহই পড়ি। কি সুন্দর quotations ব্যাকরণের উপর প্রভূত অধিকার না থাকিলে, কেহ এইরূপ বই লিখিতে পারেন না' (Sd) S C De (M A, Late Principal) "It is eminently suitable for the purpose for which it is meant and worthy of your high reputation of scholarship' (Sd.) S. K. De (M. A, D. Litt.). "I am sure students of our colleges will derive immense benefit from it The College and the University recognize only Panini and expect from students some knowledge of it (Sd.) Kalipada Bhattacharji M. A. Lecturer, Rajshahi College. And (ii) Panini Prabha—

"It shows great devotion to the study of Panini to have edited the text in its original form and to have added a *commentary of his own, while Indian Scholars in Bengal* generally restrict themselves to dealing with abridgments or adaptations of the great grammar. The author seems to have taken great trouble with the Commentary." Professor A. A. Macdonell, M. A Ph. D, Oxford.

"I think that Mr. Devendrakumar's book will very usefully serve its purpose, as a clear and precise exposition of the Sutras without any voluminous commentaries. I do not know any book which so practically sets forth all the detailed information contained in Panini's rules." Dr. F. W. Thomas, Librarian of the India office.

পাণিনি-প্রবেশ ব্যাকরণ

বৈদিক ও প্রাকৃত প্রকরণ সমেত।

উপক্রমণিকা

বাক্য ও বাক্যাংশ (পদ)।

[যে শাস্ত্রে বক্তার বক্তব্য এবং শ্রোতার শ্রোতব্য (audible) ও বোদ্ধব্য শব্দ-(sound) গঠিত ভাষার, আকরণ বা আকৃতির বিশ্লেষণ (analysis) করা হয় তাহাকে ব্যাকরণ (Anatomy of Language) কহে। বর্ণমালা (colours of letters)-দ্বারা সেই শ্রোতব্য ও শব্দকে দ্রষ্টব্য (visible) করা হয়।]

১। অনেক বর্ণ বা অক্ষর মিলিয়া একটি শব্দ হয়; যথা, র্+আ+ম্+অ মিলিয়া রাম (R-a-m-a) শব্দটী হইয়াছে। কিন্তু, ইহ সন্ধি নহে, সংক্ষেপে লিখিবার কায়েদা মাত্র। ২৫—৪৪ সূত্রে সন্ধি ও ১৫৩ সূত্রে সংযুক্ত বর্ণাদি দেখ।

২। অনেক সমর্থ (suitable) শব্দ মিলিয়া একটী বাক্য (sentence) হয়। যথা, রাম খেলিতেছে ‘রামঃ ক্রীড়তি’ এই বাক্যে ‘রামঃ’ একটী শব্দ এবং ‘রামঃ’ শব্দের সহিত মিলনে সমর্থ ‘ক্রীড়তি’ একটী শব্দ। এই দুইটী শব্দের মধ্যে ‘রামঃ’ শব্দটী ‘উদ্দেশ্য’ (nominative) কারণ, তাহাকে লক্ষ্য করিয়াই কিছু বলা হইল। এবং ‘ক্রীড়তি’ শব্দটী ‘বিধেয়’ (verb, predicate)—কারণ, এই শব্দ দ্বারা রামের সম্বন্ধে কিছু বলা হইল। এইরূপ, প্রত্যেক বাক্যে দুইটী মাত্র প্রধান (principal) শব্দ থাকে, তাহাদের একটীর নাম উদ্দেশ্য, (nominative or subject),

এবং অপরটীর নাম বিধেয় (predicate)—তিঙ, কৃৎ তদ্ধিত সমাস বা অব্যয় (১৯২ ক সূ দেখ)। কৃৎ-যথ 'গ্রামো গন্তব্যঃ' তিঙ-যথা, 'অশ্বে ধাবতি বাক্যের অন্যান্য পদগুলি হয় কর্ত্তার বিশেষণ, নতুব ক্রিয়ার বিশেষণ (বাক্যের লক্ষণ definitio ১৫৫ সূ)

সুতরাং, সহজে সংস্কৃত বুঝিতে হইলে, সর্ব্বাগ্রে সংস্কৃত বাক্যটীর কর্ত্তা (প্রথমান্ত) এবং ক্রিয়া (তিঙন্ত) বাছিয়া লইতে হইবে।

'রাম' শব্দের রূপে, ও ৭ সূত্রের ইংরাজি অনুবাদ, ১৫৫ ও ১৯২ক সূ দেখ।

বাক্য-ঘটক পদসমূহ।

(Parts of Speech).

৩ বাক্যের এক একটী শব্দকে পদ (part of speech) কহে (১৫৫ সূ)। পদ পাঁচ প্রকার—বিশেষ্য, বিশেষণ, সর্ব্বনাম, অব্যয় ও ক্রিয়া। তন্মধ্যে, বিশেষ্য বিশেষণ সর্ব্বনাম ও অব্যয় এই চারিটীর সাধারণ নাম 'প্রাতিপদিক' এবং ইহারা সুবন্ত পদের প্রকৃতি (Base) প্রাতিপদিককেও কোন কোন স্থলে পদ কহে, ১১১i সূ দেখ

(i) সাধারণ নামকে বিশেষ্য (Noun) কহে যথা, মনুষ্যঃ, পশুঃ, পক্ষী (রূপ, গুণিন্ শব্দবৎ) সংস্কৃত বাক্যে বিভক্তি-শূন্য পদ একটীও থাকে না (১৫২ক খ সূ, ১৯৩ iii সূ. দেখ)।

মনুষ্য' শব্দ সকল মানুষেরই নাম, 'পশু' শব্দ সকল পশুরই নাম, এবং 'পক্ষী' শব্দ সকল পক্ষীরই নাম

নাম বা বিশেষ্য চারি প্রকার। জাতির নাম (Common Noun)—মনুষ্যঃ, ব্যক্তির নাম (Proper Noun)—ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরঃ, গুণের নাম (Abstract Noun)—সৌন্দর্য্যম্, ক্রিয়ার নাম (Verbal Noun) ক্রীড়া

(ii) বিশেষ নাম (Special Name)কে বিশেষণ (Adjective) কহে 'সুন্দরঃ' (পক্ষী)

এস্থলে, সুন্দর ও কুৎসিত বহু পক্ষীর মধ্যে সুন্দর পক্ষীকেই বাছিয়া লওয়া হইল। এইরূপ, 'রক্তং' পুষ্পম্, 'নীলম্' আকাশম্ সুন্দরী' বালিকা

সাধারণতঃ উদ্দেশ্য পদের বিশেষণ বিশেষ্যের পূর্ব্বে বসে কিন্তু বিধেয় বিশেষণ (Predicative Adjective) বিশেষ্যের পরে বসে ■ সূ. দ্রষ্টব্য দেখ

বঙ্গভাষায়, বিশেষণগুলি বিভক্তি শূন্য থাকে। কিন্তু, সংস্কৃতে, বিশেষ্যের যে বিভক্তি বিশেষণেরও সেই বিভক্তি থাকা চাই, (১৭, বিশ্লেষণ ১২০, concord ১৫১ সূ)

(iii) সকলের নামকে সর্ব্বনাম (Pronoun) কহে যথা,—'অহম্' আমি, 'ত্বং' তুমি, 'সঃ' সে

পিতঃ

ন হ্যহং জানে কীদৃশ ত্বং, কুত্র বা ত্বং তিষ্ঠসি
কিয়তা চ মমত্বেন, স্নেহেন 'মাং রক্ষসি।
"জানি না পিতা কেমন তুমি, কোথায় তুমি থাক।
কত মমতা কত স্নেহে, আমায় তুমি রাখ॥

এই বাক্যে—ত্বং' বলিয়া ভগবান্‌কে লক্ষ্য করা হইল, মাং' বলিয়া ভক্তকে বুঝ ইল। এইরূপ, 'ত্বং' তুমি, 'অহম্' আমি, যুয়ং' তোমরা, 'বয়ম্' আমরা, 'ত্বাং' তোমাকে, 'মাং' আমাকে, 'সঃ' সে, 'তে তাহারা, 'তং' তাহাকে ইত্যাদি শব্দ—কি দেবতা, কি মনুষ্য, কি পশু, কি পক্ষী সকলেরই নাম হইতে পারে সুতরাং, ইহাদিগকে সর্ব্বনাম কহে। রূপ ১২৯—১৩০ সূত্রে দেখ

(iv) কিন্তু, তথাপি, প্রাতঃ, ইতি, যৎ (that) তৎ (so) এবং (so) স্বঃ (heaven) মিথ্যা (false), দিবা (during the day) নক্তং (at night) 'ন' 'বা' 'চ' প্রভৃতি শব্দের কোনও বিভক্তিতে ক্ষয় বৃদ্ধি হয় না বলিয়া ইহাদিগকে অ-ব্যয় (In-declinable) কহে।

কেবল অকারান্ত অব্যয়ীভাবের পঞ্চমী বিভক্তিতে ইহার ব্যতিক্রম আছে। (শ্বঃ ১৫২ ক সূ, ২৩৭—২৩৮ সূ) অব্যয়গুলি স্থান বিশেষে noun, adjective, adverb ও conjunction রূপে ব্যবহৃত হয়

(v) 'জানে' জানি, 'তিষ্ঠসি' থাক, 'রক্ষসি' রাখ, প্রভৃতিকে ক্রিয়া কহে 'রামঃ ক্রীড়তি' রাম খেলিতেছে, এস্থলে ক্রীড়তি শব্দটী ক্রিয়াপদ ক্রিয়া পদের প্রকৃতির নাম ধাতু'—'জানে'র প্রকৃতির নাম জ্ঞা, 'তিষ্ঠসি'র স্থা, 'রক্ষসি'র রক্ষ (৪৫, ৪৬ সূ ও ধাতু রূপ দেখ)।

৪ শব্দের লিঙ্গ (Gender)—তিন প্রকার পুং লিঙ্গ (Masculine)—পুরুষের নাম ও স্বভাবতঃ দৃঢ়াস্ত শব্দ বালকঃ, পর্ব্বতঃ স্ত্রীলিঙ্গ (feminine)—স্ত্রীলোকের নাম ও স্বভাবতঃ মিশ্রান্ত শব্দ বালিকা, লতা ক্লীব বা নপুংসক লিঙ্গ (Neuter)—যে শব্দ পুংলিঙ্গও নহে স্ত্রীলিঙ্গও নহে অথচ স্বভাবতঃ কোমলান্ত, তাহা। বনম্, কুসুমম্, জলম্, ফলম্ ৯৫—৯৮ সূ দেখ

মৃদুবর্ণাঃ—হ্রস্বস্বর-বর্গান্ত-দন্ত্যব্যঞ্জন-রূপাঃ ২১৬ ঘ সূ

বিকটাঃ—দীর্ঘস্বরাঃ টঠডঢ-শষহান্ত শেষা মধ্যমাঃ অনুস্বার-বিসর্গৌ তু পাক্ষিকৌ নিরন্তরৌ

৫ বাক্য বলিতে, তিন জনের প্রয়োজন হয় যথা, 'আমি' 'তোমাকে' বলিতেছি যে, 'রাম' খেলিতেছে—'অহং' 'ত্বাং' ব্রবীমি যৎ (that) 'রামঃ ক্রীড়তি।

(i) কথক (the speaker)—ইহার নাম উত্তম পুরুষ (First Person)—অহম্ (I) বয়ম্ (we) অস্মাকম্ (our, ours) ১৩০ সূ

(ii) শ্রোতা (person spoken to)—ইহার নাম মধ্যম পুরুষ (Second Person)—ত্বং (you) যূয়ম্ (you) যুষ্মাকং, বঃ (your, yours) ১৩০ সূ

(iii) যাহার কথা বলা হয় (person spoken of)—(Third Person) রামঃ, শ্যামঃ, যদুঃ, সঃ (he) 'তৌ' 'তে' (they), 'তয়োঃ' 'তেষাং' (then, theirs) ১২৯ সূ

৬ বাঙ্গালা বাক্যে—এক জনেরও উল্লেখ থাকে, অনেকেরও উল্লেখ থাকে, সুতরাং বচন দুই প্রকার—এক বচন ও বহুবচন কিন্তু,

সংস্কৃতে, একজনকে বুঝাইতে 'একবচন' (রামঃ), দুইজনকে বুঝাইতে 'দ্বিবচন' (রামৌ) এবং দুই এর অধিককে বুঝাইতে, বহুবচনের বিভক্তি হয় 'রামাঃ' ১২০ সূ.

যে সকল বস্তু দ্বারা ক্রিয়া নিষ্পন্ন হয়, সে সমুদয়কে কারক কহে (৫৬ সূ) বঙ্গ ভাষার ন্যায় সংস্কৃতেও কারক ছয় প্রকার ; যথা— কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধিকরণ, ৫৫ সূ

কর্ত্তা—যে করে সে— বালকো দদাতি—(বালক দিতেছে) এস্থলে, বালক 'দদাতি' ক্রিয়ার কর্ত্তা ১৯২—১৯৩ সূ

কর্ম্ম—কর্ত্তা যাহা করে তাহা—'ভিক্ষাং' দদাতি (দিতেছে) এস্থলে, ভিক্ষাং' 'দদাতি'র কর্ম্ম (১৯৪, ১৯৫, ১৯৬ সূ)

করণ—কর্ত্তা যাহা (instru nont) দ্বারা করে, তাহা—'হস্তেন' দদাতি, এস্থলে, 'হস্তেন', 'দদাতি'র করণ (২০০ সূ)

সম্প্রদান—কর্ত্তা যাহাকে দান করে তাহা—'ভিক্ষুকায়' দদাতি, এস্থলে, 'ভিক্ষুকায়' পদ, 'দদাতি'র সম্প্রদান (২০৩ সূ)

অপাদান—কর্ত্তা যাহা হইতে কিছু করে তাহা—'ভাণ্ডাৎ' দদাতি, এস্থলে 'ভাণ্ডাৎ' পদটী 'দদাতি' ক্রিয়ার অপাদান (২০৭ সূ)

অধিকরণ—কর্ত্তা যেখানে কোন কাজ করে তাহা—'স্থল্যাং (থলিয়াতে) দদাতি'— এস্থলে, 'স্থল্যাং' পদটী 'দদাতি' ক্রিয়ার অধিকরণ, ২১৩ সূ

'সম্বন্ধে ষষ্ঠী'—কোনও জিনিষ (ai tiole) এর সহিত মালিক (ownoi) এর যে সম্বন্ধ তাহা বুঝাইতে, মালিক বাচক শব্দের পরে ষষ্ঠী বিভক্তি হয় যথা, 'তস্য স্থল্যাং' (তাহার থলিয়াতে) এস্থলে 'তস্য' সম্বন্ধ পদটী 'দদাতি' ক্রিয়া সম্পাদনে লাগে না বলিয়া 'তস্য' পদটী কারক নহে (২০৯ সূ)

সম্বোধন (ডাকা বা অভিমুখী করণ) অর্থে প্রথমা বিভক্তি হয় ১৯৩ ii সূ সুতরাং, 'হে সুজন বালক হাত দিয়া ভাণ্ড হইতে ভিক্ষুককে তাহার থলিয়াতে ভিক্ষা দিতেছে', এই বাক্যটীকে (i) সংস্কৃতে, নিম্নলিখিতরূপে—

হে সুজন। বালকো হস্তেন ভাণ্ডাৎ ভিক্ষুকায় তস্য স্থল্যাং ভিক্ষাং দদাতি ; এবং (ii) ইংরাজীতে নিম্নলিখিতরূপে —

Oh noble one, the boy is g'ving alms, with his own hard from the vessel, to the beggar, in his bag, অনুবাদ করা যায় কোন কারকে কোন বিভক্তি হয় তাহা ৮ সূত্রে দেখ

বিভিন্ন কারকার্থে বিভিন্ন বিভক্তি প্রয়োগ।

৮ যে চিহ্ন এক কারক হইতে অন্য কারককে চেনাইয়া (distinguish করিয়া) দেয়, তাহাকে কারক-বিভক্তি কহে বঙ্গ ভাষার ন্যায় সংস্কৃতেও বিভক্তি সাতটী। যথা, প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী। বঙ্গ ভাষার কারক-বিভক্তি গুলি নিম্নে প্রদর্শিত হইল। [সংস্কৃতের কারক বিভক্তি গুলি বিশেষ রূপে ১২০ সূত্রে দেখ।]

কারক	বিভক্তি		বাঙ্গালায় একবচন	সংস্কৃতে	বাঙ্গালায় বহুবচন	সংস্কৃতে
কর্ত্তরি ও সম্বোধনে	প্রথমা বিভক্তি হয়	যথা,	০	ঃ	রা	অঃ
কর্ম্মণি	দ্বিতীয়া	যথা,	কে *	অম্	দিগকে +	অঃ
করণে	তৃতীয়া	যথা,	দ্বারা	আ	দের দ্বারা	ভিঃ
সম্প্রদানে	চতুর্থী	যথা,	কে *	এ	দিগকে +	ভ্যঃ
অপাদানে	পঞ্চমী	যথা,	হইতে	অঃ	দের হইতে	ভ্যঃ
সম্বন্ধে	ষষ্ঠী	যথা,	র	অঃ	দের	আম্
অধিকরণে	সপ্তমী	যথা,	এ তে	ই	দিগেতে	সু

দ্রষ্টব্য। বাঙ্গালায় প্রথমার একবচনে (এবং, বহুস্থলে দ্বিতীয়ার একবচনে) শব্দটী অবিকল থাকে, কোন ক্ষতিবৃদ্ধি হয় না। যথা, 'বালক' 'ভিক্ষা' দিতেছে কিন্তু সংস্কৃতে অব্যয় ভিন্ন সকল শব্দেরই বিভক্তি-স্পষ্ট থাকা চাই। যথা, 'বালকো' 'ভিক্ষাং' দদাতি। ১৯৩(iii)

প্রথমা	বালক	বালকঃ	বালকেরা	বালকাঃ
দ্বিতীয়া	বালককে *	বালকম্	বালকদিগকে +	বালকান্
তৃতীয়া	বালক দ্বারা	বালকেন	বালকদের দ্বারা	বালকৈঃ

	একবচনে	সংস্কৃতে	বহুবচনে	সংস্কৃতে
চতুর্থী	বালককে	বালকায়	বালকদিগকে	বালকেভ্যঃ
পঞ্চমী	বালক হইতে	বালকাৎ	বালকদিগ হইতে	"
ষষ্ঠী	বালকের	বালকস্য	বালকদের	বালকানাম্
সপ্তমী	বালকে	বালকে	বালকদিগেতে	বালকেষু

বাঙ্গলাতে 'বালিকা' ও অন্যান্য স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গ শব্দের রূপও এই রকম। ক্লীবলিঙ্গ শব্দও এইরূপ, কেবল বহুবচনে 'গুলি' যোগ করিতে হয়। সংস্কৃত শব্দরূপ ১২০—১৪০ সূ দেখ।

সমাস বা সংক্ষেপ।

(Contraction of Phrases and Clauses into single words)

৯। সমর্থ (suitable) দুইটী পদের প্রথম পদটীর বিভক্তির (এবং প্রথম পদটী নকারান্ত হইলে, সেই অন্ত্য নকারেরও) লোপ করিয়া—সংক্ষেপে ঐ দুইটী পদকে একটী পদ করার নাম সমাস। সমাসের ঐ দুইটী পদের প্রথম পদটীর নাম 'পূর্ব্বপদ' (২২৩ সূ) এবং দ্বিতীয়টীর নাম 'উত্তর পদ' বা 'পর-পদ'। সমাস-ঘটক সম্পূর্ণ বাক্য (phrase or clause) টীর নাম ব্যাস-বাক্য বা বিগ্রহ-বাক্য (Analysis)। যে সমাসের প্রকৃতপক্ষে (really) ব্যাস-বাক্য নাই, তাহাকে নিত্য-সমাস (Eternal contraction) কহে। নিত্য-সমাস (un-analysable contraction) দুই প্রকার—

(i) অ-বিগ্রহ—যথা, কৃষ্ণ-সর্পঃ (Cobra), entirely un-analysable [কারণ, কৃষ্ণশ্চাসৌ সর্পশ্চেতি কৃষ্ণসর্পঃ means 'any black snake']

(ii) অ-স্বপদবিগ্রহ—Analysable only with the help of a stranger word 'অন্যো লোকঃ' বা 'লোকান্তরম্' ২১৭ গ, ২২২ ঝ সূ।

দ্রষ্টব্য। কোনও বাক্যের 'উদ্দেশ্য' পদের সহিত তাহার 'বিধেয়' পদের সমাস হয় না ৩ii, ১১, ১৫১ সূ।

১০ সমাস প্রধানতঃ চারি প্রকার—

(i) অব্যয়ীভাবঃ (ii) তৎপুরুষঃ (iii) দ্বন্দ্বঃ (iv) বহুব্রীহিঃ।

দ্রষ্টব্য তৎপুরুষের ছয়টী শাখা, তদ্ভিন্ন (১) 'কর্ম্মধারয়ঃ', (২) 'উপপদ সমাসঃ' আবার, 'কর্ম্মধারয়' সমাসের একটী উপশাখা আছে, তাহার নাম 'দ্বিগুঃ'

(i) অব্যয়ীভাব সমাসে—'পূর্ব্বপদ' অব্যয় থাকে, এবং সেই অব্যয়টীর উপরেই জোর (stress) দেওয়া হয় যথা, প্রতি-দিনম্ (every day) ২১৫—২১৬ সূ

(ii) কর্ম্মধারয় ভিন্ন তৎপুরুষ সমাসে, প্রথমান্ত নহে এমন পদ পূর্ব্বে বসে এবং প্রথমান্ত পদ পরে বসে (২১৭—২২৫ সূ)। এই সমাসে উত্তরপদের অর্থই প্রধানরূপে (emphatically) বলা হয়, এবং পূর্ব্বপদের অর্থ গৌণরূপে (adjectively) বলা হয়। যথা,—

সমাসের নাম		সমাসের বিগ্রহ	সমাস
দ্বিতীয়া তৎপুরুষঃ		(কৃষ্ণকে আশ্রিত) কৃষ্ণম্ আশ্রিতঃ	কৃষ্ণাশ্রিতঃ (ভক্তঃ)
তৃতীয়া	,,	(হস্ত দ্বারা ধৃত) হস্তেন ধৃতঃ	হস্তধৃতঃ (দণ্ডঃ)
চতুর্থী	,,	(ভিক্ষুককে দত্ত) ভিক্ষুকায় দত্তম্	ভিক্ষুকদত্তম্ (অন্নম্)
পঞ্চমী	,,	(রোগ হইতে মুক্ত) রোগাৎ মুক্তঃ	রোগমুক্তঃ (যুবকঃ)
ষষ্ঠী	,,	(বৃক্ষের শাখা) বৃক্ষস্য শাখা	বৃক্ষ শাখা
,,	,,	(গুণীদের গণ) গুণিনাং গণঃ	গুণি-গণঃ *
সপ্তমী	,,	(রণে পণ্ডিত) রণে পণ্ডিতঃ	রণ-পণ্ডিতঃ

(১) প্রথমা তৎপুরুষ বা বিশেষ্য-বিশেষণে তৎপুরুষ সমাসের নাম 'কর্ম্মধারয়ঃ' যথা, 'উত্তমশ্চাসৌ বালকশ্চেতি' এই বাক্যে 'উত্তম-বালকঃ'। এই সমাসে বিশেষণ পদ পূর্ব্বে বসে, এবং স্ত্রীলিঙ্গ বিশেষণ পুংলিঙ্গ হয়। যথা, 'সুন্দরী চাসৌ বালিকা চেতি' এই বাক্যে 'সুন্দর-বালিকা' সমাস হইল (২২১ক সূ)

---

* 'ন লোপঃ প্রাতিপদিকান্তস্য' ৯, ৮০, ২১৭ ও সূ

(২) কোনও পদের যোগে, ধাতুর পরে কর্ত্তৃবাচক কৃৎ প্রত্যয় করিয়া যে সমাস হয়, তাহাকে 'উপপদ সমাস' কহে কুম্ভং করোতি যঃ স কুম্ভকারঃ (কুম্ভ—কৃ--অণ্, ২২২ সূ)। cf Beng নাম-করা লোক, ধামা-ধরা বড় লোক ওক-মার বিদ্যা

ক যে কর্ম্মধারয় সমাসের পূর্ব্বপদ, সংখ্যাবাচক শব্দ থাকে তাহাকে 'দ্বিগুঃ' সমাস কহে (২২১ ছ সূ) ত্রয়াণাং লোকানাং সমাহারঃ (তিনটী লোকের সমষ্টি) 'ত্রিলোকী'। কিন্তু ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ (তিনটী ভুবনের সমষ্টি) ত্রিভুবনম্ (সমাহার দ্বিগু)

(iii) যে সমাসে পূর্ব্বপদ ও উত্তরপদ এই উভয় পদে প্রাধান্য (stress) সমান ভাবে দেওয়া হয় তাহাকে 'দ্বন্দ্ব' সমাস কহে (রাম ও লক্ষ্মণ উভয়ে বনে গিয়াছিলেন) 'রামশ্চ লক্ষ্মণশ্চ' বা 'রাম-লক্ষ্মণৌ' বনং জগ্মতুঃ (হাত পা ধোও) 'হস্তৌ চ পাদৌ চ' বা 'হস্তপাদং' প্রক্ষালয় ২২৬ সূ

(iv) যে সমাসে সমাস ঘটক দুইটী পদের অর্থকেই বিশেষণরূপে বলিয়া তদ্ভিন্ন অন্য একটী পদার্থকে (third thing কে) বিশেষ্যরূপে বলা হয়, তাহাকে বহুব্রীহি সমাস কহে (Contraction of a relative clause into a single word) ২৩০ সূ

যথা, পীতম্ অম্বরং যস্য সঃ, এই বাক্যে 'পীতাম্বরঃ' সমাসটী হইল। পীত (অর্থাৎ পীতবর্ণ) অম্বর (অর্থাৎ কাপড়) যাঁহার, তিনি, (অর্থাৎ শ্রীহরিঃ) [lit one who has yellow garments].

(১) যে স্থলে সমাস-ঘটক সমান-রূপ বিশিষ্ট পদ দুইটীর মধ্যে, একটী মাত্র পদ অবশিষ্ট থাকে এবং অপরটী লোপ পায়, তাহাকে 'একশেষ' বলে ২২৯ সূ। যথা, হংসশ্চ হংসী চ নিনদতঃ (নিনাদ করিতেছে), এই বাক্যটী সংক্ষিপ্ত হইয়া 'হংসৌ নিনদতঃ' (হাঁস দুটী প্যাক্ প্যাক্ করিতেছে) এস্থলে 'হাঁস' শব্দ দ্বারাই হাঁস ও হাঁসীর কথা ব্যক্ত করা হইল

cf. Eng. man is mortal.

(২) কখনও কখনও পূর্ব্ব পদের বিভক্তির লোপ না করিয়াই, উত্তর পদের সহিত সমাস করিয়া, দুইটী পদে একটী পদ তৈয়ার করা হয়। ইহার নাম 'অলুক্' (অ-লোপ) সমাস। যথা, যুধিষ্ঠিরঃ। এই স্থলে, 'যুধ্' শব্দের অর্থ যুদ্ধ, উহার সপ্তমীর একবচনে 'যুধি' হইল এবং 'স্থির' শব্দের সহিত সমাস হইল। এইরূপ, বদেশের of King man-of-war, Maid-of honour, ২২০ সূ

বিধেয় (Predicate তিঙ্ ও কৃৎ)

ক্রিয়া (Verbs)

১১। কর্ত্তার সম্বন্ধে যাহা বলা হয়, তাহাকে বিধেয় (Predicate) কহে। 'রামঃ ক্রীড়তি' (রাম খেলিতেছে) এই বাক্যে, 'ক্রীড়তি' পদটী 'বিধেয়' (তিঙ্)। আবার, 'গুরু হিঁ সর্ব্বেষাং পূজনীয়ঃ' (গুরুজন সকলের পূজনীয়) এই বাক্যে 'পূজনীয়ঃ' এই পদটী বিধেয় (কৃৎ) ১৯২ ক সূ

১২। ক্রিয়ার কাল (tense), পুরুষ (person) ও বচন (number of the subject) অনুসারে ক্রিয়া পদের আকারের পরিবর্ত্তন হইয়া থাকে (১৪৩—১৯০ সূ)

ক্রিয়া দুই প্রকার—(i) অ-সমাপিকা (Participle), যথা, 'ভ্রমিত্বা' (ভ্রমিয়া), স্থিত্বা (থাকিয়া), 'খাদিত্বা' (খাইয়া) 'কৃত্বা' (করিয়া), 'যাত্বা' (যাইয়া) ২৩৭ সূ

(ii) সমাপিকা (finite), যথা—জায়তে (জন্মে), জাতঃ (born); 'খাদতি' (খায়) খাদিতঃ (eaten); করোতি' (করে), কৃতঃ (done); 'তিষ্ঠতি' (থাকে), স্থিতঃ (posted), 'যাতি' (যায়) 'যাতঃ' (gone).

১৩ আবার, (i) 'সকর্ম্মক (transitive) (ii) 'অকর্ম্মক' (in-transitive) ভেদেও ক্রিয়া দুই প্রকার। 'সকর্ম্মক' যথা—'স ভক্তং খাদতি' (সে ভাত খাইতেছে), এবং 'অকর্ম্মক' যথা—স 'দ্রবতি' (সে দৌড়াইতেছে)। সুতরাং, ক্রিয়া চারি প্রকার। যথা—

(i) সকর্ম্মক (ক) সমাপিকা; কর্ম্ম—১৯৩, ১৯৪ সূ; ক্ত, ক্তবতু (৯৯ গ ঘ সূ)—তিঙ্—১৪৩ সূ। স 'গৃহং' 'গচ্ছতি, ; স গৃহং গতঃ' বা স গৃহং 'গতবান্'

(খ) অ সমাপিকা—স গৃহং গত্বা' ভুক্তবান্ (২৩৭ সূ)

(ii) অকর্ম্মক (ক) সমাপিকা—স 'শেতে' (শয়ন করে) (খ) অ-সমাপিকা—স 'শয়িত্বা' (শুইয়া) সুপ্তবান (নিদ্রিত) ক্ত ক্তবতু—৯৯ গ ঘ সূ

১৪ সংস্কৃতে ক্রিয়ার কাল (tense) সাধারণতঃ তিন প্রকার—

(i) বর্ত্তমান (present) যথা, অদ্য (to-day) (ii) অতীত কাল (past) যথা, হ্যঃ (yester-day) (iii) ভবিষ্যৎ (future) যথা শ্বঃ (to-morrow)

১৫ যে চিহ্ন এককালের, একপুরুষের ও একবচনের ক্রিয়া হইতে অন্যকালের, অন্যপুরুষের ও অন্যবচনের ক্রিয়াকে চেনাইয়া (distinguish করিয়া) দেয়, তাহাকে ক্রিয়া-বিভক্তি কহে। যথা, 'রামঃ ক্রীড়তি' (রাম খেলিতেছে) এস্থলে 'তিপ্' বা 'ইতেছে' বর্ত্তমান কালের বিভক্তি। এবং 'রামঃ ক্রীড়িষ্যতি' (রাম খেলিবে) এই বাক্যের 'ইষ্যতি' বা 'ইবে' ভবিষ্যৎ কালের বিভক্তি।

Corresponding Moods* and Tenses in Sanskrit and Bengali.

√কৃ = √কর্—বর্ত্তমান কাল

সংস্কৃত	বাঙ্গলা	নাম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
লট্	(i) নিত্য	এ—করে	(i) অ—কর	(i) ই—করি
	(ii) অবিরত	ইতেছে—করিতেছে	(ii) ইতেছ—করিতেছ	(ii) ইতেছি—করিতেছি
লোট্ ও বিধিলিঙ্	(i) অনুমতি			
	(ii) আদেশ	উক—করুক	অ—কর	ই—করি
	(iii) প্রার্থনা ২৩১ সূ			

অতীত কাল

লুঙ্	(i) নিত্য	ইত—করিত	(i) ইতে—করিতে	(i) ইতাম—করিতাম
	(ii) অবিরত	ইতেছিল—করিতেছিল	(ii) ইতেছিলে—করিতেছিলে	(ii) ইতেছিলাম—করিতেছিলাম
লঙ্, অনদ্যতন লুঙ্	(i)	ইয়াছে—করিয়াছে	(i) ইয়াছ—করিয়াছ	(i) ইয়াছি—করিয়াছি
	(ii)	ইল—করিল	(ii) ইলে—করিলে	(ii) ইলাম—করিলাম
লিট্	বক্তার পরোক্ষ	ইয়াছিল—করিয়াছিল	ইয়াছিলে—করিয়াছিলে	ইয়াছিলাম—করিয়াছিলাম

* Mood means mentality of the speaker

ভবিষ্যৎ কাল

লুট্ অনদ্যতন [illegible] } ইবে করিবে
লৃট্ (i) নিত্য (ii) অবিরত } ইবে—করিবে ইব—করিব

দ্রষ্টব্য (ক) বাঙ্গলা ভবিষ্যতে 'ব' পরে প্রায়ই একটি 'ইকার' আসে, যথা—করিতেছি, যাইতেছি। কিন্তু সংস্কৃতে ইকার আগমের নিয়ম বাঁধা আছে, যথা, 'করিষ্যতি' (করিবে) 'যাস্যতি' (যাইবে) ১৮৩শ ২৪৬ সূ

খ (i) সম্ভ্রমার্থে, বাঙ্গলায় ক্রিয়ার শেষে একটী নকার আসে যথা—করেন, করিয়াছেন, করিবেন। কিন্তু সংস্কৃতে 'যুষ্মদ্' শব্দ স্থানে সম্ভ্রমে 'ভবৎ' শব্দ ব্যবহৃত হয়। তুচ্ছার্থে, বাঙ্গলার ক্রিয়া পদে সকার প্রভৃতির আগম হয়, যথা, 'করিতেছিস্ কর'। কিন্তু সংস্কৃতে সর্বত্রই যুষ্মদ্ শব্দ ব্যবহৃত।

গ প্রশ্ন জিজ্ঞাসার বাক্যে (Interrogative Sentence) সর্বকালেই একটী 'কি' ('কিম্' প্রভৃতি) যোগ হয়। যথা, (তুমি কি যাচ্ছ?) 'যাস্যসি কিম্'? (সে কি গিয়াছে?) 'কিম্ অসৌ গতঃ'? (আমি কি যাব?) কিম্ অহং গমিষ্যামি?

১৬। Corresponding moods and Tenses in English and Sanskrit

I. Indicative Mood (বিবরণ দেওয়া মাত্র)

(i) Present Tense (a) নিত্য Present Indefinite and (b) অবিরত Progressive, both represented by লট্, ২৩৯। সূ উদাহরণমালা দেখ

(ii) Past Tense (a) নিত্য Past Indefinite and (b) অবিরত Progressive, both by লুঙ্, ২১১—২৮৭ সূ*

(c) অনদ্যতন Near Past, by লঙ্, ২৪৪ সূ*

(d) পরোক্ষ Long Past, (beyond the knowledge of the speaker) by লিট্, ২৪৪ খ সূ

(iii) Future Tense (a) নিত্য Future Indefinite and (b) অবিরত Progressive, both by লৃট্, ২৪৩ সূ

(c) অনদ্যতন Near Future, by লুট্, ২৮৯ সূ

* লুঙ্-এর পদগুলি প্রায়ই দুঃসাধ্য বলিয়া অতীতকালে সাধারণতঃ লঙ্-এর পদই লটাদি চারি বিভক্তিতে দেওয়া।

II. Imperative Mood আদেশ, অনুরোধ, আশীঃ, অনুমতি, by লোট্, ২৪২ সূ উদাহরণ মালা দেখ

III. Potential Mood ঔচিত্য Oughtness by বিধিলিঙ্, কৃত্য and লোট্ ৫৭ সূ ২৪১ চ সূ উদাহরণ মালা দেখ

IV. Subjunctive Mood ক্রিয়াতিপাত in all the three tenses, by লৃঙ্ ২৪৫ সূ (e. g. যদি পাংশু কোমল হইত, তবে শোয়ালেনাই তাহা খাইয়া ফেলিত)

V. Benedictory Mood আশীর্বাদ by লোট্ & আশীর্লিঙ্, ২৯০ সূ

VI. Interrogative Mood in all the three Tenses by অপি, কিম্ and its derivatives as well as, by কাকু (ভিন্ন কণ্ঠ ধ্বনি), ১৪ গ সূ and ২৩৭ সূ

VII. Infinitive Mood by তুমুন্, ২৩৭ সূ

১৭ সংস্কৃতে বিশেষ্য ও বিশেষণের একই বিভক্তি হওয়া চাই—

Concords of Nouns and Adjectives.

প্রয়োজন অনুসারে প্রত্যেক কারকের এবং প্রত্যেক ক্রিয়ার, একটী বা অনেকটী বিশেষণ দেওয়া হয়; বিশেষণেরও বিশেষণ দেওয়া হয়, এইরূপে বাক্যটীকে বাড়ান হয় সুতরাং, বিশেষণ নানা প্রকার। যথা, বিশেষ্যের বিশেষণ, বিশেষণের বিশেষণ, ক্রিয়া বিশেষণ (সর্ব্বনামের বিশেষণ ও অব্যয়ের বিশেষণ) যথা, ৭নং সূত্রের বাক্যটীকে "'অত্যন্তং' 'সুশীলো' বালকঃ, 'কৃপয়া', 'সুকোমলেন' হস্তেন 'নিজাৎ' ভাণ্ডাৎ 'তস্মৈ' 'দরিদ্রায়' ভিক্ষুকায় 'তস্য' 'জীর্ণায়াং' স্থল্যাম্ 'অ-কাতরং' 'প্রচুরাং' ভিক্ষাং দদাতি" এইরূপ বর্দ্ধিত করা যায়।

এই বাক্যে, (i) কর্ত্তা—'বালকঃ' (*a*) কর্ত্তার বিশেষণ—'সুশীলঃ' (*b*) বিশেষণের বিশেষণ—'অত্যন্তং' (অব্যয়) ১৫২খ সূ

(ii) ক্রিয়া—'দদাতি' (*a*) ক্রিয়ার বিশেষণ—'কৃপয়া' (হেতৌ), 'অ-কাতরম্ (অব্যয়)' ১৫২ থ সূ

(iii) কর্ম্ম—'ভিক্ষাম্' (*a*) কর্ম্মের বিশেষণ—'প্রচুরাম্'

(iv) করণ—'হস্তেন' (*a*) করণের বিশেষণ—'সুকোমলেন'

(v) সম্প্রদান—'ভিক্ষুকায়' (*a*) সম্প্রদানের বিশেষণ 'তস্মৈ and দরিদ্রায়'

(vi) অপাদান—'ভাণ্ডাৎ' (*a*) অপাদানের বিশেষণ—'নিজাৎ'

(vii) অধিকরণ—'স্থল্যাম্' (*a*) অধিকরণের বিশেষণ—'তস্য' 'জীর্ণায়াম্'

মিশ্রবাক্য (Complex Sentence)

১৮ কথনও কথনও, এক একটী নামই বিশেষ্য বা বিশেষণরূপে না বসিয়, এক একটী বাক্য (clause)ও বিশেষ্য বা বিশেষণরূপে বসিয়া থাকে। (i) বাক্যবিশেষ্য যথা, 'ত্বাম্ অহং ব্রবীমি যৎ রামঃ ক্রীড়তি' or, 'ত্বাম্ অহং ব্রবীমি রামঃ ক্রীড়তীতি', I tell you that Rama is playing, 'আমি তোমাকে বলিতেছি যে রাম খেলিতেছে' এই বাক্যে, 'রামঃ ক্রীড়তি' এই বাক্যটী 'ব্রবীমি' (বলিতেছি) ক্রিয়ার কর্ম্মকারক; এবং 'ত্বাম্ অহং ব্রবীমি' (আমি তোমাকে বলিতেছি) এই প্রধান বাক্যটীর সহিত 'যৎ' বা 'ইতি' এই অব্যয় (Conjunction) দ্বারা সংযুক্ত হইয়াছে।

(ii) বাক্য বিশেষণ যথা, 'যো বালকঃ পরীক্ষায়াং প্রথমো ভবিষ্যতি স পুরস্কারং প্রাপ্স্যতি' (যে বালক পরীক্ষায় প্রথম হইবে সে পুরস্কার পাইবে) এই বাক্যে 'যো বালকঃ পরীক্ষায়াং প্রথমো ভবিষ্যতি' এই বাক্যটী 'স পুরস্কারং প্রাপ্স্যতি' এই বাক্যের 'সঃ' শব্দের বিশেষণ।

সুতরাং, একটী পূর্ণাঙ্গ বাক্যে ছয় রকমের জিনিষ মাত্র থাকিতে পারে—

(১) কর্ত্তা Subject (২) কর্ত্তার বিশেষণ Adjunct of the Subject (৩) কর্ম্ম Object (৪) কর্ম্মের বিশেষণ Adjunct of the Object (৫) ক্রিয়া Predicate (৬) ক্রিয়ার বিশেষণ Adjunct of the Predicate.

ক 'চৌরে গতে, বা কিমু সাবধানম্?' (চোর পালালে সাবধানতার মূল্য কি?) এই বাক্যে, 'চোর পালালে' এই কথাটীতে ভাবে সপ্তমী হইয়াছে (২১৩ ক সূ)।

ইতি উপক্রমণিকা

অথ

পাণিনি প্রবেশ ব্যাকরণ।

বর্ণমালা (Alphabet)

আধুনিক বর্ণমালা (modern Alphabet)

১৯ (i) স্বরবর্ণ ১৩টী যথা, অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ এ ঐ ও ঔ তন্মধ্যে, অ ই উ ঋ ঌ ইহারা ৫টী হ্রস্ব আর, আ ঈ ঊ ৠ এ ও ঐ ঔ—এই ৮টী স্বর দীর্ঘ (১৫২ গ সূ)। হ্রস্ব স্বর উচ্চারণে এক সেকেণ্ড লাগিলে, দীর্ঘ স্বর উচ্চারণে দুই সেকেণ্ড লাগে [তদ্ ভিন্ন, প্লুত স্বরের উচ্চারণে তিন সেকেণ্ড লাগে, প্লুত স্বর কেবল 'দূরাহ্বানে চ গানে চ, রোদনেঽপি প্লুতো মতঃ' যথা, মন্ত্রারম্ভে 'ওম্']

(ii) ব্যঞ্জন বর্ণ—৩৩টী যথা, ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন প ফ ব ভ ম, য র ল ব, শ ষ স হ (ইহাদের অন্ত্য অকার—উচ্চারণের সুবিধার [illegible] মাত্র) স্বর গুলির অপর নাম অক্ষর (sy lable) 'স্বর অক্ষর-সংজ্ঞাঃ স্যুঃ, হল তদনুযায়িনঃ '

কবর্গ (ক-group)—ক্ খ্, গ্, ঘ্, ঙ্—কণ্ঠ্য—ইহাদের উচ্চারণে জিভ্ কণ্ঠকে স্পর্শ করে যথা, চক্ শব্দের ক্ কবর্গকে 'কু' কহে, (২৩ ii, ১৩৯ গ, ২৪৭ ক সূ)

চবর্গ (চ group)—চ্, ছ্, জ্, ঝ্, ঞ্—তালব্য—ইহাদের উচ্চারণে জিভ্ তালুকে স্পর্শ করে। যথা, বাজ্ শব্দের জ্ চবর্গকে চু কহে (৩১ ক, ১৩৯ গ, ২৪৭ ক সূ)

টবর্গ (ট-group)—ট্, ঠ্, ড্, ঢ্, ণ্—মূর্দ্ধন্য—ইহাদের উচ্চারণে জিভ্ মূর্দ্ধাকে স্পর্শ করে যথা, চট্ শব্দের ট্ টবর্গকে 'টু' কহে। ৩১ খ সূ

ত-বর্গ (ত-group)—ত্, থ্, দ্ ধ্, ন্—দন্ত্য—ইহাদের উচ্চারণে জিভ্ দন্তকে স্পর্শ করে যথা, ধুৎ শব্দে ৎ তবর্গকে 'তু' [illegible] ৩১ ক সূ

প-বর্গ (প-group)—প্ ফ্ ব্ ভ্ ম্—ওষ্ঠ্য—ইহাদের উচ্চারণে ওষ্ঠ দুটী পরস্পরকে স্পর্শ করে। যথা, খপ্ শব্দের প্, পবর্গকে পু' কহে, ২৩ ii সূ।

সুতরাং, এই ২৫টী বর্ণকে 'স্পর্শ' বর্ণ বলে।

[ঙ্ ঞ্ ণ্ ন্ ম্—ইহারা অনুনাসিক বর্ণ। যথা, বাঙ্ময় শব্দের ঙ্, ধনঞ্জয় শব্দের ঞ্, ঘণ্টা শব্দের ণ্, দন্ত শব্দের ন্, বম্ বম্ শব্দের ম্।]

অ আ হ উচ্চারণে জিভ্ কণ্ঠকে আক্রমণ করে মাত্র

ই ঈ য শ	”	”	তালুকে	”	”	”
ঋ ৠ র ষ	”	”	মূর্দ্ধাকে	”	”	”
৯ ল স	”	”	দন্তকে	”	”	”
উ ঊ	”	”	ওষ্ঠকে	”		”
এ ঐ	”	”	কণ্ঠ ও তালুকে	”	”	”
ও ঔ	”	”	কণ্ঠ ও ওষ্ঠকে	”	”	”
ব	”	”	দন্ত ও ওষ্ঠকে	”	”	”

য ব র ল ইহারা যথাক্রমে অর্দ্ধোচ্চারিত ই উ ঋ ৯। সুতরাং, ইহাদের নাম অর্দ্ধ-স্বর (semi-vowel) বা অন্তঃস্থ বর্ণ। ইহারা ঈষৎ স্পৃষ্ট (slightly touched). ২৯ (৪), ১১০ সূ দেখ।

শ ষ স হ ইহারা ঈষৎ বিবৃত (a-spirate, making a hissing sound, slightly open)

শকারের অবিকৃত উচ্চারণ, নিশ্চয় ও নিরবচ্ছিন্ন শব্দে দ্রষ্টব্য। ষকারের উচ্চারণ, বিষ্ণু ও পিষ্টক শব্দে দ্রষ্টব্য। সকারের উচ্চারণ, ইতস্ততঃ শব্দে দ্রষ্টব্য।

বর্গের ১ম, ৩য়, ৫ম বর্ণ ও য র ল ব ইহারা অল্পপ্রাণ।

বর্গের ২য় ৪র্থ বর্ণ ও শ ষ স হ ইহারা মহাপ্রাণ।

ং ইহারা 'ম' বা নকারের বিকার মাত্র, মূলবর্ণ নহে। ৬৮ সূ

ঃ ইহা 'র' বা সকারের বিকার মাত্র, মূলবর্ণ নহে। ৪০ সূ

ऽ ইহা লুপ্ত অকারের চিহ্ন। ऽऽ ইহা লুপ্ত আকারের চিহ্ন। ১৪০ খ সূ

১৫৩ সূত্রে দেবনাগর বর্ণমালায়, সংযুক্ত বর্ণাদি দেখ।

২০ যে যে স্বর বর্ণ বা যে যে ব্যঞ্জন বর্ণ, বাগিন্দ্রিয়ের একই স্থান হইতে উৎপন্ন হয়, এবং যাহাদিগকে উচ্চারণ করিতে বক্তার সমান জোরের (effort এর) ই প্রয়োজন হয়, তাহারা পরস্পর 'সবর্ণ' বা জাতি (kindred)। যথা, ই ঈ ইহারা পরস্পর জাতি ক খ গ ঘ ঙ ইহারা জাতি। 'তুল্যাস্য প্রযত্নং সবর্ণম্ কিন্তু, 'ই' ও 'শ' পরস্পর জাতি নহে।

প্রাচীন বর্ণমালা (Ancient Alphabet)

২১ যে বর্ণ যে বর্ণের যতদূর ঘনিষ্ঠ জাতি, নিম্নোক্ত প্রাচীন বর্ণমালায় সেই বর্ণকে সেই বর্ণের তত দূর কাছাকাছি (near) বসান হইয়াছে। যথা, দীর্ঘীভাবী স্বর, মিশ্র স্বর, সন্ধিজ বা গুণ স্বর, বৃদ্ধি স্বর, অন্তঃস্থ বর্ণ, এবং ক্রমে বর্গীয় ৫ম, ৪র্থ, ৩য়, ২য়, ১ম বর্ণ ও উষ্ম বর্ণ—

অ ই উণ্। ঋ ৯ক্। এ ও ঙ্। ঐ ঔচ্। হ য ব রট্। লণ্। ঞ ম ঙ ণ নম্ ঝ ভ ঞ্ ঘ ঢ ধষ্ জ ব গ ড দশ্ খ ফ ছ ঠ থ চ ট তব্ ক পয়্ শ ষ সর্ হল্। এই ১৪টীকে মাহেশ সূত্র কহে।

উক্ত ১ম ও ২য় সূত্রের অবর্ণের অর্থ অ আ, ইবর্ণের অর্থ ই ঈ, উ বর্ণের অর্থ উ ঊ, ঋ বর্ণের অর্থ ঋ ৠ, ও ৯ ইত্যাদি। কিন্তু, শুদ্ধ 'অ' কে বলে 'অৎ', 'ই কে ইৎ' 'উ'কে উৎ, 'ঋ'কে 'ঋৎ', ৯কে '৯'ৎ 'এ'কে 'এ'ৎ, 'ও কে 'ও'ৎ ইত্যাদি। 'অণ্—উদিৎ সবর্ণস্য চাপ্রত্যয়ঃ' 'ত-পর স্তৎকালস্য' গ্রাহকো ভবতি

সজাতীয় বর্ণ-সঙ্ঘ (Groups of kindred Letters)

২২ উক্ত ১৪টী সূত্রের প্রত্যেকটীর শেষে একটী বাজে (non-essential) হলন্ত ব্যঞ্জন বর্ণ আছে। উহার নাম 'ইৎ' (disappearing, ই+ক্বিপ্) যথা, 'অ ই উণ্' সূত্রের ণ্ যে কোন মূল (essential)

বর্ণের সহিত তাহার পরবর্ত্তী (এই 'ণ্' এর মত) যে কোন একটী ব জে হলন্ত ব্যঞ্জন বর্ণ যোগ করিয়া, এক একটী 'সংজ্ঞা নাম' হয়। যথা, ১নং সূত্রের 'অ'র সহিত ১নং সূত্রেরই ণ্ যোগ করিলে 'অণ্' হয় এই 'অণ্' (যোগ ফল) ই আদ্যোপান্ত সকল মূল বর্ণের নাম হইয়া থাকে, যথা অ, আ, ই, ঈ, উ ঊ ইহাদের প্রত্যেকের সাধারণ নাম 'অণ্' (৫১ সূ) 'আদির্ অন্ত্যেন সহেতা' এইরূপ, প্রয়োজনীয় কয়েকটী প্রত্যাহার (group name) ও তাহাদের ব্যষ্টি নাম (individual letters) নিম্নে প্রদর্শিত হইল—

অক্—অ আ ই ঈ উ ঊ
ঋ ৠ ঌ র যে কোনোটী, ২৬ সূ

অচ্—যে কোনো স্বর বর্ণ ২৪ (৪) সূ

অট্—ল-ভিন্ন, স্বর বর্ণ ও অন্তঃস্থ বর্ণের যে কোনোটী ২৩ সূ

অণ্—(i) অ ই উ র যে যে কোনোটী ৫১ সূ
(ii) সবর্ণ সংজ্ঞায়, স্বর [illegible] অন্তঃস্থ বর্ণ ২০, ২১, সূ

অম্—স্বর বর্ণ, অন্তঃস্থ ও বর্গীয় ৫ম বর্ণের যে কোনোটী ৩১ (৩) সূ

অশ্—স্বর, অন্তঃস্থ ও বর্গীয় ৫ম বর্ণ ৪র্থ ও ৩য় বর্ণের যে কোনটী। ইহারা ঘোষবান (sonant) ১৪১ সূ

অল্—স্বর বা ব্যঞ্জন যে কোনো বর্ণ ৫৭ সূ

ইক্—ই ঈ উ [illegible] ঋ ৠ ৯র যে কোনোটী ২৯ (৪), ৬২, ১১০ সূ

ইচ্—অ আ ভিন্ন যে কোন স্বরবর্ণ ২৭৬ ii সূ

ইণ্—অ আ ভিন্ন স্বর ও অন্তঃস্থ বর্ণের যে কোনোটী ২৩ সূ

উক্—উ ঊ ঋ ৠ ঌ'র যে কোনোটী ৮৭, ১০৮ গ, ১৩৬ সূ

এঙ্—এ ও'র যে কোনোটী ১১১ খ, ১৪২ সূ

এচ্—এ ও ঐ ঔ'র যে কোনোটী ৩১ (৫) সূ

ঐচ্—ঐ ঔ র মধ্যে যে কোন স্বর্ণ ১০১ খ সূ

খয়্—বর্গীয় ২য় ও ১ম বর্ণের যে কোনোটী ২৪৭ ক সূ

খর্—বর্গীয় ২য় ও ১ম বর্ণ ও শ ষ স'র যে কোনে টী, ইহারা অ-ঘোষবান্ (Surd) ৩০ সূ

ঙম্—ঙ ণ ন'র যথাযুক্ত কোনোটী ১৩৯ [illegible] সূ

চর্—বর্গীয় ১ম বর্ণ ও শ ষ স র অন্যতম ৩৩ সূ

ছব্—ছ ঝ ঠ ঢ থ ধ'র যে কোনোটী ৩১ (৪) সূ

জশ্—বর্গীয় ৩য় বর্ণের যে কোনোটী ৩২ ৩৪ সূ

ঝয়্—৫ম বর্ণ ভিন্ন, বর্গীয় যে কোনো বর্ণ ৭৯, ১৪৬ সূ

ঝর্—বর্গীয় ৪র্থ, ৩য়, ২য়, ১ম বর্ণ ও শ ষ স র যে কোনোটী ১৫৯ ক সূ

ঝল্—য ব র [redacted] বর্গীয় ৫ম বর্ণ ভিন্ন, ব্যঞ্জন বর্ণের যে কোনোটী ৩২-৩৪ সূ

ঝশ্—বর্গীয় ৪র্থ ও ৩য় বর্ণের যে কোনোটী [redacted] সূ

ঝষ্—বর্গীয় ৪র্থ বর্ণের যে কোনোটী ১৩৯ গ (২) সূ

বশ্—ঞ-ভিন্ন বর্গীয় ৩য় বর্ণের যে কোনোটী ১৩৯ গ (২) সূ

ভষ্—ঝ-ভিন্ন বর্গীয় ৪র্থ বর্ণ ১৩৯ গ (২) সূ

ময়্—ঞ-ভিন্ন স্পর্শবর্ণ যে কোনোটী ৩৭ ক সূ

যঞ্—অন্তঃস্থ ও বর্গীয় ৫ম বর্ণ, ও ঝ ভ'র যে কোনোটী ১৫৮ গ সূ

যণ্—অন্তঃস্থ বর্ণগুলির মধ্যে সবর্ণটী ২৯ (৩), ১১০ সূ

যয়্—অন্তঃস্থ ও স্পর্শবর্ণের যে কোনোটী [redacted] সূ

যর্—হ-ভিন্ন যে কোন ব্যঞ্জন বর্ণ ৩৬, ১৪৮ সূ

রল্—য ব ভিন্ন যে কোন ব্যঞ্জন বর্ণ ২৫০ ক-ই৭ iii সূ

বল্—য-ভিন্ন ব্যঞ্জন বর্ণ ১৪৬ সূ (বিধিলিঙ্, [redacted] লুটের সূত্র)

শর্—শ ষ স'র যে কোনোটী ২৪৭ গ সূ

শল্—শ ষ স হ'র যে কোনোটী ২৮২ সূ

হশ্—হ য ব র ল, বর্গীয় ৫ম, ৪র্থ [redacted] ৩য় বর্ণের যে কোনোটী ১৪১ সূ ইহারা ঘোষবান্ (sonant)

হল্—যে কোন ব্যঞ্জন বর্ণ ১২৩, ১৪১ সূ

দ্রষ্টব্য 'অট্' [redacted] 'শল্' প্রত্যাহার ফেলিবার নিমিত্ত এই বর্ণমালায় 'হ' দুইবার পঠিত হইয়াছে।

Cerebralisation of Non-Final Dental ন্ [redacted] স্

'অপদান্তস্য মূর্দ্ধন্যঃ'।

ণত্ব-বিধান।

২৩ কোনও এক পদে, ঋ র্ ষ্ এর অ-ব্যবহিত (immediate) পরবর্ত্তী দন্ত্য ন, মূর্দ্ধন্য ণ হয় 'রষাভ্যাং নো ণঃ সমান-পদে' (in the same word) যথা, ঋণ তৃণ কর্ণ বর্ণ স্বর্ণ পূর্ণ উত্তীর্ণ জীর্ণ বিষ্ণু, কৃষ্ণ।

(1) সেই ঋ র্ ষ্ এবং দন্ত্য নকারের মধ্যে (between) অট্ (অর্থাৎ স্বরবর্ণ [redacted] য ব হ) ও কবর্গ পবর্গ (ব্যস্ত সমস্তভাবে) ব্যবধান (intervention) থাকিলেও, ঐ দন্ত্য ন মূর্দ্ধন্য ণ [redacted] যথা, হর্+ই+ন=হরিণ,

অর্+প্+অন=অর্পণ এইরূপ, বিষাণ (horn) নির্ব্বাণ শরণ নিবারণ ভীষণ রুক্মিণী রূপং শ্রবং গ্রহণ করণ আঙ্—পর্য্যাঙ্ক, মুম্ বৃংহণ 'অট্-কু-পু-আঙ্-নুম্ ব্যবায়েঽপি' (১৯ সূ)।

সুতরাং, চবর্গ টবর্গ তবর্গ ল শ স ব্যস্ত বা সমস্তভাবে ব্যবধান থাকিলে, দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না যথা, অর্জ্জন গর্জ্জন, ক্রীড়ন, বর্ত্তমান, [illegible]র্থনীয়, মর্দ্দন, বর্দ্ধন, মূর্দ্ধন্য প্রক্ষালন, দর্শন। ১১৯ শ সূত্রের বিশেষ অষ্টব্যাংশ দেখ।

অতঃপরও পূর্ব্বে ঋ র ষ না থাকিলে, কোনও স্থলেই 'ন'কারের 'ণত্ব' হইবে না—

সমাসে ণত্ব—কোন কোন নামের মধ্যে উত্তরপদের নকার [illegible] হয়। শূর্প-ণখা, খর ণস, রামায়ণ, নারায়ণ কিন্তু, ঋগয়ন 'পূর্ব্বপদাৎ সংজ্ঞায়াম্ অ-গঃ' ।* প্র বণ, আম্রবণ, 'প্র-নির্-অন্তঃ শরেক্ষু প্লক্ষাম্র-কার্ষ্য-খদির পীযূক্ষাভ্যোঽসংজ্ঞায়াম্ অপি' * অকারান্তের পর 'অহ্ন' শব্দের দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় পূর্ব্বাহ্ণ, অপরাহ্ণ। কিন্তু, নিরহ্ন, দীর্ঘাহ্নী শরৎ। 'অহ্নোঽদন্তাৎ' [illegible] আরোপিত বাচকের পর, বাহন বাহণ হয় ইক্ষু-বাহণ, দর্ভ-বাহণ 'বাহনম্ আহিতাৎ' ।* দেশের বিশেষণ—ক্ষীব-পাণ 'পানং দেশে'।

* সমাসে, পূর্ব্বপদে ঋ র ষ থাকিলে, একস্বর পরপদের অন্ত্য দন্ত্য ন, নুম্ ও বিভক্তির ন মূর্দ্ধন্য ণ হয়। যথা, (বৃত্রহন্) বৃত্রহণৌ বৃত্রহণঃ, নীর-পেণ, (ক্ষীর-পয়) ক্ষীর পাণি, 'একাজ্ উত্তরপদে ণঃ' (বস্ত্র-যোগিন্) [illegible] যোগিণৌ 'কু-মতি চ' ॥

স্বর্গ-কামিণৌ, বস্ত্র যুগাণি, বস্ত্র যুগেণ 'প্রাতিপদিকান্ত নুম্ বিভক্তিষু চ'

উপসর্গ যোগে ণত্ব—প্র পরা পরি নির্ উপসর্গের পরে নম্ ও নী প্রভৃতি ণোপদেশ ধাতুর দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা, প্রণমতি প্রণাম প্রণতি প্রণয় পরিণাম নির্ণয় 'উপসর্গাদ্ অ সমাসেঽপি ণোপদেশস্য' ণোপদেশ ধাতুপাঠে দেখ কিন্তু, দুষ্টা নীতি দুর্নীতি

* 'হি' ধাতুর পর (শ্নু) নু-প্রত্যয়ের এবং 'মী' ধাতুর পর (শ্না) না-প্রত্যয়ের দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। প্রহিণোতি, প্র-হিণু প্রমীণাতি 'হিনু মীনা' * লোট্ আনি বিভক্তি 'আনি' [illegible] প্র-যানি, প্র-ভবাণি 'আনি লোট্' কিন্তু, দুর্ভবানি দুরো ণত্ব-ষত্বয়োঃ উপসর্গত্ব প্রতিষেধ। ১৫৭ক সূ

'নি' উপসর্গ থাকিলে এবং তার পরে গদ নদ প্রভৃতি ধাতু থাকিলে, 'নি' স্থানে 'ণি' হয়, প্র-ণি-গদতি, প্র-ণি-নদতি, প্র-ণি-হন্তি, প্রণ্যগদৎ প্রণিধান (১৫৮ ক সূ) প্র-ণি পাত * 'নের্ গদ নদ পত পদ, ঘু মা স্যতি হন্তি যাতি বাতি, দ্রাতি প্সাতি বপতি বহতি, শাম্যতি চিনোতি দেগ্ধিষু চ' অনাদিগণীয় অন্ ধাতু অণ্ হয় প্রাণিতি, প্রাণঃ 'অনিতেঃ' প্রাণিনিষৎ প্রাণিণৎ উভৌ সাভ্যাসস্য' * প্র-হণ্যতে, প্র-হণনম্ হন্তের্ অৎ-পূর্বস্য' অন্তর্হণনম্, অন্তরয়ণম্ কৃৎ প্রত্যয় অন মান অনীয় অনি ইনি ন ও ক্ত ক্তবতুর নকার ণ প্রণাণ, প্রমাণ, প্রযায়মাণ, প্রযায়িণৌ প্রহীণ 'কৃত্যচঃ' * ইচ্-আদি মুম্ বিশিষ্ট ব্যঞ্জনান্ত ধাতুর কৃৎ-স্থ নকার ণ প্রেঙ্খণম্, প্রোম্ভণম্। 'হলশ্চেজ্ উপধাৎ'

ণত্ব-নিষেধ—

* পদের অন্তে, দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না, 'পদান্তস্য' যথা, হে করিন্। রামান্

* ভিন্ন পদে ('in a different word) থাকিলে, সাধারণতঃ দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না যথা, হরের্নাম, রাম নাম

* ভা ভূ প্রভৃতি ধাতুর শব্দের ণত্ব হয় না 'কৃত্যচঃ' সূত্রের বাধ' প্রভানম্ প্রভবনম্ প্রগমনম্ প্রবেপনম্ 'ন ভা ভূ পূ কমি গমি প্যায়ী বেপাম্ পদান্ত্য ষকারের পর, কৃৎ প্রত্যয়ের নকার ণ হয় না নিষ্পানম্ সুষ্পানম্ সর্পিষ্পানম্ 'ষাৎ পদান্তাৎ ষকারান্ত নশ্ ধাতুর ণত্ব হয় না, প্রনষ্টঃ, (১৩৯ ঙ সূ) প্রনংক্ষ্যতি কিন্তু, প্রণশ্যতি, প্র-ণাশঃ 'নশেঃ ষান্তস্য' * পদ-ব্যবধানে ও তদ্ধিতের নকার ণ হয় না চতুরঙ্গযোগেন কিন্তু আর্দ্র-গোময়েণ, শুষ্ক-গোময়েণ 'পদ ব্যবায়েঽপি' ক্ষুভ্ না তি' প্রভৃতি শব্দেও ণত্ব হয় না হরি-নন্দনঃ হরি-নন্দী গিরি-নগরম্ নরী নৃত্যতে, তৃপ্নোতি আচার্য্যানী

ষত্ব-বিধান।

২৪। 'ইণ্' (অ আ ভিন্ন স্বর ও অন্তঃস্থ বর্ণ) এবং 'কু' (কবর্গ)র পরবর্ত্তী, (প্রত্যয় ও আদেশের) দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয় যথা, ভবিষ্যৎ জিগীষা শিষ্য বিষাদ পরিষ্কার সিষেচ, সুষাপ 'ইণ্-কোঃ' 'আদেশ-প্রত্যয়য়োঃ' ১১৯ গ সূত্রের বিশেষ দ্রষ্টব্যাংশ দেখ আদেশ ১০৯ সূ ১৩৯ ঙ, ২৭৩ সূ দেখ।

অতঃপরও 'ইণ্-কু' অ-ব্যবহিত পূর্ব্বে না থাকিলে, কোনও স্থলেই দন্ত্য স মূর্দ্ধন্য ষ হইবে না। কিন্তু, তুরাষাট্ (সহি + ক্বিপ্) 'সহেঃ সাড়ঃ সঃ' ষত্বম্ অন্ত্যেব। * 'ইণ্-কু' ও স এর মধ্যে নুম্ (১২৫ সূ), বিসর্গ এবং [illegible] ষ স ব্যস্তভাবে ব্যবধান থাকিলেও ষত্ব হয় ১৩৯ গ সূ যজূংষি, হবীংষি, সর্পিঃষু হবিষ্ষু। কিন্তু, নিংস্সে 'নুম্ বিসর্জনীয় শর ব্যবায়েঽপি'। [illegible] শাস্ বস্ ও ঘস্ ধাতুর স ষ হয়—শিষ্যঃ, উষিতঃ, উষিত্বা, জক্ষুঃ (২৬৭ I সূ) 'শাসি-বসি-ঘসিনাঞ্চ'

* তুষ্টূষতি, সিষেবয়িষতি 'স্তৌতি ণ্যোর্ এব ষণ্য্ অভ্যাসাৎ' 'ষণ্'—ষত্ব প্রাপ্ত সন্
* কিন্তু, অভ্যাসের 'ইণ্' এর পরে ণ্যন্ত স্বিদ্, স্বদ্ ও সহ ধাতুর স ষ হইবে না। সিস্বেদয়িষতি, সিস্বাদয়িষতি সিসাহয়িষতি। 'সঃ স্বিদি-স্বাদি-সহীনাং চ'

উপসর্গের পর ষত্ব—

অনু নির্ দুর্ অভি বি অধি সু অতি নি প্রতি পরি অপি এই ১২টী উপসর্গের পরবর্ত্তী 'সুনোতি প্রভৃতি ১১টী ধাতুর স ষ হয় (স্থা) অনুষ্ঠান, (সিচ্) অভিষেক, (সঞ্জ) আনুষঙ্গিক (সিধ) নিষেধ, (সুনোতি) অভিষব (সো) অভিষ্যতি, (স্তু) অভিষ্টব, (স্তোভতি) অনুষ্টুভ্, অভিষেণয়তি (২৬৪ সূ) অভি-সন্ন (lovo) উপসর্গাৎ সুনোতি সুবতি স্তৌতি, স্তৌতি-স্তোভতি স্থা সেনয় সেধ সিচ্ সঞ্জ স্বঞ্জাম্' কিন্তু 'প্রতি' উপসর্গের পর 'সদ' ধাতুর ষত্ব হয় না, বিষাদ বিষণ্ণ, প্রতিসীদতি 'সদিরপ্রতেঃ' প্রতিষ্ঠম। আশ্রয় [illegible] সামীপ্য অর্থে অবষ্টম্ভঃ অবষ্টব্ধা শরৎ 'অবাচ্চালম্বনাবিদূর্য্যয়োঃ' অবষ্টব্ধো মুদ্গলঃ শীতেন বিষণং (স-শব্দং) ভুঙ্ক্তে কিন্তু বীণা বিস্বনতি। 'বেশ্চ স্বনো ভোজনে'

পরি নি বি এই ৩টী উপসর্গের পর, সেব সিত প্রভৃতি ৮ টীর ষত্ব হয়—(সেব) নিষেবতে, (সি ২) বিষিত, বিষয় (সিব) পরিষীব্যতি, (সহ) বিষহতে, বিষেহে (সুট্—সকার আগম) পরিষ্কার, (স্তু) পরিষ্টৌতি, (স্বঞ্জ) পরিষ্বজতে 'পরি নি বিভ্যঃ সেব সিত [illegible] সিবু সহ সুট্ স্তু স্বঞ্জাম্' উপর্য্যুক্ত সুনোতি প্রভৃতি ১১টী ধাতু [illegible] এবং 'সদ' 'স্তম্ভ' স্বন' 'সেব' এই ১৫টী ধাতুর লঙ্ লুঙ্ সূত্রের অট্ (অ) ব্যবধান থাকিলেও ষত্ব [illegible] (সুনোতি লঙ্) অভ্যষুণোৎ (স্থা লুঙ্) অধ্যষ্ঠাৎ [illegible] লঙ্ অভ্যষ্টৌৎ, (সিচ্ লঙ) অভ্যষিঞ্চৎ, (সঞ্জ লঙ্) অভ্যষজৎ। 'প্রাক্ সিতাদ্ অড্ ব্যবায়েঽপি' [illegible] উপর্য্যুক্ত স্থা প্রভৃতি ১০টী ধাতুর অভ্যাস (roponted portion) ব্যবধান থাকিলে উভয়েরই ষত্ব হয়।

'অর্দ্ধাসনং গোত্রজিৎযাহধিতষ্ঠৌ' নিষিধেধ 'স্থাদিষ্বভ্যাসেন চাহভ্যাসস্ত' সিবু প্রভৃতি এটীর, অট্ ব্যবধানে বিকল্পে ষত্ব হয় বলিয়া 'স্তম্ভ' ধাতু দুটী সূত্রেই স্থান পাইয়াছে অসীষ্যৎ অসীস্যৎ, অষহত অসহত, পর্য্যষ্করোৎ পর্য্যস্করোৎ, 'স্ফুট্ কাৎ পূর্ব্বঃ' ব্যষ্টৌৎ ব্যস্তৌৎ, ব্যষজত ব্যস্বজত 'সিবাদীনাং বাহড্-ব্যবায়েহপি

■ বি পূর্ব্বক স্কন্দ ধাতুর নিত্যই ষত্ব হয়, বিষ্কন্দকঃ 'বেঃ স্কন্দতের্ নিত্যম্'

সমাসে ষত্ব—■অঙ্গুলেঃ সঙ্গঃ অঙ্গুলিষঙ্গঃ, অঙ্গুলি-সঙ্গা যবাগূঃ 'সমাসেহঙ্গুলেঃ সঙ্গঃ' ■ ভীরোঃ স্থানম্ ভীরুষ্ঠানম্ 'ভীরোঃ স্থানম্ ■ অগ্নিষ্টুৎ অগ্নিষ্টোমঃ অগ্নীষোমৌ, 'অগ্নেঃ স্তুৎস্তোম সোমাঃ' 'ঈদ্ অগ্নেঃ সোম-বরুণয়োঃ' কিন্তু অগ্নি-সোমৌ মাণবকৌ ■ জ্যোতিষঃ স্তোমঃ জ্যোতিষ্টোমঃ, আয়ুষ্টোমঃ 'জ্যোতির্ আয়ুষঃ স্তোমঃ ■ মাতুঃ স্বসা মাতৃষ্বসা, পিতৃষ্বসা 'মাতৃ-পিতৃভ্যাং স্বসা' ■ কিন্তু, অলুক্ সমাসে, মাতুঃষ্বসা বা মাতুঃস্বসা, পিতুঃষ্বসা বা পিতুঃস্বসা 'মাতুঃ পিতুর্ভ্যাম্ অন্যতরস্যাম্'।

■ উপসর্গ ও প্রাদুস্ শব্দের পর, যকার ও অচ্ এর পূর্ব্ববর্ত্তী অস্ ধাতুর সকারের ষত্ব হয়, অভিষ্যাৎ বিষ্যাৎ প্রাদুঃষ্যাৎ, অভিষন্তি বিষন্তি প্রাদুঃষন্তি। কিন্তু, বি-স্তঃ, প্রাদুঃস্তঃ 'উপসর্গ-প্রাদুর্ভ্যাম্ অস্তি র্যচ্-পরঃ।

■ 'সু বি নির্ দুর্' উপসর্গের পর, 'স্বপ্' স্মৃতি ■ সম শব্দের ষত্ব হয় সুষুপ্ত নিঃষুপ্ত দুঃষুপ্ত, সু-ষুষুপুঃ বিষ্মৃতি, বিষম। কিন্তু, সু স্বাপ, সুস্বপ্তা 'সু বি নির্ দুর্ভ্যঃ সুপি স্মৃতি সমাঃ'

■ শাস্ত্রেষু নিষ্ণাতঃ (কুশলঃ), নদীষ্ণঃ (নদ্যাং স্নাতুং কুশলঃ), আতিথ্য-নিষ্ণঃ 'নিনদীভ্যাং স্নাতেঃ কৌশলে' কিন্তু, নদ্যাং স্নাতঃ নদী-স্নাতঃ ■ অগ্রেষ্ঠ (a leader) 'প্রষ্ঠোহগ্রগামিনি' ■ বিষ্টরঃ (বৃক্ষঃ আসনং বা) 'বৃক্ষাসনয়োর্ বিষ্টরঃ' কিন্তু, বাক্যস্য বিস্তরঃ ■ বিষ্টারো বৃহতীচ্ছন্দঃ ছন্দোনাম্নি চ' ■ গবি-ষ্ঠিরঃ (sticking to one's word), যুধিষ্ঠিরঃ (অলুক্ সমাস) 'গবি যুধিভ্যাং স্থিরঃ'

■ অম্বষ্ঠ প্রভৃতি ১৮টী শব্দে স্থা ধাতুর ষত্ব হয়, অম্বষ্ঠ, গোষ্ঠ ভূমিষ্ঠ পরমেষ্ঠিন্, কুষ্ঠ অঙ্গুষ্ঠ মঞ্জিষ্ঠ অম্বে তিষ্ঠতীতি অম্বষ্ঠঃ 'অম্বাহম্ব গো ভূমি সব্যাহপ দ্বি ত্রি কু শেকু শঙ্কঙ্গু মঞ্জি পুঞ্জি পরমে বর্হির্ দিব্য অগ্নিভ্যঃ স্থঃ'

■ সোষমং সাম ■ স সুষামা, নিষ্ষাম, সুষন্ধি দুঃষন্ধি, সুষ্ঠু দুষ্ঠু ইত্যাদি শব্দে ষত্ব হয় 'সুষামাদিষু চ' ■ হরিষেণঃ 'এতি সংজ্ঞায়াম্ অ-গাৎ' কিন্তু, বিষক্সেন।

■ তর তম তয় ত্ব তল্ তস্ ত্যপ্ এই ৭টী পরে থাকিলে, হ্রস্ব স্বরের পরবর্ত্তী সকারের

ষত্ব হয়। সর্পিষ্টর সর্পিষ্টম চতুষ্টয় সর্পিষ্ঠ, দীর্ঘায়ুষ্ঠ, 'কৃঘাৎ তাদৌ তদ্ধিতে' * নিষ্টপতি সুবর্ণং সুবর্ণকারঃ (সকৃৎ-অগ্নিং স্পর্শয়তি) নিস্তপতাব্, অনাসেবনে', পুনঃ পুনঃ অর্থে নিস্তপতি। ৩০২সূ।

ষত্ব নিষেধ—বিস্রব বিসর্জন দিবি স্পৃক্ নিস্পৃহ শব্দে ষত্ব হয় না

* গমনার্থক সিধ ধাতুর ষত্ব হয় না। গোপো গ্রাম্ অনুসেধতি। 'সেধতের্ গতৌ'।

■ প্রতিস্তব্ধ নিস্তব্ধ ও সোঢ় শব্দে ষত্ব হয় না 'প্রতিস্তব্ধ-নিস্তব্ধৌ চ' 'সোঢ়ঃ' নিসোঢ়ুম্, (ক্ত) বিসোঢ়ঃ (তৃচ্) বিসোঢ় কিন্তু, বিষেহে।

■ (সুনোতি) * নি-সোষ্যতি 'সুনোতেঃ ■ সনোঃ'

■ (সদ লিট্) বিষসাদ, (স্বঞ্জ) পরিষস্বজে, 'সদেঃ পরস্য লিটি'

'সাৎ' প্রত্যয়ের এবং পদাদি দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয় না যথা, ভূমি-সাৎ, ধূলি-সাৎ, অগ্নি-সাৎ দধিসেক, 'সাৎ-পদাদ্যোঃ' (২৩৮ চ সূ)

পদান্তে, দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয় না যথা, হরিঃ 'অ-পদান্তস্য' মূর্দ্ধন্যঃ'।

সন্ধি।

Collision of two Letters and the Result

(For special cases and prevention of collisions in পদান্ত, ১৪৭ সূ দেখ)। সম্+ধা+কি=সন্ধি। সম্+ধা+ক্ত=সংহিত, (সংহিতা বৃত্তি)।

দ্রষ্টব্য। যখন সূত্রে এক বর্ণ-সঙ্ঘের স্থানে, অন্য বর্ণ-সঙ্ঘের আদেশ (substitution) হয় বলিয়া বলা হয়, তখন বুঝিতে হইবে যে, তন্মধ্যে যে বর্ণটা যে বর্ণটার অত্যন্ত ঘনিষ্ঠ জাতি, সেই বর্ণটাই সেই বর্ণটার স্থানে (substitute) বসিবে 'স্থানেঽন্তরতমঃ' ২২, ২৯ (৪) সূত্র দেখ

২৫ দ্রুত উচ্চারণ কালে, দুই বর্ণের সংঘর্ষে, বিকৃত উচ্চারণের নাম সন্ধি। সুতরাং, পদের মধ্যে, সন্ধির অবকাশ থাকিলে, নিত্যই (compulsorily) সন্ধি করিতে হয়। ইহা বাগিন্দ্রিয়ের স্বাভাবিক কার্য্য। 'পরঃ সন্নিকর্ষঃ সংহিতা' (বা সন্ধি) 'দ্রুতোচ্চারণং সন্ধিঃ'।

সুতরাং 'অ-দ্রুতায়াম্ অসংহিতম্'।

সংহিতৈকপদে নিত্যা (compulsory), নিত্যা ধাতূপসর্গয়োঃ।
নিত্যা সমাসে ; বাক্যে তু, সা বিবক্ষাম্ অপেক্ষতে (optional)।

স্বর-সন্ধি বা অচ্-সন্ধি ।

দ্রষ্টব্য। (১) কোন কোন স্থলে দুটী স্বর মিলিয়া 'দীর্ঘ' হয়, (২) কোন কোন স্থলে দুটী স্বর মিলিয়া 'গুণ' হয়, (৩) কোন কোন স্থলে দুটী স্বর মিলিয়া 'বৃদ্ধি' হয়, (৪) কোন কোন স্থলে পূর্ব্ব স্বরটী 'অর্দ্ধস্বর' হয়, আবার (৫) কোন কোন স্থলে পূর্ব্ব গুণ বা বৃদ্ধি স্বর 'দেড়স্বরে' পরিণত হয়। 'গুণ' 'বৃদ্ধি' কৃৎ প্রকরণে দ্রষ্টব্য। যথা,

২৬। 'অকঃ সবর্ণে দীর্ঘঃ' পা. ৬।১।১০১।

(১) অবর্ণ + অবর্ণ = আ। যথা,

মত + অমত = মতামত, নর + আকৃতি = নরাকৃতি,
বিদ্যা + অর্ণব = বিদ্যার্ণব, (অর্ণব = সমুদ্র),
গদা + আঘাত = গদাঘাত।

ইবর্ণ + ইবর্ণ = ঈ। যথা, গিরি + ইন্দ্র = গিরীন্দ্র, পরি + ঈক্ষা = পরীক্ষা, দেবী + ইচ্ছা = দেবীচ্ছা, সতী + ঈশ = সতীশ।

উবর্ণ + উবর্ণ = ঊ। যথা, লঘু + ঊর্ম্মি = লঘূর্ম্মি, (ঊর্ম্মি = ঢেউ)।
কটু + উক্তি = কটূক্তি, ভূ + ঊর্দ্ধ = ভূর্দ্ধ,
(ভূ = পৃথিবী, ঊর্দ্ধ = উপরে)।

ঋবর্ণ + ঋবর্ণ = ঋৃ। যথা, পিতৃ + ঋণ = পিতৃণ, হোতৃ + ৯কার = হোতৃকার।

২৭। (২) অবর্ণ + ইবর্ণ = এ। যথা, 'আদ্‌গুণঃ' পা. ৬।১।৮৭। 'অদ্-এঙ্‌গুণঃ' পা ১।১।২

নর + ইন্দ্র = নরেন্দ্র, সুর + ঈশ = সুরেশ,
যথা + ইষ্ট = যথেষ্ট, মহা + ঈশ্বর = মহেশ্বর।

অবর্ণ + উবর্ণ = ও। যথা, নীল + উৎপল = নীলোৎপল, গৃহ + ঊর্দ্ধ = গৃহোর্দ্ধ, যথা + উচিত = যথোচিত, গঙ্গা + ঊর্ম্মি = গঙ্গোর্ম্মি।

অবর্ণ + ঋবর্ণ = অর্ (দেড়-স্বর)। যথা, দেব + ঋষি = দেবর্ষি, মহা + ঋষি = মহর্ষি। তব + ৯কার = তবল্কার।

২৮। (৩) অবর্ণ + এ = ঐ। যথা, 'বৃদ্ধি রেচি' পা. ৬ ১।৮৮ 'বৃদ্ধির্ আদ্-ঐচ্' পা ১ ১ ১

যথা, জন + এক = জনৈক। সদা + এব = সদৈব

অবর্ণ + ঐ = ঐ। মত + ঐক্য = মতৈক্য, মহা + ঐশ্বর্য্য = মহৈশ্বর্য্য।

অবর্ণ + ও = ঔ। যথা, সূপ + ওদন = সূপৌদন (সূপ = ঝোল, ওদন = ভাত), মহা + ওষধি = মহৌষধি।

অবর্ণ + ঔ = ঔ। যথা, মন্দ + ঔৎসুক্য = মন্দৌৎসুক্য, মহা + ঔষধ = মহৌষধ।

২৯। (৪) ইবর্ণ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, ইবর্ণ = য্ (অর্দ্ধ-স্বর)। 'ইকো যণ্ অচি' পা. ৬ ১ ৭৭ যথা,

আদি + অন্ত = আদ্যন্ত, দধি + আদি = দধ্যাদি, অতি + উত্তম = অত্যুত্তম, প্রতি + ঊহ = প্রত্যূহ (বিপদ্)। প্রতি + এক = প্রত্যেক, নদী + অম্বু = নদ্যম্বু, (অম্বু = জল)। নদী + ঋৎ = নদ্যৃৎ।

উবর্ণ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, উবর্ণ = ব্ (অর্দ্ধ-স্বর)। যথা,
সু + অল্প = স্বল্প, সু + আগত = স্বাগত।
তনু + ঈশ্বর = তন্বীশ্বর, বধূ + আচার = বধ্বাচার। বহু + ঋক্ = বহ্বৃক্

ঋবর্ণ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, ঋবর্ণ = র্ (অর্দ্ধ-স্বর)। যথা,
পিতৃ + অনুমতি = পিত্রনুমতি, পিতৃ + আলয় = পিত্রালয়। পিতৃ + উপদেশ = পিত্রুপদেশ।

ঌ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, ঌ = ল্ (অর্দ্ধ-স্বর)। যথা,
ঌ + আকৃতি = লাকৃতি।

৩০। (৫) স্বরবর্ণ পরে থাকিলে, এ = অয়্ (দেড়-স্বর)।
'এচোঽয়বায়াবঃ' পা. ৬ ১ ৭৮

যথা, নে + অন = নয়ন।

স্বরবর্ণ পরে থাকিলে, ও = অব্ (দেড়-স্বর)। যথা, পো + অন = পবন।

" " " ঐ = আয়্ (দেড়-স্বর)। যথা, নৈ + অক = নায়ক।

স্বরবর্ণ পরে থাকিলে, ঔ = আব্ (দেড়-স্বর) যথা, পৌ + অক = পাবক

দ্রষ্টব্য। উক্ত স্থলে, অচ্ পরে থাকিলে, এ = অয়্ কারণ, এ = অ + ই, এবং অ + (ই + অন) = অ + (য়্ + অন) = অয়ন এরূপ, ও = অব্; যথা, ও + অন = অ + (উ + অন) = অ + (ব্ + অন) = অবন।

ঐ = আয়্। কারণ, ঐ = আ + এ = আ + অ + ই; এবং, ঐ + অক = আ + অ + (ই + অক) = আ + ০ + য়ক = আয়ক

ব্যঞ্জন-সন্ধি বা হল্-সন্ধি

৩১ (১) কোন কোন স্থলে পর-ব্যঞ্জনটীর চাপে পড়িয়া, পূর্ব্ব ব্যঞ্জনটী পর-স্বাত্যন্তরিত হয়। (২) কোন কোন স্থলে, পূর্ব্ব ব্যঞ্জনটীর প্রভাবে, পর-ব্যঞ্জনটী পূর্ব্ব-স্বাত্যন্তরিত হয়। (কৃষ্+ত=কৃষ্ট)। (৩) কোন কোন স্থলে, উভয় ব্যঞ্জনই রূপান্তরিত হয় (শরৎ+শশী=শরচ্ছশী)। (৪) কোন কোন স্থলে, উভয়ের মধ্যে, একটী আগন্তুক বর্ণ আসিয়া বসে (বি+ছেদ=বিচ্ছেদ)।

(ক) চবর্গ পরে থাকিলে, স্=শ্, তবর্গ=চবর্গ।

(১) যথা, 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' পা ৮ ৪ ৪০

স্+চ=শ্চ যথা, নিস্+চয়=নিশ্চয়, নভস্+চর=নভশ্চর, উরস্+ছদ=উরশ্ছদ নিশ্চিন্ত।

স্+ছ=শ্ছ যথা, শিরস্+ছেদ=শিরশ্ছেদ, মেদস্+ছেদ=মেদশ্ছেদ।

ৎ+চ=চ্চ। যথা, সৎ+চরিত্র=সচ্চরিত্র, উৎ+চারণ=উচ্চারণ

ৎ+ছ=চ্ছ। যথা, বৃহৎ+ছিদ্র=বৃহচ্ছিদ্র, সৎ+ছাত্র=সচ্ছাত্র।

ৎ+জ=জ্জ যথা, উৎ+জ্বল=উজ্জ্বল, জগৎ+জীবন=জগজ্জীবন, যাবৎ+জীবন=যাবজ্জীবন সজ্জন।

ৎ+ঝ=জ্ঝ। যথা, বৃহৎ+ঝঞ্ঝা=বৃহজ্ঝঞ্ঝা।

দ্+চ=চ্চ যথা, শরদ্+চন্দ্র=শরচ্চন্দ্র।

দ্+ছ=চ্ছ। যথা, বিপদ্+ছিদ্র=বিপচ্ছিদ্র

দ্+জ=জ্জ। যথ, বিপদ্+জাল=বিপজ্জাল (জাল=সমূহ)।

দ্+ঝ=জ্ঝ যথা, তদ্+ঝকার=তজ্ঝকার।

(খ) টবর্গ পরে থাকিলে, স্=ষ্, তবর্গ=টবর্গ

'ষ্টুনা ষ্টুঃ' পা ৮।৪।৪১

স্+ট=ষ্ট যথা, ধনুস্+টঙ্কার=ধনুষ্টঙ্কার

স্+ঠ=ষ্ঠ যথা, অম্বস্+ঠকুর=অম্বষ্ঠকুর

ৎ+ট=ট্ট। যথা, মহৎ+টীকা=মহট্টীকা

ৎ+ড=ড্ড। যথা, উৎ+ডীন=উড্ডীন, বৃহৎ+ডিম্ব=বৃহড্ডিম্ব।

ৎ+ঢ=ড্ঢ। যথা, বৃহৎ+ঢক্কা=বৃহড্ঢক্কা।

দ্+ট=ট্ট। যথা, তদ্+টীকা=তট্টীকা।

দ্+ড=ড্ড। যথা, তদ্+ডমরু=তড্ডমরু।

দ্+ঢ=ড্ঢ। যথা, বিপদ্+ঢক্কা=বিপড্ঢক্কা

(২) ষ্+ত= উৎকৃষ্+ত=উৎকৃষ্ট, চতুষ্+তয়=চতুষ্টয়,
ষষ্+থ=ষষ্ঠ।

(৩) দ্+শ=চ্ছ। 'শরদ্+শশী=শরচ্ছশী 'শশ্ছোঽটি' পা ৮।৪।৬৩

ৎ+শ=চ্ছ। যথা, চলৎ+শক্তি=চলচ্ছক্তি, উচ্ছৃঙ্খল, উচ্ছ্বাস।

(৪) সম্+কার=সংস্কার, সম্+কৃত=সংস্কৃত, নৃত্যন্+চকোর=নৃত্যংশ্চকোর 'নশ্ছব্যপ্রশান্' পা ৮।৩।৭

৩২ পদান্তে, ঝল্=জশ্। 'ঝলাং জশোঽন্তে' পা ৮।২।৩৯

যথা, বাক্+ঈশ=বাগীশ, জগৎ+ঈশ=জগদীশ,

দিক্+ভ্রম=দিগ্‌ভ্রম, দিক্+অন্ত=দিগন্ত,

সৎ+গন্ধ=সদ্গন্ধ, অসৎ+উপায়=অসদুপায়,

তৎ+ভিন্ন=তদ্ভিন্ন, তৎ+দণ্ড=তদ্দণ্ড,

ষট্+আনন=ষড়ানন, জগৎ+বিখ্যাত=জগদ্বিখ্যাত, জগদ্বন্ধু

৩৩। খর্ পরে থাকিলে, ঝল্=চর্। ভিদ্+তৃচ্=ভেত্তা।

বি+পদ্+ক্তি=বিপত্তি, ভজ্+ক্তি=ভক্তি। 'খরি চ' পা ৮।৪।৫৪

বিপদ্+কাল=বিপৎকাল, সমিধ্+কুশ=সমিৎকুশ। বিপৎ-পাত।

৩৪। ঝশ্ পরে থাকিলে, ঝল্ = জশ্। যথা,

বুধ্ + থি = বুদ্ধি, লভ্ + থ = লব্ধ। 'ঝলাং জশ্ ঝশি' পা ৮।৪।৫৩

৩৫। তবর্গ + ল = ল্ল। 'তোর্লি' পা ৮ ৪.৬০

যথা, তৎ + লয় = তল্লয়, উৎ + লেখ = উল্লেখ, সম্পদ্ + লাভ = সম্পল্লাভ।

৩৬। অনুনাসিক পরে থাকিলে, যর্ = অনুনাসিক।

যথা, দিক্ + মণ্ডল = দিঙ্মণ্ডল, জগৎ + নাথ = জগন্নাথ।
ষট্ + নবতি = ষণ্ণবতি, অপ্ + ময় = অম্ময়। তৎ + ময় = তন্ময়।
মৃৎ + ময়ট্ = মৃন্ময় চলমোকা। পক্ষে, (৩২ সূত্র অনুসারে) জশ্ হয়।
'যরোঽনুনাসিকে ঽনুনাসিকো বা' পা ৮।৪।৪৫

৩৭। স্বরবর্ণের পর, ছ = চ্ছ। যথা,

পরি + ছেদ = পরিচ্ছেদ। বি + ছেদ = বিচ্ছেদ, পরি + ছদ = পরিচ্ছদ,
আ + ছাদন = আচ্ছাদন। বৃক্ষচ্ছায়া।

৩৮। হল্ পরে থাকিলে, পদান্ত ম্ = ং।

'মোঽনুস্বারঃ' পা ৮ ৩।২৩

যথা, সম্ + সৃ + ঘঞ্ = সংসার, প্রিয়ংবদ, বশংবদ, সংযম।

৩৯ যয়্ পরে থাকিলে, ং = পর-সবর্ণ। 'অনুস্বারস্য যয়ি পর-সবর্ণঃ' পা ৮।৪।৫৮

যথা, সং + তাপ = সন্তাপ, সং + গত = সঙ্গত।
দ্রষ্টব্য উৎ + স্থিত = উত্থিত। উৎ + স্থান = উত্থান।

বিসর্গ-সন্ধি।

৪০। পদান্তে, স্ = র্। 'স-সজুষো রুঃ' পা ৮।২।৬৬

যথা, ধনুস্ + বাণ = ধনুর্বাণ, নিস্ + গুণ = নির্গুণ।

দ্রষ্টব্য। ধাতুস্থিত এই র্, পদান্তে থাকিলে, অথবা ব্যঞ্জন বর্ণের পূর্ব্বে থাকিলে, এই র্ এর পুর্ব্ববর্ত্তী ইক্ দীর্ঘ হয়। যথা, আশীর্ব্বাদ, বিস্তীর্ণ, উত্তীর্ণ, মুর্ত্তি, ধূর্ত্ত, কীর্ত্তি, পুর্ণ, মুর্চ্ছা।

গৄ + ক্বিপ্ = গীঃ। 'র্ব্বোরুপধায়া দীর্ঘ ইকঃ' পা ৮।২।৭৬

স্তৄ বিস্তীর্ণ। 'হলি চ' পা ৮ ২।৭৭

মুর্চ্ছা 'উপধায়াঞ্চ' পা ৮।২।৭৮

খর্ পরে থাকিলে, এই র্ = ঃ। যথা, তপস্ + প্রভাব = তপঃপ্রভাব, অতঃপর, ইতঃপুর্ব্বে। শিরস্ + কম্প = শিরঃকম্প।

বাক্যের শেষে, র্ = ঃ। যথা, নিস্তেজঃ। 'খর্-অবসানয়ো র্বিসর্জ্জনীয়ঃ পা ৮।৩।১৫

৪১। ঃ + চ = শ্চ। যথা, পুনঃ + চ = পুনশ্চ, দুঃ + চরিত্র = দুশ্চরিত্র, নভঃ + চর = নভশ্চর। 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' পা ৮ ৪ ৪০

ঃ + ছ = শ্ছ। যথা, শিরঃ + ছেদ = শিরশ্ছেদ, উরঃ + ছদ = উরশ্ছদ।

ঃ + ট = ষ্ট যথা, ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার। 'ষ্টুনা ষ্টুঃ' পা ৮ ৪ ৪১

ঃ + ঠ = ষ্ঠ। যথ, অয়ঃ + ঠক্কুর = অয়ষ্ঠক্কুর।

ঃ + ত = স্ত। যথা, ইতঃ + ততঃ = ইতস্ততঃ, নিঃ + তেজঃ = নিস্তেজঃ, মনঃ + তাপ = মনস্তাপ।

৪২। অঃ + অ = ও। 'অতো রোর্, অ-প্লুতাদ্ অপ্লুতে। "ঃ = উ" পা ৬ ১।১১৩।

যথা, বয়ঃ + অধিক = বয়োঽধিক, ততঃ + অধিক = ততোঽধিক, শিরঃ + অস্থি = শিরোঽস্থি। কারণ, অঃ + অ = অ + উ + অ = ও + অ = ও + ০ = ও 'এঙঃ পদান্তাদ্ অতি' পা ৬।১ ১০৯

৪৩। হশ্ পরে থাকিলে, অঃ = ও। যথা,

মনঃ + রম = মনোরম। মনঃ + নীত = মনোনীত,
মনঃ + যোগ = মনোযোগ। মনঃ + হর = মনোহর,
সরঃ + বর = সরোবর, তপঃ + ধন = তপোধন,
যশঃ + লাভ = যশোলাভ, নভঃ + মণ্ডল = নভোমণ্ডল।
'হশি চ' পা ৬ ৬ ১১৪, কারণ, এখানে অঃ = অ + উ = ও।
৪৪। ঢ্ + ঢ = ঢ। যথা, মুঢ্ + ঢ = মূঢ় (মুহ + ক্ত),
'ঢো ঢে লোপঃ' পা ৮ ৩।১৩
র্ + র = র 'রো রি' পা ৮।৩।১৪ যথা,
নির্ + রস = নীরস, নির্ + রব = নীরব, নির্ + রোগ = নীরোগ।
দ্রষ্টব্য। ঢ্ বা র্ লোপ হইলে, তৎপূর্ব্ববর্ত্তী অণ্ দীর্ঘ হয়।
'ঢ্রলোপে পূর্ব্বস্য দীর্ঘোঽণঃ' পা ৬ ৩।১১১

নাম-নিরুক্ত।

ধাতুপাঠ

৪৫। নামের ক্ষুদ্রতম অংশকে ধাতু কহে ধাতুর সহিত কৃৎপ্রত্যয়ের যোগে, ছোট ছোট নামের উৎপত্তি হয়।

ভাষায় অসংখ্য নাম আছে। কিন্তু, ধাতুর সংখ্যা অল্প। কোনও ধাতুর অর্থ জানা থাকিলে, সেই ধাতু হইতে উৎপন্ন বহু শব্দের অর্থ অনায়াসে জানা যায়। এই জন্য, প্রচলিত কয়েকটী ধাতুর অর্থ নিম্নে দেওয়া হইল। যথা,

ধাতু অর্থ	ধাতু অর্থ	ধাতু অর্থ
ভূ—হওয়া	রক্ষ্—রক্ষা	নী—লওয়া
ক্ষি—ক্ষয় করা	শুভ্—শোভা	পা—পান করা
পঠ্—পাঠ ,,	বৃৎ—থাকা	সৃ—সরিয়া যাওয়া
ক্রীড়্—ক্রীড়া ,,	বৃধ্—বৃদ্ধি	সূ—প্রসব
কম্প্—কম্পন ,,	স্মৃ—স্মরণ	শ্রু—শ্রবণ
লপ্—আলাপ ,,	চল্—চলন	লভ্—লাভ
সেব্—সেবা ,,	বুধ্—বুদ্ধি	নম্—প্রণাম
জি—জয় ,,	লষ্—অভিলাষ	গম্—গমন
জীব্—জীবন	শ্রি—আশ্রয়	তপ্—তাপ
শিক্ষ্—শিক্ষা	ভৃ—ভরণ	ত্যজ্—ত্যাগ
ঈক্ষ্—পরীক্ষা	হৃ—হরণ	দৃশ্—দর্শন
গ্রস্—গ্রাস	ধৃ—ধরণ	কৃষ্—আকর্ষণ
দহ্—দাহ	দীপ্—দীপ্তি	দৃ—আদর
রু—রব	যুধ্—যুদ্ধ	বিশ্—প্রবেশ
স্তু—স্তুতি	ক্রুধ্—ক্রোধ	লুপ্—লোপ
স্না—স্নান	শুধ্—শুদ্ধি	যুজ্—যোগ
পা—পালন	নশ্—নাশ	পৃচ্—সম্পর্ক
বিদ্—জানা	হৃষ্—হর্ষ	কৃ—করণ
রুদ্—রোদন	লুভ্—লোভ	ক্রী—ক্রয় করা

ধাতু অর্থ	ধাতু অর্থ	ধাতু অর্থ
হু—হোম করা	চি—চয়ন	জ্ঞা—জানা
ভী—ভয়	বৃ—বরণ	পুষ্—পোষণ
ভৃ—ভরণ	দিশ্—বলা	চিন্তি—চিন্তা
ঘ্রা—ঘ্রাণ	ক্ষিপ্—নিক্ষেপ	ভক্ষি—ভক্ষণ
প্রী—প্রীতি	মৃ—মরণ	দণ্ডি—দণ্ড করা

প্রকৃতি-প্রত্যয়।

class) (নৃষু বা) ক্ষত্রিয়ঃ (part) শূরতমঃ, ইন্দ্রো দেবানাং (দেবেষু বা) শ্রেষ্ঠঃ

২১২ । কৃদন্ত-ক্রিয়ার কর্ত্তায় ও কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়, যুগপৎ উভয়ের প্রাপ্তি স্থলে কেবল কর্ম্মেই ষষ্ঠী হয়, কর্ত্তায় (অনুক্ত-কর্ত্তরি) তৃতীয় বিভক্তি হয় 'কর্তৃকর্ম্মণোঃ কৃতি' 'উভয় প্রাপ্তৌ কর্ম্মণি' কর্ত্তরি—মম পিপাসা, তব বুভুক্ষা, শিশোঃ শয়নম্ কর্ম্মণি—কটস্য কর্ত্তা, ওদনস্য পাকঃ, অন্নস্য পাচকঃ, দুগ্ধস্য পানম্ গৌণ-কর্ম্মে বিকল্পে হয়, অশ্বস্য গ্রামস্য (গ্রামং বা) নেতা উভয়প্রাপ্তৌ—আশ্চর্য্যো গবাং দোহোঽগোপেন, বানরৈঃ সমুদ্রস্য বন্ধঃ, শিশুনা পয়সঃ পানম্ কিন্তু, পাণিনিনা (পাণিনে র্বা) সূত্রস্য কৃতি র্বিচিত্রা, গুরুণা (গুরো র্বা) শিষ্যস্য প্রশংসা সর্ব্বত্র বিভাষা ইতি কেচিৎ—মম (ময়া ব) চন্দ্রস্য দিদৃক্ষা

ক কৃত্য-প্রত্যয়ান্ত ক্রিয়ার কর্ত্তায়, বিকল্পে, ষষ্ঠী ও তৃতীয়া হয় 'কৃত্যানাং কর্ত্তরি বা' শাস্ত্রং তে (ত্বয়া বা) পঠনীয়ম্, ত্বয় মম চ কৃষ্ণোঽর্চ্চ্যঃ

খ বর্ত্তমান-কালে বিহিত ক্ত-প্রত্যয়ান্ত ক্রিয়ার, কর্ত্তায় ষষ্ঠী হয় 'ক্তস্য চ বর্ত্তমানে' ['মতি বুদ্ধি পূজার্থেভ্যশ্চ' বর্ত্তমানে ক্তঃ] রাজ্ঞাং মতঃ (রাজভি র্মন্যতে), সতাম্ অর্চ্চিতঃ (সদ্ভির্ অর্চ্চ্যতে)

গ নিম্নলিখিত কৃৎপ্রত্যয়ান্ত ক্রিয়ার কর্ত্তায় ও কর্ম্মে ষষ্ঠী হয় না, যথাক্রমে তৃতীয় ও দ্বিতীয়াই হয় 'ন লোকাঽব্যয়নিষ্ঠা খলর্থতৃনাম্' (ন ল, উ, উক, অব্যয় ইতি সন্ধি বিয়োগঃ) 'লটঃ শতৃ-শানচৌ'—গৃহং গচ্ছন্, জলং পিবন্, অন্নং ভুঞ্জানঃ 'লৃটঃ সদ্বা' স্যতৃ স্যমান—গ্রামং গমিষ্যন্, দেবং সেবিষ্যমাণঃ 'লিটঃ ক্বসুঃ' কানচ্ বা—পাণিনিম্ উপসেদিবান্, শাস্ত্রং শুশ্রুবাণঃ উ—গ্রামং জিগমিষুঃ, শত্রুং জিষ্ণুঃ, ('ইষ্ণু র্বা') কন্যাম্ অলংকরিষ্ণুঃ ণমুল্—বাক্যং শ্রাবং শ্রাবম্ শোচতি ল্যপ্—মুনিত্রয়ং নমস্কৃত্য। তুমুন্—অন্নং ভোক্তুম্ উক—দৈত্যান্ ঘাতুকো হরিঃ।

'ক্তক্তবতু নিষ্ঠা'—তেন জলং পীতম্, অহম্ ইদং কৃতবান্। খলর্থ—পাপিন দুষ্করে ধর্ম্মঃ, ত্বয় দুঃশাসনে রিপুঃ তৃন্—(প্রত্যাহার) শিবঃ মোক্ষং দাতা শানন্—সোমং পবমানঃ

ঘ। বক্ষ্যমাণ শেষে ষষ্ঠীগুলির সমাস হয় ন—

'উক্তং প্রতিপদং ষষ্ঠী সমাসস্ত নিবৃত্তয়ে'।

(i) অধ্যয়নার্থক ধাতুর, দয় ও ঈশ ধাতুর কর্ম্মে—'অধীগর্থ দয়েশাং কর্ম্মণি' মাতুঃ স্মরণং, মাতুঃ স্মরতি, শত্রূর্ভক্তস্য দয়তে, সর্পিষ ঈষ্টে (যথেষ্টং নিযুঙ্‌ক্তে)। ভাব বাচ্যে—মাতুঃ স্মর্য্যতে, মাতুঃ স্মৃতম্—কর্ম্ম-বিবক্ষায়াং দ্বিতীয়ৈব স্যাৎ—যথা, মাতরং স্মরতি

(ii) হিংসার্থক জাসি প্রভৃতি ধাতুর কর্ম্মে 'জাসি নি-প্র হণ-নাট-ক্রাথ পিষাং হিংসায়াম্' দৌবারিকঃ চৌরস্য প্রণিহন্তি (নিহন্তি, প্রহন্তি, নিপ্রহন্তি বা)।

২১৩ অধিকরণ অর্থে সপ্তমী বিভক্তি হয় 'সপ্তম্যধিকরণে চ'

ক্রিয়ার আধারকে অধিকরণ কহে 'আধারোঽধিকরণম্' অধিকরণ চতুর্ব্বিধ—(১) একদেশে—(in one part) গৃহে তিষ্ঠতি, বনে সিংহঃ প্রতিবসতি (২) সামীপ্যে—(near) গঙ্গায়াং ঘোষঃ (আভীর-পল্লী) (৩) ব্যাপ্তৌ—(pervading) তিলেষু তৈলম্ অস্তি (৪) বিষয়ে—(in respect of) ধর্ম্মে বেদাঃ প্রমাণম্, মোক্ষে ইচ্ছা অস্তি, গুরৌ বাসঃ

ক। ভাবে—(১) 'যস্য চ ভাবেন ভাব লক্ষণম্' ঋষেষু আসীনেষু, দরিদ্র ভুঞ্জতে, চন্দ্রে উদিতে সতি গোবিন্দো রেমে ভাব অর্থাৎ ক্রিয়

(২) অনাদরে, বিকল্পে 'ষষ্ঠী চানাদরে' অপত্যে রুদতি, মাতুশ্চ রুদত্যাঃ, গোপ্যাঃ শ্রীকৃষ্ণম্ অগুঃ

খ 'ক্তস্যেন্ বিষয়স্য কর্ম্মণি' ব্যাকরণে অধীতী।

গ 'নিমিত্তাৎ কর্ম্মযোগে' চর্ম্মণি দ্বীপিনং হন্তি, দন্তয়োর্হন্তি
কুঞ্জরম্ কেশেষু চমরীং হন্তি, সীম্নি পুষ্কলকো (deer) হতঃ

অধীয়ানেষু বালেষু, কা নাম তব শায়িকা (sleeping) ?
তীর্থং গচ্ছৎসু সর্ব্বেষু, কা নাম তব আসিকা (sitting idle) ?

সমাস প্রকরণ (৯, ১০ সূত্র দেখ)

২১৪ সমসনং (সংক্ষেপণং) সমাসঃ—
সংহিতৈকপদে নিত্যা, নিত্যা ধাতূপসর্গয়োঃ
সমাসে চৈব সা নিত্যা, বাক্যে সা স্যাদ্ বিবক্ষয়া

ক সন্ধি ও সমাস—দুই বর্ণের মিলনের নাম সন্ধি, উহা পরস্পর-নিরপেক্ষ দুই বর্ণের মধ্যেও হইতে পারে—যথা 'তিষ্ঠতু দধি অশান ত্বং শাকেন' (অর্থাৎ দধি থাক্, তুমি শাক দিয়ে খাও) এস্থলে, 'দধ্যশান' সন্ধি হইতে পারে কিন্তু, সাধারণতঃ, দুটী সাকাঙ্ক্ষ সুবন্ত পদের সংক্ষেপে একপদ হওয়াকে সমাস কহে যথা 'রাজ্ঞঃ পুরুষঃ' 'রাজ-পুরুষঃ' 'সুপো ধাতু প্রাতিপদিকয়োঃ' অর্থাৎ, নামের, নামধাতুর ও সমাসের মধ্যবর্ত্তী সুপ্ এর লোপ হয় উদ্দেশ্য ও বিধেয় পদের সমাস হয় না

খ সুপ্ সুপেতি সমাস—পূর্ব্ববর্ত্তী সূত্র হইতে 'সুপ্' শব্দটীর অনুবর্ত্তন করিয়া পরবর্ত্তী 'সহ সুপা'র সহিত যোগ করিলে 'সুপ্ সুপেতি' এই বাক্যবলে সুবন্ত পদের সহিত সুবন্ত পদের সমাস হইয়া থাকে এবং, যে সমাস অব্যয়ীভাব, তৎপুরুষ, দ্বন্দ্ব প্রভৃতি বিশেষ নামে পরিচিত হইতে পারে না, তাহাকে সামান্য ভাবে 'সুপ্ সুপেতি সমাস' বলা হয় যেমন, নঞ্ তৎপুরুষের বিধান আছে কিন্তু, নঞের অর্থ বিশিষ্ট 'ন' শব্দটীর সমাসের কোন বিশেষ বিধান নাই, সুতরাং 'ন' 'অতি শীতোষ্ণঃ' এই দুইটী পদের সমাসকে 'নঞ্-অর্থস্য ন-শব্দস্য সুপ্ সুপেতি সমাসঃ' বলে এইরূপ, 'পূর্ব্বং ভূতঃ ভূতপূর্ব্বঃ' 'বিস্পষ্টং পটুঃ বিস্পষ্টপটুঃ' 'নিতান্তং ক্ষামঃ নিতান্ত-ক্ষামঃ' স্থলে 'সুপ্ সুপেতি সমাস' হইয়া থাকে।

গ। সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ যথা, রামস্য নাম-মহিম, কৃষ্ণম্ আশ্রিত মনাঃ, বাণেন ভিন্নহৃদয়ঃ, বিপ্রায় দত্তভূমিঃ, ব্যাঘ্রাৎ লব্ধভয়ঃ ইত্যাদি স্থলে রামাদি-পদ নাম প্রভৃতি পদের সাকাঙ্ক্ষ হইলেও, অর্থের গমকত্বাৎ (অর্থাৎ বোধকত্বাৎ) সমাস হইবে।

ঘ সমাসে পূর্ব্বপদত্বের সাধারণ নিয়ম—

উপসর্জনম্ উপসর্গঃ উপসর্গ যেমন ধাতুর পূর্ব্বে বসে, তেমন 'উপসর্জন'ও সমাসের পূর্ব্বাবয়ব হয়। সমাসের সূত্রে, যে সমুদয় পদ প্রথমা-দ্বারা নির্দ্দিষ্ট হইয়াছে তাহাদিগকে উপসর্জন কহে 'উপসর্জনং পূর্ব্বম্' 'প্রথমা নির্দ্দিষ্টং সমাস উপসর্জনম্' (অব্যয়ীভাব হইতে বহুব্রীহি পর্য্যন্ত সূত্রগুলি দেখ) কিন্তু, 'দন্তানাং রাজা' রাজদন্ত প্রভৃতি সমাসে, ষষ্ঠ্যন্তই পরে বসে 'রাজদন্তাদিষু পরম্' 'ময়ূরব্যংসকাদয়শ্চ' (২২১ স্ক সূ) ঋণে উত্তমঃ উত্তমর্ণঃ (creditor), অধমর্ণ (debtor), শ্বঃ (ভাবি দিনং to-morrow) তস্মাৎ পরং পরশ্বঃ। অপাম্ অন্তঃ অন্তরীপম্ ২২৮ ও ২৩১ সূত্র দ্রষ্টব্য) উপসর্জন যথা, 'অব্যয়ং বিভক্তি—সমীপ… অভাব…যথা…সাকল্যাঽন্ত-বচনেষু' এই সূত্রে 'অব্যয়ং' দ্বারা নির্দ্দিষ্ট পদটী অব্যয়ীভাব সমাসে পূর্ব্বপদ হয়, 'দিনে দিনে' ইতি প্রতিদিনম্

২১৫। অব্যয়ীভাবঃ 'পূর্ব্বপদার্থ প্রধানঃ' (the 1st word is principal) (i) নিত্য (eterna) সমাস—দ্বিবিধ (১) অ-বিগ্রহ যথা, কৃষ্ণ-সর্পঃ (a name) (২) অ-স্বপদ বিগ্রহঃ (২২১ স্ক সূ) যথা,

(ক) বিভক্ত্যর্থে, মালিনীতীরে এই অর্থে—অনুমালিনীতীরম্

(খ) সামীপ্যার্থে, কণ্ঠস্য সমীপে ইতি উপকণ্ঠম্।

(গ) অভাবার্থে, ভিক্ষায় অভাবঃ দুর্ভিক্ষম্

(ঘ) যথার্থে বা অনতিক্রমার্থে, শক্তিম্ অনতিক্রম্য ইতি যথাশক্তি।

(ii) বৈকল্পিক বা স্বপদ-বিগ্রহ 'আঙ্ মর্য্যাদাঽভিবিধ্যোঃ'

(ক) মর্য্যাদ ও অভিবিধি অর্থে আঙ্—'তেন বিনা মর্য্যাদা স্যাৎ,

অভিবিধিশ্চ তৎ-সহ' অভিবিধি—আ সমুদ্রাদ্ ইতি 'আ-সমুদ্রং লিপ্ততেব্ যশঃ' মর্য্যাদা—অ সমুদ্রাদ্ ইতি 'অ সমুদ্রং রথে গতঃ' উপসর্জনের অন্যতর অর্থ বিশেষণ আঙ্ ২৪৯ পৃঃ দেখ

(খ) বিশেষণীভূত গো ও স্ত্রী শব্দ হ্রস্ব হয় 'গো-স্ত্রিয়োর্ উপসর্জনস্য' 'তিষ্ঠদগু প্রভৃতীনি চ'—তিষ্ঠন্তি গাবঃ (দোহনার্থং) যস্মিন্ কালে, স তিষ্ঠদ্গু কালঃ আতিষ্ঠদ্গু জপন্ সন্ধ্যাম্ দক্ষিণস্থ্য যৎ প্রকৃষ্টত্বং, তৎ প্রদক্ষিণম্ এইরূপ, প্রত্যক্ষম্ সমক্ষম্, 'ইচ্ কর্ম্মব্যতীহারে' কেশাকেশি, হস্তাহস্তি, দণ্ডাদণ্ডি ২৩০ব সূ দেখ

দ্রষ্টব্য অব্যয়ীভাব সমাস অব্যয় ও ক্লীবলিঙ্গ বটে,'অব্যয়ীভাবশ্চ'

২১৬ অব্যয়ীভাবের (symplifying)—সমাসান্ত প্রত্যয়—

Or, Phonetic changes in the terminals of অব্যয়ীভাব compounds.

ক শরৎ প্রভৃতি শব্দের পরে টচ্—'অব্যয়ীভাবে শরৎ-প্রভৃতিভ্যঃ' শরদঃ সমীপে ইতি উপশরদম্ 'প্রতি পর-সমঃ অনুভ্যোঽক্ষ্ণঃ' (টচ্) অক্ষোঃ আভিমুখ্যম্ প্রত্যক্ষম্, অক্ষঃ পরি (অক্ষি বর্জয়িত্ব) পরোক্ষম্ (ওকার নিপাতনে) অক্ষোঃ সামীপ্যং সমক্ষম্ (অন্বক্ষং বা), প্রত্যক্ষঃ পরোক্ষ 'অর্শ আদিত্ব ৎ অচ্' অথবা, ইন্দ্রিয় বাচক (ক্লীং) 'অক্ষ' শব্দ-নিষ্পন্ন প্রাদি-সমাস জর-সমীপবর্ত্তি বয়ঃ উপজরসম্

খ অন্‌ভাগান্ত সমাসের পর টচ্ হয়, ক্লীবলিঙ্গ শব্দের বিকল্পে হয় 'অনশ্চ' 'নপুংসকাদ্ অন্যতরস্যাম্', পুং—আত্মানম্ অধিকৃত্য অধ্যাত্মম্, দশানাং সমীপে যে সন্তি, তে উপদশম্ ক্লীং—চর্ম্মণঃ সমীপে উপচর্ম্মম্, উপচর্ম্ম অহ্নি অহ্নি প্রত্যহম্, প্রত্যহঃ

গ গিরি শব্দের পর টচ্ হয়, বিকল্পে গিরেঃ সমীপে, অনুগিরং তমালঃ, অনুগিরি ব

ঘ। Simplification of (i) pronouns ইদম্ and এতদ into এন

	পুংলিঙ্গ			স্ত্রীলিঙ্গ		
	একবচন	দ্বিবচন	বহুবচন	একবচন	দ্বিবচন	বহুবচন
দ্বিতীয়া	এনম্	এনৌ	এনান্	এনাম্	এনে	এনাঃ
তৃতীয়	এনেন	—	—	এনয়া	—	—
ষষ্ঠী ও সপ্তমী	—	এনয়োঃ	—	—	এনয়োঃ	—

ক্লীবে—দ্বিতীয় এনৎ এনে এনানি টা বিভক্তিতে 'এনেন' এবং ওস্ বিভক্তিতে 'এনয়োঃ 'দ্বিতীয়া টৌঃ স্ব্ এনঃ' ১০১ পৃঃ দেখ

(ii) ঙি বিভক্তিতে অহ্ন শব্দ অহন্ হয় বিকল্পে সংখ্য প্রভৃতি শব্দ পূর্ব্বে থাকিলে, 'সংখ্যা বি-সায় পূর্ব্বস্যা-হ্নস্যাঽহন্ অন্য তরস্যাং ঙৌ' দ্ব্যহ্নে দ্ব্যহ্নি দ্ব্যহনি, সায়াহ্নে সায়াহ্নি সায়াহনি

দ্রষ্টব্য যোগবিভাগাদ্ ইষ্টসিদ্ধিঃ (অভীষ্ট শব্দ সাধনম্) যোগ বিভাগাদ্ এক-সূত্রস্থ-পদস্য (পদান্তরেণ অন্বয়ং বিচ্ছিদ্য) পরবর্ত্তি-সূত্রস্থ পদেন অন্বয়ং কৃত্বা, পৃথক্ সূত্র করণেন 'শিষ্ট শব্দঃ' সাধ্যতে তেন, অন্নং বুভুক্ষুঃ বা অন্ন বুভুক্ষুঃ ইত্যাদি ২১৪থ সূ দেখ

২১৭ তৎপুরুষঃ 'উত্তর-পদার্থ প্রধানঃ the 2nd word is principal যথা,—[প্রথমা তৎপুরুষ—কর্ম্মধারয় দেখ।]

(ক) (i) দ্বিতীয়ান্ত পদ, শ্রিত প্রভৃতি পদের সঙ্গে 'দ্বিতীয়া শ্রিতাঽতীত পতিত গতাঽত্যস্ত প্রাপ্তাপন্নৈঃ কৃষ্ণম্ আশ্রিতঃ ব কৃষ্ণাশ্রিতঃ, দুঃখম্ অতীতঃ বা দুঃখাতীতঃ। সমাসের মধ্যবর্ত্তী সুপ বিভক্তির লোপ হয় 'সুপো ধাতু-প্রাতিপদিকয়োঃ'।

(ii) 'অত্যন্ত সংযোগে চ' বর্ষং ভোগ্যঃ বা বর্ষভোগ্যঃ, মুহূর্ত্তং (ব্যাপ্য) সুখং বা মুহূর্ত্ত-সুখম্, চিরম্ উষিতং বা চিরোষিতম্, মাসং (ব্যাপ্য) কল্যাণী বা মাসকল্যাণী

(খ) তৃতীয়ান্ত পদ (i) তজ্জনিত বিশেষ্য পদের এবং অর্থ শব্দের সহিত, 'তৃতীয়া তৎকৃতার্থেন গুণবচনেন' প্রমাদেন (জাতঃ) মূর্খঃ ব প্রমাদমূর্খঃ, শলাকয় (হেতুনা) কাণঃ শলাক-কাণঃ অর্থ—ধান্যেন অর্থঃ ধান্যার্থঃ ভয়-বিহ্বলঃ, স্নেহার্দ্রঃ, বিরহ-দুর্ব্বলঃ

(ii) পূর্ব্ব সদৃশ প্রভৃতি শব্দযোগে, 'পূর্ব্ব-সদৃশ-সমোনার্থ-কলহ-নিপুণ-মিশ্র-শ্লক্ষ্ণৈঃ' মাসেন পূর্ব্বঃ ব মাসপূর্ব্বঃ, পিত্রা সদৃশঃ বা পিতৃ-সদৃশঃ, একেন ঊন ব একোন বিংশতিঃ, ভাগ্যেন হীনঃ বা ভাগ্যহীনঃ

(iii) কর্ত্তা ও করণ, কৃদন্ত ক্রিয়ার সঙ্গে 'কর্ত্তৃ-করণে কৃতা বহুলম্' সর্পেণ দষ্টঃ বা সর্পদষ্টঃ, চক্রেণ ছিন্নঃ বা চক্রচ্ছিন্নঃ

(গ) চতুর্থী বিভক্ত্যন্ত পদ (i) তদীয় উপাদানকারণ বাচকের সঙ্গে, কুণ্ডলায় হিরণ্যং বা কুণ্ডলহিরণ্যম্ (এস্থলে, প্রকৃতি-বিকৃতি ভাব থাকা চাই) (ii) অর্থশব্দের সঙ্গে, যথা, বিপ্রায় অয়ং ব বিপ্রার্থঃ সূপঃ, বিপ্রায় ইয়ম্ ব বিপ্রার্থা শাটী, বিপ্রায় ইদম্ ব বিপ্রার্থং পয়ঃ (ইহার নিত্যসমাস) (iii) বলি প্রভৃতি শব্দের সহিত, গবে হিতং ব গোহিতম্ 'চতুর্থী তদর্থার্থ বলি হিত সুখ রক্ষিতৈঃ' (ইহা হিত-শব্দযোগে চতুর্থী বিধানের জ্ঞাপক সূত্র) ২০৪ গ ও বক্ষ্যমাণ ৬ সূ দেখ

(ঘ) পঞ্চম্যন্ত পদ (i) ভয়বাচক শব্দের সঙ্গে 'পঞ্চমী. ভয়েন'. ব্যাঘ্রাদ্ ভয়ম্ ব্যাঘ্রভয়ম্, এরূপ ব্যাঘ্রভীতি 'পঞ্চমী' একটী পৃথক্ সূত্র করিয়া, 'ভয়েন' ইহার সঙ্গে যোগবিভাগাৎ, গ্রাম-নির্গতঃ, বৃক্ষচ্যুতঃ বেদবহির্ভূতঃ ইত্যাদি সমাস হয় (ii) অপেত অপোঢ় প্রভৃতি শব্দের সঙ্গে 'অপেতাপোঢ়মুক্ত পতিত-হ পত্রস্তৈর অল্পশঃ' ঋণাৎ মুক্তঃ ঋণমুক্তঃ, স্বর্গাৎ পতিতঃ স্বর্গপতিতঃ (iii) স্তোক-প্রভৃতিশব্দ ক্ত-প্রত্যয়ান্ত পদের সহিত, অলুক্ সমাস স্তোকান্মুক্তঃ, কৃচ্ছ্রাদ্-আগতঃ 'স্তোকান্তিক-দূরার্থ কৃচ্ছ্রাণি ক্তেন' যোগবিভাগ ১২৬ সূ দেখ

ঙ ষষ্ঠ্যন্ত (অঙ্গী) বাচক পদ সাকাঙ্ক্ষ (অঙ্গবাচক) পদের সঙ্গে, 'ষষ্ঠী' মহতো বাহুঃ মহদ্‌-বাহুঃ, গঙ্গায় জলম্ গঙ্গাজলম্, গুণিনাং গণঃ গুণিগণঃ (১০ সূ.), তস্য উপরি তদুপরি, সর্ব্বস্য পশ্চাৎ সর্ব্বপশ্চাৎ, তস্য কৃতে তৎকৃতে, অগ্নিশিখা, পিতৃগৃহম্, রাজভবনম্। অশ্বস্য ঘাসঃ অশ্বঘাসঃ তাদর্থ্যে ষষ্ঠীসমাস 'কৃদ্‌যোগা চ ষষ্ঠী সমস্যতে' বায়ুবেগঃ, আজ্ঞাপালনম্, মধুবচনম্, অর্থনাশঃ, জলপ্রবাহঃ, পয়ঃপানম্, কন্যাদানম্ 'সর্ব্বনাম্নো বৃত্তিমাত্রে পুংবদ্ ভাবঃ' সর্ব্বাসাং প্রিয়ঃ সর্ব্বপ্রিয়ঃ। ন মানিনীশং সহতেঽন্য সঙ্গমম্ তস্য মুখং তন্মুখম্

চ সপ্তম্যন্ত পদ শৌণ্ড (বীর) প্রভৃতি শব্দের সঙ্গে 'সপ্তমী শৌণ্ডৈঃ' অক্ষেষু শৌণ্ডঃ (মত্তঃ) অক্ষশৌণ্ডঃ, রণপণ্ডিতঃ, কার্য্যনিপুণঃ, কর্ম্মকুশলঃ ব্রাহ্মণেষু অধি ব্রাহ্মণাধীনঃ যোগবিভাগাদ্ জন্মনি কৃতম্ জন্মকৃতম্, পুরুষেষু উত্তমঃ পুরুষোত্তমঃ ২১৬ সূ

ছ পাত্রে-সমিত প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ 'পাত্রেসমিতাদয়শ্চ' পাত্রে সমিতঃ (শুধু খাবার বেল উপস্থিত), গেহে-বিজিতী, গেহে-নর্দ্দী, গেহে-প্রগল্‌ভঃ

২১৮ একদেশি সমাস—

(ক) পূর্ব্ব অপর (part) প্রভৃতি শব্দ একদেশী (whole)র সঙ্গে, কায়স্য পূর্ব্বং পূর্ব্বকায়ঃ (forepart of the body) 'পূর্ব্বাহ্নপরাধরোত্তরম্ একদেশিনৈকাধিকরণে' 'পরবল্লিঙ্গং দ্বন্দ্ব-তৎপুরুষয়োঃ'।

(খ) (Exact half বাচক) ক্লীবলিঙ্গ অর্দ্ধ শব্দ, একদেশীর সঙ্গে, আসনস্য অর্দ্ধম্ অর্দ্ধাসনম্ কিন্তু আসনস্য অর্দ্ধঃ আসনার্দ্ধঃ

২১৯ ষষ্ঠীর সমাস হয় না—'ন নির্দ্ধারণে' অশ্বগানাং মধ্যে ধাবন্তঃ শীঘ্রতমাঃ ছাত্রাণাং পঞ্চমঃ

(ক) 'মতি-বুদ্ধি-পূজার্থেভ্যশ্চ' সূত্র নিষ্পন্ন বর্তমানে ক্ত প্রত্যয়ান্ত শব্দের সঙ্গে ষষ্ঠী সমাস হয় না 'ক্তেন চ পূজায়াম্' নরাণাং পূজিতঃ, রাজ্ঞাং মতম্, সতাং মতঃ (প্রশংসিতঃ), বিদুষাং মতম্

অলুক্ সমাস

২২০ সমাসের মধ্যগত সুপ্‌বিভক্তির লোপ হয় (২১১ক সূ) কিন্তু, তৎপুরুষ সমাসে, কোনও কোনও স্থলে বিভক্তির লোপ না করিয়াও সমাস হয়, তাহাকে অলুক্ সমাস কহে স্তোকাদ্-মুক্তঃ, (narrowly escaped) অল্পাদ্‌মুক্তঃ 'পঞ্চম্যাঃ স্তোকাদিভ্যঃ' (২০৭ ঠ সূ দেখ) সমাস হইল বলিয়া, ইহারা এক একটী নাম বলিয়া গণ্য হইবে সুতরাং, স্তোকান্মুক্তস্য পুত্রঃ 'স্তোকান্মুক্তিঃ' এরূপ পদ হইবে। এই সমাসে প্রায়ই পূর্ব্বপদে একবচন থাকে। যথা, আত্মনেপদম্, পরস্মৈপদম্

ক ব্যঞ্জনান্ত ও অকারান্ত শব্দের পর সপ্তমীর অ-লুক্ (অলোপ) হয় (২১৪ক সূ), সমাস দ্বারা নাম না বুঝাইলে অলুক্ হয় না 'হল্-অদ্-অন্তাৎ সপ্তম্যাঃ সংজ্ঞায়াম্' যুধি-ষ্ঠিরঃ, হৃদি-স্পৃক্, অরণ্যে-রুদিতম্

খ উপপদসমাসে, পূর্ব্বপদের সপ্তমীর অলুক্ (অ-লোপ) 'তৎপুরুষে কৃতি বহুলম্' স্তম্বে-রমঃ (হস্তী), কর্ণে-জপঃ খলঃ, মলে-গ্রহিঃ, অন্তে-বাসী ইত্যাদি স্থলে নিত্যই সমাস এবং বনে চরঃ বন-চরঃ, সরসি-জম্ সরোজম্, মনসিজঃ মনোজঃ, সরসি-রুহম্ সরো-রুহম্, খে-চরঃ খ-চরঃ ইত্যাদি স্থলে সমাস বিকল্পে হয় এবং কুরু-চর, মদ্র-চর, অধ্বজ ইত্যাদি স্থলে অলুক্ সমাস নিষিদ্ধ প্রাবৃষি-জঃ শরদি-জঃ, বর্ষে-জঃ (বৃষ্টি-জাতঃ) বর্ষজঃ

গ শয়, বাস, বাসিন্ শব্দের পূর্ব্বপদের সপ্তমীর অ-লুক্ হয়, বিকল্পে 'শয়-বাস-বাসিষু অ-কালাৎ' খে-শয়ঃ খ-শয়ঃ, গ্রামে বাসঃ গ্রাম-বাসঃ, অন্তে বাসী অন্তবাসী ছাত্রঃ গুহাশয়ঃ সিংহঃ (ক সূ দেখ)

ঘ নিন্দার্থে, ষষ্ঠীর-অলুক্ হয় পুত্র শব্দ পরে থাকিলে, বিকল্পে হয় 'ষষ্ঠ্যা আক্রোশে, পুত্রেঽন্যতরস্যাম্' দাস্যাঃ-পতিঃ, চৌরস্য-কুলম্, দস্যোর্ভ্রাতা স্বরূপাখ্যানে—দাসীপতিঃ ইত্যাদি, দাস্যাঃ-পুত্রৈঃ (শকুনি-লুব্ধকৈঃ), দাসী পুত্রাঃ (rascals)

ঙ। বিদ্যা-সম্বন্ধ বা যোনি-সম্বন্ধ বুঝাইলে, ঋকারান্ত শব্দের ষষ্ঠীর অলুক্ হয় 'ঋতো বিদ্যা-যোনি সম্বন্ধেভ্যঃ' স্বসৃ ও পতি শব্দ পরে থাকিলে, বিকল্পে হয় 'বিভাষা স্বসৃ-পত্যোঃ' হোতুঃ শিষ্যঃ, হোতুঃ পুত্রঃ। মাতুঃ-স্বসা বা মাতৃ-স্বসা, পিতুঃ-স্বসা বা পিতৃ-স্বসা, দুহিতুঃ-পতিঃ দুহিতৃ-পতিঃ

বাহুলকাৎ—দিবস্পতিঃ (ইন্দ্রঃ), বাচস্পতিঃ, ভ্রাতুষ্পুত্রঃ, শুনঃ-শেফঃ

২২১। (প্রথমা তৎপুরুষ বা) বিশেষ্য বিশেষণের সমাসকে কর্ম্মধারয় কহে 'তৎপুরুষঃ সমানাধিকরণঃ কর্ম্মধারয়ঃ' (অধিকরণ অর্থাৎ দ্রব্য) কৃষ্ণ-সর্পঃ (নিত্য সমাস)

ক। 'বিশেষণং বিশেষ্যেণ বহুলম্' পরমশ্চাসৌ আত্মা চেতি পরমাত্মা, পীতঞ্চ তদ্ অম্বরং চেতি পীতাম্বরম্, নীলঞ্চ তদ্ উৎপলং চেতি নীলোৎপলম্, মধুর বচনম্, সুরভি-চন্দনম্ 'পুংবৎ কর্ম্মধারয়-জাতীয়-দেশীয়েষু' সুন্দরী চাসৌ বালিকা চেতি সুন্দর-বালিকা, প্রিয়াচাঽসৌ দুহিতা চেতি প্রিয়দুহিতা, পাচিকা চাসৌ স্ত্রী চেতি পাচক-স্ত্রী চ-দ্বয়ম্ উভয়প্রাধান্য সূচনার্থম্ মহাংশ্চাসৌ বাহু শ্চেতি মহাবাহুঃ, সুন্দর মহিলা, প্রথম-কন্যা, মহা-পঞ্চমী 'আন্ মহতঃ সমানাধিকরণ-জাতীয়য়োঃ'

খ শ্রেণি প্রভৃতি শব্দ, কৃত প্রভৃতি শব্দের সঙ্গে, অ-ভূততদ্ভাবে (চ্ব্যর্থে) 'শ্রেণ্যাদয়ঃ কৃতাদিভিঃ' অশ্রেণয়ঃ শ্রেণয়ঃ কৃতাঃ শ্রেণি-কৃতাঃ, অরাশয়ঃ রাশয়ঃ কৃতাঃ রাশি-কৃতাঃ, জীবিকা-ভূতাঃ।

গ (i) উপমান (সুপ্রসিদ্ধ বস্তু) সামান্যধর্ম্ম (point of resemblance) বাচক শব্দের সঙ্গে, 'উপমানানি সামান্য-বচনৈঃ' ঘনইব শ্যামঃ ঘনশ্যামঃ, কনকইব গৌরঃ কনকগৌরঃ, শৈলইব উন্নতঃ শৈলোন্নতঃ, অনল ইব উজ্জ্বলঃ অনলোজ্জ্বলঃ মৃগী ইব চপলা মৃগ-চপলা।

(ii) উপমেয় শব্দ ব্যাঘ্র প্রভৃতি, উপমান বাচক শব্দের সঙ্গে, এস্থলে সামান্যধর্ম্মের উল্লেখ থাকে না 'উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাহপ্রয়োগে' পুরুষঃ ব্যাঘ্রইব পুরুষব্যাঘ্রঃ, করঃ কমলমিব করকমলম্, পুরুষ-সিংহঃ, মুখকমলম্, মুখ-চন্দ্রঃ 'পরবল্লিঙ্গং দ্বন্দ্বতৎপুরুষয়োঃ'

দ্রষ্টব্য প্রত্যেক উপমাতে (comparisonএ) ৪টী বস্তু আছে—(১) উপমেয়, উপমিত বা বর্ণনীয় বস্তু যথ, মুখ (২) উপমান—প্রসিদ্ধ বস্তু যথ, চন্দ্র (যাহার সঙ্গে তুলনা করা হয়) (৩) সাধারণ ধর্ম্ম যথ, সৌন্দর্য্য (৪) যথ ইব প্রভৃতি উপমা বাচক অব্যয়

ঘ পূর্ব্বকাল সূচক পদ ও এক প্রভৃতি শব্দ বিশেষ্যের সঙ্গে, (আদৌ) স্নাতঃ (পশ্চাৎ) অনুলিপ্তঃ স্নাতানুলিপ্তঃ এরূপ, লূন-প্ররূঢ়, লিপ্ত-বাসিত, স্নাপিত ভোজিত, ভুক্তোদ্গীর্ণ, দগ্ধাপহৃত 'পূর্ব্বকালৈক-সর্ব্বজরৎ পুরাণ নব কেবলাঃ সমানাধিকরণেন'

ঙ 'শাক-পার্থিবাদিষু মধ্যপদ-লোপঃ' শাক-প্রিয়ঃ পার্থিবঃ শাক-পার্থিবঃ, শ্রীহর্ষনামা নৃপতিঃ শ্রীহর্ষ নৃপতিঃ চরিত-রূপম্ অমৃতম্ চরিতামৃতম্, করঃ রূপকম্ কারকং করং কারকম্, তর্ক এব শাস্ত্রম্ তর্ক-শাস্ত্রম্ ইহার রূপক সমাস 'স্যাদ্ রূপকম্ অভেদো য উপমানোপমেয়য়োঃ' শাক অর্থাৎ শক্তি

চ নামার্থে, দিগ্ বাচক ও সংখ্যাবাচক শব্দ 'দিক্‌সংখ্যে সংজ্ঞায়াম্' 'পূর্ব্বেষুকামশমী' নাম নগরী, সপ্তর্ষয়ঃ পঞ্চাম্রাঃ চতুর্বিদ্যাঃ।

ছ (১) তদ্ধিত প্রত্যয়ে, (২) উত্তর পদ পরে থাকিলে, এবং (৩) সমাহারে, দিগ্‌বাচক ও সংখ্যাবাচক শব্দের সমাস হয় 'তদ্ধিতার্থোত্তরপদ-

সমাহারে চ'। (১) পূর্ব্বস্যাং শালায়াং ভবঃ পৌর্ব্বশালঃ, (২) পূর্ব্বা গৌঃ প্রিয় যস্য স পূর্ব্বগব-প্রিয়ঃ (অত্র দ্বিগুগর্ভো বহুব্রীহিঃ) (৩) চতসৃণাং দিশাং সমাহারঃ চতুর্দ্দিক্ (৪) তদ্ধিতার্থে, পঞ্চগুঃ (৫) উত্তরপদে—পঞ্চগব-ধনঃ (৬) সমাহারে—পঞ্চানাং গবাং সমাহারঃ—পঞ্চগবম্, ত্রয়াণাং লোকানাং সমাহারঃ (group, collection) ত্রিলোকী। 'দ্বিগুর্ একবচনম্' 'অকারান্তোত্তরপদ-দ্বিগুঃ স্ত্রিয়াম্ ইষ্টঃ'। ত্রয়াণাং পাদানাং সমাহারঃ ত্রিপাদী—উপর্য্যুক্ত সংখ্যা পূর্ব্বক তৎপুরুষকে দ্বিগু কহে 'সংখ্যাপূর্ব্বো দ্বিগুঃ' অষ্টাধ্যায়ী, শত্রুঘ্নী ২২৬ (ii) সূ 'পাত্রাদ্যন্তস্য ন' সমাহার দ্বন্দ্ব দেখ 'দ্বিগোর্ লুগ্-অন্ অপত্যে' পঞ্চগুঃ ২২৪ টচ্ ii দেখ 'দিক্ সমাহারো নাস্তি' ইত্যেকে

জ বর্ণবাচক-শব্দ বর্ণবাচকের সঙ্গে 'বর্ণো বর্ণেন' নীলশ্চাহসৌ লোহিতশ্চেতি নীললোহিতঃ, শ্বেতবর্ণঃ শুক্ল কৃষ্ণঃ (অত্র, অবয়ব-ধর্ম্মেণ সমুদায়ো ব্যপদিশ্যতে)

ঝ 'ময়ূর-ব্যংসক' প্রভৃতি-সমাস নিপাতনে সিদ্ধ 'ময়ূর ব্যংসকা দয়শ্চ' ময়ূরশ্চাসৌ ব্যংসকশ্চেতি ময়ূরব্যংসকঃ, ব্যংসক—ধূর্ত্ত বিশেষণের পর নিপাত অন্যো রাজা রাজান্তরম্, অন্যা ক্রিয় ক্রিয়ান্তরম্, অন্যঃ অর্থঃ অর্থান্তরম্, অন্তরম্=অন্যৎ চিদ্ এব চিন্মাত্রম্ (মাত্রং কার্ৎস্ন্যেঽবধারণে, এব=মাত্র) শার্ঙ্গরব মিশ্রাঃ অন্য পদার্থঃ, অন্য-মুনয়ঃ এইরূপও হয় ইহ এহি ইতি উচ্যতে যত্র তৎ এহীহং কর্ম্ম 'এহীহাদয়োঽন্যপদার্থে' 'অহম্-অহমিকা। উদক্ চ অবাক্ চ উচ্চাবচম্, নাস্তি কিঞ্চন যস্য সঃ অকিঞ্চনঃ, নাস্তি কুতোঽপি ভয়ং যস্য সঃ অকুতোভয়ঃ। মা ইচ্ছা যদৃচ্ছা, প্রাতরাশঃ, অবশ্য-কর্ত্তব্যম্। 'আখ্যাতম্ অনাখ্যাতেন ক্রিয়াসাতত্যে' অশ্নীত পিবত ইতি যত্র উচ্যতে, সা অশ্নীতপিবতা ক্রিয়া পচত ভৃজ্জতা, খাদত মোদতা 'অবিহিত-লক্ষণ স্তৎপুরুষঃ ময়ূরব্যংসকাদিষু দ্রষ্টব্যঃ' যশ এব শরীরম্ যশঃ-শরীরম্, পদ্মমেব মুখং পদ্মমুখম্ নলিন্যাঃ

ঞ নঞ্ শব্দ সাকাঙ্ক্ষ সুবন্তের সঙ্গে 'নঞ্' অপটুঃ, অক্লেশঃ, অকৃতিঃ, অকর্ম্ম 'ন লোপো নঞঃ' অনলস্ অনভ্যাসঃ 'তস্মাদ্ নুড্ অচি' স্বরবর্ণ পরে থাকিলে, ন = ন্ + অ = অ + ন্ বা অন্ অনিচ্ছা, কিন্তু, নগঃ অগঃ (পর্ব্বতো বৃক্ষো বা) এস্থলে, নঞ্‌র 'পর্য্যুদাস' প্রয়োগ 'ন কুর্য্যাৎ' স্থলে 'প্রসজ্য প্রতিষেধ'

নাকো নবেদা নকুলশ্চ নক্রঃ, নাসত্যা নগজং নপাদো নভ্রাট্
নপুংসকং বৈ নমুচি শ্চ, নাহহদেশম্ এতেষু বদন্তি ধীরাঃ

ট। 'কু-গতি-প্রাদয়ঃ' (অস্বপদ-নিত্যসমাস) (১) কুৎসিতোনৃপঃ কুনৃপঃ কুৎসিতং বাক্যং কু-বাক্যং, কুকথা কোষ্ণম্ (২) 'ঊর্য্যাদি-চ্বি-ডাচশ্চ' ইহারা গতিসংজ্ঞক অব্যয়। গতি সমাস— অঙ্গীকৃত্য, পুরস্কৃত্য, তিরস্কৃত্য, অলংকৃত্য। চ্বি—শুক্লী-করোতি নমস্করোতি স্বীকরোতি, আবিষ্করোতি প্রাদি (উপসর্গ ও 'গতি')—প্রণম্য এইপদে প্র একটী গতিসংজ্ঞক-শব্দ বলিয়া গতি-সমাস হইল এবং উপসর্গ বলিয়া ণত্ব হইল। সখে মৃগ, পাদান্ শুক্লীকৃত্য তিষ্ঠ ডাচ্—পটপটা করোতি 'ভূষণেহলম্' কন্যাম্ অলংকৃত্য গতঃ, 'পুরোহব্যয়ম্' পুরস্কৃত্য শিখণ্ডিনম্ 'তিরোহন্তর্ধৌ' তিরোভূয় স্থিতশ্চোরঃ 'সাক্ষাৎ প্রভৃতীনি চ' মুনিত্রয়ং নমস্কৃত্য, সাক্ষাৎকৃত্য—ইহারা গতি সমাস

(৩) প্রাদিসমাস যথা, সুষ্ঠু কৃতং সুকৃতম্, শোভনো জনঃ সুজনঃ, দুষ্টো জনঃ দুর্জনঃ উপ-মাতা, বিপ্রিয়ম্, অভিনবম্, বিপক্ষঃ, উপনায়কঃ, অ-বিনা-ভাবঃ (In-separable)

উপপদ-তৎপুরুষ সমাস কর্ত্তৃবাচক (২২০ গ সূত্রে, অলুক্ দেখ)

২২২। কৃৎ-প্রকরণোক্ত সূত্রের সপ্তমী-নির্দ্দিষ্ট পদকে উপপদ কহে, 'তত্রোপপদং সপ্তমীস্থম্'। যথা, 'কর্ম্মণ্যণ্' ৬৪ সূত্রের 'কর্ম্মণি' উপপদ, এবং ৬৬ সূত্রের 'সপ্তম্যাম্' উপপদ।

(i) এইরূপ, তিঙ্-নহে এমন উপপদের সহিত সমাস, নিত্য হয়, 'উপপদম্ অ-তিঙ্' কুম্ভং করোতি যঃ স কুম্ভকারঃ, নিশায়াং চরতি যঃ স নিশাচরঃ, পঙ্কে জাতম্ ইতি পঙ্কজম্

অব্যয়, (ii) অম্ ভাগান্তকৃৎ এর সহিত, নিত্য 'অমৈবাঽব্যয়েন স্বাদুঙ্কারং ভুঙ্ক্তে (খমুঞ্) ; সমূলঘাতং হন্তি (ণমুল্)

(iii) ক্তাচ্ এর সহিত বিকল্পে, 'ক্ত্বা চ' উচ্চৈঃ কৃত্য (বা উচ্চৈঃ কৃত্য) কথয়তি।

অণ্—কর্ম্মকারক পূর্ব্বক, সকর্ম্মক ধাতুর পর অণ্ হয় 'কর্ম্মণ্যণ্' কুম্ভং করোতি যঃ স কুম্ভকারঃ। সূত্রং করোতি সূত্রকারঃ, গ্রন্থকারঃ, কর্ত্তারম্ অভিপ্রৈতি যৎ (ক্রিয়াফলং) তস্মিন্ কর্ত্তৃভিপ্রায়ে ক্রিয়াফলে, শাস্ত্রকারঃ ভাষ্যকারঃ, কর্ম্মকারঃ অঘটং ঘটং করোতি ঘটীকারঃ কিন্তু, 'মহান্তং ঘটং করোতি' 'আদিত্যং পশ্যতি', 'ব্রহ্ম বদতি', 'গ্রামং গচ্ছতি' ইত্যাদি বাক্যই থাকিবে।

ক—(i) আকারান্ত ধাতুর পর ক হয় 'আতোঽনুপসর্গে কঃ' (১৩৮ জ, ৫৪।৫ সূ) সর্ব্বং জানাতি য স সর্ব্বজ্ঞঃ, নৃন্ পাতি নৃপঃ, এইরূপ কবদ বারিদ অম্বুদ অঙ্গুলিত্র ধর্ম্মজ্ঞ রসজ্ঞ, মধুপ, ভূপ

(ii) করণাদি কারক পূর্ব্বক অকর্ম্মক—

স্থা ধাতুর পরে ক হয় 'সুপি, স্থঃ' দ্বাভ্যাং (মুখ-শুণ্ডাভ্যাং) পিবতি যঃ স দ্বিপঃ, পাদৈঃ (মূলৈঃ) পিবতি যঃ স পাদপঃ, গৃহে তিষ্ঠতি গৃহস্থঃ এইরূপ, প্রকৃতিস্থ মধ্যস্থ দ্বারস্থ আশ্রমস্থ তটস্থ

ক—তুন্দম্ (উদরং) পরিমার্ষ্টি ইতি তুন্দপরিমৃজঃ (অলসঃ), শোকম্ অপনুদতি শোকাপনুদো বন্ধুঃ 'তুন্দ শোকয়োঃ পরিমৃজা-ঽপনুদোঃ' মহীং ধরতি মহীধরঃ মহীধ্রঃ, অপ্—ভৃ+ক=অভ্র, কৌ (পৃথিব্যাং) মোদতে কুমুদম্, শত্রু+হন্+ক=শত্রুঘ্ন, বৃত্রঘ্ন, পাপঘ্ন (১৩৮ঙ)

নদী+স্থ+ক=নদীস্থঃ, অম্ভস্+রুহ্+ক=অম্ভোরুহ, আ—যুধ্+ ক=
আয়ুধ কৃতয়, 'হো হন্তের্‌ ণিন্‌নেষু' ঘঃ

ক 'প্রে দা জ্ঞঃ' সুখং প্রাদদাতি সুখ-প্রদঃ, ক্লেশ প্রদ, যন্ত্রণাপ্রদ,
পথি-প্রজ্ঞ

অচ্—অনায়াস অর্থে হৃ ধাতুর পরে অচ্ হয় 'হরতের্‌ অন্‌উদ্‌
যমনেঽচ্' মনঃ হরতি মনোহরঃ পদার্থঃ, ব্যাধিহরম্ ঔষধম্, শোকহরো বন্ধুঃ,
বাতহরং তৈলম্ কিন্তু, ভারহারঃ (অং)

ক স্তম্বে রমতে যঃ স স্তম্বেরমঃ (হস্তী), কর্ণে জপতি যঃ স কর্ণে-জপঃ
খলঃ 'স্তম্ব-কর্ণয়ো রমি-জপোঃ'।

ট—'অধিকরণে শেতেঃ'—শয্যায়াং শেতে শয্যাশয়ঃ, গুহা-শয়ঃ

(i) 'চরেষ্টঃ' বনে চরতি বনচরঃ (বনে-চরো বা, ২২০ সূ) খচরঃ
বা গোচরঃ, রাত্রৌ চরতি রাত্রি চরঃ (রাত্রিঞ্চরো ব) এইরূপ, স্থল-চর জল-চর
উভয়চর নিশাচর নক্তঞ্চর ৮৩ ও ৮৮ সূ দেখ ২৩৪চ সূ

(ii) 'পুরোঽগ্রতোঽগ্রেষু সর্তেঃ' পুরঃ সরতি যঃ স পুরঃসরঃ,
অগ্রে-সরঃ

(iii) হেত্বর্থে, শীলার্থে ও আনুকূল্যার্থে, কৃ ধাতুর পরে ট হয় 'কৃঞো
হেতু-তাচ্ছীল্যা-ঽনুলোম্যেষু' যশস্করী (যশ:কারণম্) অর্থকরী বিদ্যা,
পুষ্টিকরং মাংসম্, শোককরো বন্ধুবিয়োগঃ, জনস্য অপবাদকরঃ খলঃ। কুশঃ
শ্রাদ্ধকরঃ, রামঃ পিতুর্‌ বাক্যকরঃ, অয়ং পুষ্টিকরম্, এইরূপ ক্লেশকর,
রোগকর হিতকর প্রীতিকর মঙ্গলকর

(iv) দিবাকর, বিভাকর, নিশাকর, প্রভাকর, ভাস্কর, অন্তকর,
নান্দীকর, কিঙ্কর, লিপিকর, চিত্রকর, অহস্কর, কুৎসিতং করোতি যঃ স
কিঙ্করঃ, 'দিবা বিভা নিশা প্রভা-ভাস্ ··অন্ত ··নান্দী কিং
লিপি···অহর্‌ ইত্যাদি' কিন্তু, শ্লোককার, গাথাকার, চাটুকার, সূত্রকার,
মন্ত্রকার

ইন্—ফলেগ্রহিঃ (বৃক্ষঃ বানপ্রস্থে বা), আত্মম্ভরিঃ (যঃ কেবলম্ আত্মানমেব বিভর্ত্তি)—নিপাতনে সিদ্ধ। 'ফলেগ্রহির্ আত্মম্ভরিশ্চ'

চ খশ্—জনম্ (জনং) এজয়তি (কম্পয়তি) জনমেজয়ঃ 'এজেঃ খশ্' স্তনং ধয়তি পিবতি স্তনন্ধয়ঃ মুষ্টিন্ধয়ো বা (শিশুঃ) 'খিত্যনব্যয়স্য' মুম্। কূলম্ উদ্‌রুজতি কূলমুদ্রুজা নদী, কূলম্ উচ্ছিদ্য বহতি কূলমুদ্বহা নদী, 'উদি-কূলে রুজি-বহোঃ' অভ্রং (মেঘং) লেঢি অভ্রংলিহঃ প্রাসাদঃ 'বহাভ্রে লিহঃ' বিধুং (চন্দ্রং) তুদতি বিধুন্তুদো রাহুঃ, অরুঃ (মর্ম্ম) তুদতি অরুন্তুদঃ খলঃ 'বিধ্বরুষোস্ তুদঃ'। সূর্য্যমপি ন পশ্যন্তি অসূর্য্যম্পশ্যা রাজদারাঃ (১৬১খ সূ), ললাটং (fore head) তপতি ললাটন্তপঃ সূর্য্যঃ 'অসূর্য্য ললাটয়োর্ দৃশি তপোঃ'

ছ খচ্, প্রিয়ং বদতি প্রিয়ংবদো বন্ধুঃ, বশং (অনুকূলং) বদতি বশংবদো ভৃত্যঃ 'প্রিয়-বশে বদঃ খচ্' দ্বিষন্তং (শত্রুং) তাপয়তি দ্বিষন্তপঃ, পরং (শত্রুং) তাপয়তি পরন্তপঃ 'খচি হ্রস্বঃ' (ম-অ দেশ চ সূ দেখ) 'দ্বিষৎপরয়োস্তাপেঃ'। বাচংযমঃ 'বাচি যমো ব্রতে'। 'বাচংযম-পুরন্দরৌ চ' 'পূঃ-সর্ব্বয়োর্ দারি-সহোঃ' সর্ব্বং কষতি সর্ব্বংকষঃ খলঃ, কূলঙ্কষা নদী, অভ্রঙ্কষো গিরিঃ 'সর্ব্ব-কূলাভ্র করীষেষু কষঃ'। ভয়ঙ্করঃ 'মেঘর্ত্তিভয়েষু কৃঞঃ' ক্ষেমঙ্করঃ ক্ষেমকারঃ, প্রিয়ঙ্করঃ প্রিয়ঙ্করঃ 'ক্ষেম প্রিয়-মদ্রেঽণ্ চ' বিশ্বং বিভর্ত্তি বিশ্বম্ভরো বিষ্ণুঃ, রথন্তরং সাম, পতিং বৃণীতে পতিংবরা কন্যা, স্বয়ংবর, ধনং জয়তি ধনঞ্জয়ঃ, মৃত্যুঞ্জয়ঃ, বসূনি ধারয়তি বসুন্ধরা পৃথিবী, সর্ব্বং সহতে সর্ব্বংসহা পৃথিবী, উষ্ণন্তপঃ সূর্য্যঃ, বলিন্দমঃ কৃষ্ণঃ এরূপ শত্রুন্তপঃ, রিপুঞ্জয়, অরিন্দম, যুগন্ধর 'সংজ্ঞায়াং ভৃ তৃ বৃ জি ধারি সহি তপি দমঃ' ভুজং (বক্রং) গচ্ছতি ভুজঙ্গমঃ, ভুজঙ্গঃ ভুজগঃ 'গমশ্চ' 'খচ্চ ডিদ্বা' এইরূপ, ত্বরয় গচ্ছতি তুরঙ্গমঃ তুরঙ্গঃ, তুরগঃ, বিহায়সা গচ্ছতি বিহঙ্গমঃ বিহঙ্গঃ বিহগঃ

জ। ড—পারং গচ্ছতি পারগঃ অন্তগঃ সর্ব্বগঃ ১৩৮জ সূ দেখ

ঝ। 'স্পৃশোঽনুদকে ক্বিন্' মর্ম্ম স্পৃশতি মর্ম্মস্পৃক্, ব্যোমস্পৃক্ 'ঋত্বিগ্-দধৃক্-স্রগ্-দিগ্-উষ্ণিগ্-অঞ্চু যুজি ক্রুঞ্চাংচ' 'ত্যদাদিষু দৃশোঽনালোচনে কঞ্চ' উদাহরণ ২৩৪জ স্থ দেখ

ঞ। 'সৎ সূ দ্বিষ দ্রুহ দুহ যুজ বিদ ভিদ চ্ছিদ জি নী রাজাম্ উপসর্গেঽপি ক্বিপ্'—সভায়াং সীদতি সভাসৎ, পরিষৎ, প্রসূঃ, মিত্রদ্বিট্ মিত্রধ্রুক্, গোধুক্, অশ্বযুক্, বেদবিৎ, বিৎ, গোত্রভিৎ, শোকচ্ছিৎ, ইন্দ্রজিৎ, কংসজিৎ, সেনানীঃ, সম্রাট্, 'ধাতোঃ ক্বিপ্ স্যাদ্ অনিয়মাৎ, 'ক্বিপ্ চ,' শ্রয়তি হরিং শ্রীঃ, পরিব্রাট্। 'ভজো ণ্বিঃ' সুখং ভজতে সুখভাক্, দুঃখভাক্, অর্দ্ধভাক্ 'বের্ অপৃক্তস্য' নিঃসঙ্গ 'বি'র লোপ হয় 'দুহঃ কব্ ঘশ্চ' (অন্ত্যাদেশঃ) কামান্ দুগ্ধে কামদুঘা ধেনুঃ, কামদুঘঃ কল্পতরুঃ

ট। ণিনি—'সুপ্য্ অজাতৌ ণিনি স্তাচ্ছীল্যে' গুণে—মৃদু ভাষিতুং শীলং যস্য স মৃদুভাষী, মন্দগামী দ্রব্যে—সত্যং বদিতুং শীলং যস্য স সত্যবাদী, মিথ্যাবাদী হৃদয়গ্রাহী মনোহারী, কণবাদী, ব্রহ্মবাদী বৃদ্ধসেবী সহগামী শ্রমজীবী উপসর্গে—অনুযাতি যঃ সঃ অনুযায়ী, অনুজীবী, বিবদী, উৎসাহী

(i) 'কর্ত্তর্য্ উপমানে'—হংসী ইব গচ্ছতি হংসগামিনী, গজেন্দ্র ইব গচ্ছতি গজেন্দ্রগামী, সিংহনাদী, উষ্ট্রক্রোশী, ধ্বাঙ্ক্ষরবী (ধ্বাঙ্ক্ষ = কাক) 'ব্রতে' স্থণ্ডিলশায়ী, অ-লবণভোজী 'বহুলম্ আভীক্ষ্ণ্যে' (আভীক্ষ্ণ্য = পৌনঃপুন্য) কলহং করোতি কলহকারী, ক্ষীরপায়ী 'মনঃ,' 'আত্মমানে খশ্ চ' ভার্য্যাং দর্শনীয়াং মন্যতে ভার্য্যায়া দর্শনীয়মানী, ভ্রাতুঃ রিপুমানী। কিন্তু, আত্মানং পণ্ডিতং মন্যতে পণ্ডিতমানী পণ্ডিতম্মন্যো বা, সাধুম্মন্যঃ সাধুমানী 'করণে যজঃ' 'ভূতে' সোমেন ইষ্টবান্ সোমযাজী 'কর্ম্মণি হনঃ' নিন্দায়াম্ অতীতকালে—পিতরং হতবান্ পিতৃঘাতী 'ক্যঙ্-মানিনোশ্চ' ইতি পুংবদ্ 'অতো যুক্ চিণ্‌কৃতোঃ'

ঠ ক্বিপ্—'ব্রহ্ম ভ্রূণ বৃত্রেষু ক্বিপ্'—ব্রহ্মহা, ভ্রূণহা, বৃত্রহা, পরবীরহা 'সু কর্ম্ম পাপ মন্ত্রেভ্যঃ কৃঞঃ' সুষ্ঠু কৃতবান্ সুকৃৎ, পাপং কৃতবান্ পাপকৃৎ, মন্ত্রকৃৎ পুণ্যকৃৎ

ড ড—'সপ্তম্যাং জনের্ডঃ, 'পঞ্চম্যাম্ অ-জাতৌ' 'উপসর্গে চ সংজ্ঞায়াম্, 'অন্যেষ্বপি দৃশ্যতে' সরসি জাতং সরসিজং সরোজং বা, মনসি জাতং মনোজং মনসিজম্ (২২০ থ সূ) পঙ্কাদ্ জাতং পঙ্কজম্, স্বেদজঃ জরায়ুজঃ অন্ত্যজঃ প্রজা দ্বির্জাতঃ দ্বিজঃ, সহজাতঃ সহজঃ, গিরিশঃ।

ঢ ক্বনিপ্—'দৃশেঃ ক্বনিপ্'—পারং দৃষ্টবান্ পারদৃশ্বা, স্ত্রী পারদৃশ্বরী

ণ ঙ্বনিপ্—'সু-যজোর্ঙ্বনিপ্' যজ্বা তু বিধিনেষ্টবান্

২২৩ তৎপুরুষে পূর্ব্বপদের বিকৃতি—

কু (i) 'কৎ' হয়, তৎপুরুষে স্বরাদি-পদ পরে থাকিলে, 'কোঃ কৎ, তৎপুরুষেঽচি' কুৎসিতম্ অন্নং কদন্নম্, কুৎসিতঃ অশ্বঃ কদশ্বঃ। কদ্-অধ্ব কিন্তু, কুৎসিতো ব্রাহ্মণঃ কুব্রাহ্মণঃ কুৎসিতো রথঃ কদ্রথঃ, কুৎসিতো বদঃ (বক্তা) কদ্বদঃ 'রথ-বদয়োশ্চ'

(ii) 'কা' হয়, 'কা পথ্য-অক্ষয়োঃ' কুৎসিতঃ পন্থাঃ কাপথঃ, কুৎসিতম্ অক্ষম্ (ইন্দ্রিয়ম্) কাক্ষম্ 'ঈষদ্ অর্থে' ঈষৎ মধুরং কা-মধুরম্, কা-পুরুষঃ, কান্নম্, কা তপ্তম্, কা-লবণম্, কা-বাদঃ 'বিভাষা পুরুষে' কুৎসিতঃ (নিন্দিতঃ) পুরুষঃ কা-পুরুষঃ (কুপুরুষো বা)

(iii) 'কব'ও হয় 'কবঞ্চোষ্ণে' ঈষদ্ উষ্ণম্ কবোষ্ণম্ কোষ্ণম্ কদুষ্ণম্ (iv) 'আন্ মহতঃ সমানাধিকরণজাতীয়য়োঃ' ২২১ক সূ

২২৪ তৎপুরুষের simplifying সমাসান্ত প্রত্যয়—

অচ্—সংখ্যাবাচক বা অব্যয় পদ পূর্ব্বে থাকিলে, (i) অঙ্গুলি শব্দের পর, 'তৎপুরুষস্যাঽঙ্গুলেঃ সংখ্যা-ঽব্যয়াদেঃ' অঙ্গুলিভ্যঃ নির্গতম্ নিরঙ্গুলম্

অঙ্গুলীয়কম্, দ্বে অঙ্গুলী প্রমাণং যস্য তৎ দ্ব্যঙ্গুলং ক্ষেত্রম্ (তদ্ধিতার্থে দ্বিগু) স্ত্রিয়াম্ (১৩ ও ২২১ছ সূ)

(ii) অহঃ প্রভৃতি শব্দের পরবর্তী রাত্রি শব্দের 'অহঃ-সর্বৈকদেশ-সংখ্যাত-পুণ্যাচ্চ রাত্রেঃ' এই সকল শব্দের পরে, অহন্ 'অহ্ন' হয় 'অহ্নোঽহ্ন এতেভ্যঃ' এবং অচ্ হয় অহশ্চ রাত্রিশ্চ অহোরাত্রঃ (দ্বন্দ্ব), সর্ব্বরাত্রঃ, পূর্ব্বরাত্রঃ, পশ্চিমরাত্রঃ, অর্দ্ধরাত্রঃ, সংখ্যাত রাত্রঃ, (সংখ্যাত অর্থাৎ বিখ্যাত) পুণ্যরাত্রঃ, দীর্ঘ রাত্রঃ দ্বয়োঃ রাত্র্যোঃ সমাহারঃ দ্বিরাত্রম্ পঞ্চরাত্রম্ পূর্ব্বাহ্নঃ, মধ্যাহ্নঃ, অপরাহ্নঃ, সায় হ্নঃ (২১৮ক সূ)

টচ্—(i) রাজন্ অহন্ ও সখি শব্দের টচ্ হয় 'রাজাঽহঃ সখিভ্যষ্ টচ্' মহাংশ্চাসৌ রাজা চেতি মহারাজঃ, মহারাজী, (২২১ক সূ) দেব রাজঃ মহতী রাজ্ঞী তু মহারাজ্ঞী, সঙ্গতা রাজ্ঞী সম্রাজ্ঞী দ্বয়োর্ অহ্নোঃ সমাহারঃ দ্ব্যহঃ, ত্র্যহঃ সপ্তাহঃ 'ন সংখ্যাদেঃ সমাহারে' প্রিয়শ্চাসৌ সখা চেতি প্রিয়সখঃ, কৃষ্ণস্য সখ কৃষ্ণ সখঃ কিন্তু, ইন্দ্রঃ সখ যস্য স ইন্দ্র-সখা রাজাহঃ সখায়ঃ (দ্বন্দ্ব) (স্ত্রিয়াম্ ৮৮ সূ)

(ii) গো ও নৌ শব্দের পর টচ্ তদ্ধিত প্রত্যয় লোপে হয় না 'গোর্ অ-তদ্ধিত-লুকি' 'নাবো দ্বিগোঃ' পুমান্ গৌরিব পুঙ্গবঃ, কপিল গবী; পঞ্চ-গব-ধনঃ কিন্তু, পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ পটঃ নামার্থে, মণ্ডূক-সরসম্, মহানসম্, জলসরসম্ দ্বি-নাবম্ ত্রিনাবম্ পঞ্চ-নাব-প্রিয়ঃ ২২১ছ সূ দেখ

(iii) অঞ্জলি শব্দের পর বিকল্পে, 'দ্বি-ত্রিভ্যাম্ অঞ্জলেঃ' দ্বয়োর্ অঞ্জল্যোঃ সমাহারঃ দ্ব্যঞ্জলং দ্ব্যঞ্জলি বারি, দ্ব্যঞ্জলং কনকং প্রাদাৎ। দ্ব্যঞ্জল-প্রিয়ঃ দ্ব্যঞ্জলি-প্রিয়ঃ

(iv) ব্রহ্মন্ শব্দের পর, বিকল্পে 'কু-মহদ্ভ্যাম্ অন্যতরস্যাম্' কুৎসিতো ব্রহ্মা (ব্রাহ্মণঃ) কুব্রহ্মা কুব্রহ্মঃ, মহাব্রহ্মা মহাব্রহ্মঃ

২২৫ সমাসান্ত নিষেধ (i) প্রশংসার্থক 'সু' ও 'অতি' পূর্ব্বক এবং নিন্দার্থক 'কিং' পূর্ব্বক রাজন্ প্রভৃতি শব্দের পর সমাসান্ত হয় না 'ন পূজনাৎ, কিমঃ ক্ষেপে' শোভনো রাজা সুরাজা, অতিশয়েন রাজা অতিরাজা, সুগৌঃ, সুবাগ্মিঃ, সুপন্থাঃ, অতিপন্থাঃ নিন্দার্থে—কুৎসিতো রাজা কিংরাজা, কিংসখা কিন্তু, কেষাং রাজা কিংরাজঃ, সখায়ম্ অতিক্রান্তঃ অতিসখঃ, পরম রাজঃ, মহারাজঃ

(ii) নঞ্‌ তৎপুরুষে—'নঞস্ তৎপুরুষাৎ'—ন সখা অসখা, অরাজা কিন্তু, যত্র আপো ন সন্তি তদ্ অনপং সরঃ 'পথো বিভাষা' অপন্থাঃ অপথং (ক্লীং) বা

দ্বন্দ্ব সমাস

২২৬ চকারের অর্থে একাধিক সাকাঙ্ক্ষ পদের সমাসকে দ্বন্দ্ব সমাস কহে 'চার্থে দ্বন্দ্বঃ' চ এর দুটী অর্থে সমাস হয়। যথা,

(i) ইতরেতর যোগ—এস্থলে সমাস ঘটক সকল পদেরই প্রাধান্য (all the words are principal) যথা, রামশ্চ লক্ষ্মণশ্চ তৌ রামলক্ষ্মণৌ, দৈত্যদানবৌ, কৃষ্ণার্জ্জুনৌ ভীমার্জ্জুনৌ কন্দশ্চ মূলঞ্চ ফলঞ্চ ইতি কন্দ মূল-ফলানি, রূপরস-গন্ধ-স্পর্শশব্দাঃ

(ii) সমাহার—এস্থলে, অবয়বগুলির ভেদ তিরোহিত থাকে এবং সমাসটি একবচনান্ত (a heap, a collection, a unit রাশি) ও ক্লীবলিঙ্গ হয় 'স নপুংসকম্'

সমাহার দ্বিগু ও দ্বন্দ্বে প্রভেদ এই যে, দ্বিগুতে 'সংখ্যা পূর্ব্বক' এক জাতীয় পদার্থের সমাহার এবং দ্বন্দ্বে একাধিক পদার্থের সমাহার (collection) হয়

সমাহার দ্বিগু ও দ্বন্দ্ব উভয়ই সাধারণতঃ ক্লীবলিঙ্গ (পর বল্লিঙ্গের বাধ) 'স নপুংসকম্' ২২১ ছ সূ দেখ পাত্র প্রভৃতি শব্দান্ত দ্বিগু ক্লীবলিঙ্গ পঞ্চানাং পাত্রাণাং সমাহারঃ পঞ্চপাত্রম্, ত্রিভুবনম্ চতুর্যুগম্ ত্রিগুণম্ চতুষ্পথম্।

'আবন্তো বা' পঞ্চ খট্বং পঞ্চ-খটী, 'অনো ন-লোপশ্চ বা' পঞ্চানাং কর্ম্মণাং সমাহারঃ পঞ্চকর্ম্মম্ পঞ্চকর্ম্মী ব ত্রয়াণাং সখীনাং সমাহারঃ ত্রিসখম্, ত্রয়াণাম্ অহ্নাং সমাহারঃ ত্র্যহঃ তিস্রণাং রাত্রীণাং সমাহারঃ 'ত্রিরাত্রম্' 'রাত্রা-হ্না-হাঃ পুংসি' কিন্তু 'সংখ্যাপূর্ব্বং রাত্রং ক্লীবম্'

(ii) ক 'দ্বন্দ্বশ্চ প্রাণি-তূর্য্য-সেনাঙ্গানাম্'—প্রাণ্যঙ্গ যথা, পাণিশ্চ পাদশ্চ পাণিপাদম্, শিরোগ্রীবম্

(খ) তূর্য্যাঙ্গ (বাদ্যযন্ত্র-বাদক) যথা, মার্দঙ্গিকশ্চ পাণবিকশ্চ মার্দঙ্গিক পাণবিকম্।

(গ) হস্ত্যশ্ব রথ-পাদাতং সেনাঙ্গং স্যাচ্চতুষ্টয়ম্—'সেনাঙ্গানাং বহুত্বে' যথা, হস্তিনশ্চ অশ্বাশ্চ হস্ত্যশ্বম্, হস্তিপেটকম্

(ঘ) 'জাতির্-অপ্রাণিনাম্'—বদরাণি চ আমলকানি চ বদরামলকম্, সমিৎকুশম্, ধনুঃশরম্, শর-তূণীরম্, ভেরী-পটহম্, মৃদঙ্গ পণবম্

(ঙ) 'ক্ষুদ্র-জন্তবঃ' (ক্ষুদ্র অর্থাৎ যক্ষ-দৃশ্য)—দংশাশ্চ মশকাশ্চ দংশ-মশকম্, যুকলিক্ষম্

দ্রষ্টব্য ফল-সেনাঙ্গ-বনস্পতি-মৃগ-শকুনি-ক্ষুদ্রজন্তু-ধান্য-তৃণানাং বহুপ্রকৃতিরেব দ্বন্দ্ব একবদ্

(চ) 'গবাশ্ব-প্রভৃতীনি চ' গাবশ্চ অশ্বাশ্চ গবাশ্বম্, পুত্রাশ্চ পৌত্রাশ্চ পুত্রপৌত্রম্, কুব্জ বামনম্, মূত্রপুরীষম্, মাংস-শোণিতম্ তৃণোপলম্।

(ছ) 'যেষাং চ বিরোধঃ শাশ্বতিকঃ' শাশ্বতিক অর্থাৎ নিত্য। অহি-নকুলম্, গো ব্যাঘ্রম্, শ্ব শৃগালম্, মার্জার-মূষিকম্ কিন্তু, দেবাসুরাঃ

(জ) সর্ব্বো দ্বন্দ্বো বিভাষৈকবদ্ ভবতি, বদরামলকং ব বদরামলকানি

(ঝ) অদ্রব্য বাচক (immaterial) পরস্পর-বিরুদ্ধার্থক শব্দের বিকল্পে (বিরোধ অর্থাৎ সহ অনবস্থান) শীতঞ্চ উষ্ণঞ্চ শীতোষ্ণং শীতোষ্ণে ব, সুখ-দুঃখং

সুখদুঃখে ব, জন্ম-মরণং জন্ম-মরণে ব, আলোকশ্চ অন্ধকারশ্চ আলোকান্ধকারম্ আলোকান্ধকারৌ ব 'বিপ্রতিষিদ্ধং চাঽধিকরণ বাচি'

সমাহারদ্বন্দ্বের Simplifying সমাসান্ত প্রত্যয় টচ্

২২৭ চ-বর্গীয়ান্ত, দকারান্ত, ষকারান্ত ও হকারান্ত শব্দের টচ্ হয় 'দ্বন্দ্বাচ্ চু-দ-ষ-হান্তাৎ সমাহারে—(চু) বাক্ চ ত্বক্ চ বাক্ত্বচম্ (দ্) শমী চ দৃষচ্চ শমী-দৃষদম্ ষ—গ্রীষ্মপ্রাবৃষম্, হ—ছত্রঞ্চ উপানচ্চ ছত্রোপানহম্

২২৮ দ্বন্দ্ব সমাসে পূর্ব্ব পদত্ব নিয়ম—

ক দ্বন্দ্বসমাসে (i) ঘি সংজ্ঞক শব্দ পূর্ব্বে বসে 'দ্বন্দ্বে ঘি' (১২১ সূ.) হরিশ্চ হরশ্চ তৌ হরি-হরৌ কৃষ্ণশ্চ শম্ভুশ্চ তৌ শম্ভু-কৃষ্ণৌ রবি বুধৌ, মৃত্যু-দৃঢ়ৌ 'বহুষ্ব্ একত্রে নিয়মঃ' হরি-গুরুহরাঃ ব হরি-হরগুরবঃ

(ii) স্বরাদি অকারান্ত শব্দ পূর্ব্বে বসে 'অজাদ্য অদ্ অন্তম্' অশ্ব-গজৌ, অচল-পবনৌ, ঈশ-কৃষ্ণৌ, ঊর্দ্ধ নিয়ে 'বহুষ্ব্ অনিয়মঃ' অশ্ব রথেন্দ্রাঃ ব ইন্দ্রাশ্বরথাঃ কিন্তু, ধূমাগ্নী, সমুদ্রাব্জৌ 'ধর্ম্মাদিষুভয়ম্' ধর্ম্মার্থৌ বা অর্থধর্ম্মৌ, চন্দ্রার্কৌ অর্কচন্দ্রৌ, অন্তাদী আদ্যন্তৌ, গুণ বৃদ্ধী বৃদ্ধিগুণৌ, শব্দার্থৌ অর্থশব্দৌ, বধূবরৌ বর বধ্বৌ

(iii) অল্পতর-স্বর-নিষ্পন্ন শব্দ পূর্ব্বে বসে 'অল্পাচ্ তরম্'-(২২ সূ.) শিব-কেশবৌ, গজ-তুরঙ্গৌ, তাল তমালৌ, ভ্রাতৃ-ভগিন্যৌ, শঙ্খ-দুন্দুভী, গোমহিষৌ, অম্ল মধুরৌ, কাক-কোকিলৌ, হংস ময়ূরৌ 'পরত্বাৎ' বাগগ্নী বাগিন্দ্রৌ 'অভ্যর্হিতং সর্ব্বতঃ পূর্ব্বম্' মাতা পিতরৌ, তাপস যাচকৌ, লক্ষ্মী-নারায়ণৌ (cf. *Eng.* Lad ■ and Gentlemen) 'জায়ায়া দম্ভাবো জম্ভাবশ্চ' জায়াপতী, দম্পতী, জম্পতী 'ভ্রাতুর্জ্যায়সঃ' যুধিষ্ঠিরার্জ্জুনৌ, বলদেব-কৃষ্ণৌ। 'লঘ্বক্ষরম্' কুশ-কাশম্ 'অল্পাচ্তরং' সূত্রটী প্রাপ্তিক—'লক্ষণ-হেত্বোঃ ক্রিয়ায়াঃ'

একশেষ

২২৯৷ দ্বন্দ্বসমাস বিভিন্নরূপ একাধিক পদের মধ্যে হয়, এবং দ্বন্দ্ব সমাসে সকল পদেরই উল্লেখ থাকে কিন্তু, একই বিভক্তিতে একইরূপ বিশিষ্ট একাধিক শব্দের পরস্পর যোগে একটী শব্দেরই উল্লেখ থাকে, এবং তাহাকে একশেষ কহে 'সরূপাণাম্ একশেষ একবিভক্তৌ'। রামশ্চ রামশ্চ তৌ রামৌ, রামশ্চ রামশ্চ রামশ্চ তে রামাঃ নরঃ নরৌ নরাঃ একজাতীয় ক্রিয়-করণং যোগঃ

ক। স্ত্রীলিঙ্গ শব্দের সহিত তাহার পুংলিঙ্গ শব্দের যোগে, পুংলিঙ্গ শব্দটী অবশিষ্ট থাকে 'পুমান্ স্ত্রিয়া' হংসী চ হংসশ্চ তৌ হংসৌ, দেবশ্চ দেবী চ দেবৌ, স চ সা চ তৌ, গৌর্ অয়ম্ গৌর্ ইয়ম্ ইতি এতৌ গাবৌ

খ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দের যোগে ক্লীবলিঙ্গ শব্দই অবশিষ্ট থাকে, এবং তাহার একবচন হয়, বিকল্পে 'নপুংসকম্ অ-নপুংসকেন, একবচ্চাস্যাহন্যতরস্যাম্' শুক্লঃ পটঃ, শুক্লা শাটী, শুক্লং বস্ত্রম্, তানি ইমানি শুক্লানি (বা, তদ্ এতৎ শুক্লম্)

গ স্বসৃ শব্দের সহিত ভ্রাতৃ শব্দের যোগে ভ্রাতৃ-শব্দ, এবং দুহিতৃ শব্দের সহিত পুত্র শব্দের যোগে পুত্র-শব্দ অবশিষ্ট থাকে, 'ভ্রাতৃ-পুত্রৌ স্বসৃ-দুহিতৃভ্যাম্' ভ্রাতা চ স্বসা ভ্রাতরৌ, দুহিতা চ পুত্রশ্চ পুত্রৌ।

ঘ মাতৃশব্দের সহিত যোগে পিতৃশব্দ এবং শ্বশ্রূশব্দের সহিত যোগে শ্বশুরশব্দ অবশিষ্ট থাকে 'পিতা মাত্রা' 'শ্বশুরঃ শ্বশ্র্বা' মাতা চ পিতা চ (১) পিতরৌ, (২) দ্বন্দ্ব সমাসে,—মাতা-পিতরৌ, (৩) মাতর-পিতরৌ বা 'মাতর-পিতরাব্ উদীচাম্'। কিন্তু, গাব ইমাঃ, অজা ইমাঃ, এতৌ গাবৌ, বৎসা ইমে

ঙ অন্য সকল শব্দের সহিত যোগেই তদ্ প্রভৃতি শব্দ অবশিষ্ট থাকে 'ত্যদাদীনি সর্ব্বৈর্ নিত্যম্' স চ দেবদত্তশ্চ তৌ, যশ্চ বিপ্রশ্চ যৌ। স চ যশ্চ যৌ, যশ্চ কশ্চ কৌ, স চ ত্বং চ যুবাম্, স চ ত্বং চ

অহঞ্চ বয়ম্ 'ত্যদাদীনাং মধ্যে যদ্ যৎ পরং, তৎ তদ্ অবশিষ্যতে' ১২৯ সূ দেখ

বহুব্রীহি সমাস

২৩০ একাধিক প্রথমান্ত পদ তদতিরিক্ত পদের অর্থে, সমাসে মিলিত হইলে, তাহাকে বহুব্রীহি কহে 'অনেকম্ অন্য পদার্থে, দ্বিতীয়ান্তের অর্থে যথা—আরূঢ়ো বানরো যং বৃক্ষং স আরূঢ়বানরো বৃক্ষঃ তৃতীয়ান্তের অর্থে, যথা—কৃতং কর্ম্ম যেন স কৃতকর্ম্মা পুরুষঃ, চতুর্থ্যন্তের অর্থে, যথ—দত্তং ধনং যস্মৈ স দত্তধনো দরিদ্রঃ, পঞ্চম্যন্তের অর্থে যথা—নির্গতা দয়া যস্মাৎ স নির্দ্দয়ঃ খলঃ, ষষ্ঠ্যন্তের অর্থে যথা—পীতম্ অম্বরং যস্য স পীতাম্বরঃ (হরিঃ), সপ্তম্যন্তের অর্থে, যথা—প্রফুল্লানি কমলানি যস্মিন্ তৎ প্রফুল্লকমলং সরঃ। (কর্ম্মধারয় দেখ)। মহান্তৌ বাহূ যস্য স মহাবাহুঃ ইহারা সকলেই সমানাধিকরণ বহুব্রীহি কিন্তু, ধর্ম্মে মতি র্যস্য স ধর্ম্মমতিঃ, ব্যধিকরণ বহুব্রীহি 'অবর্জ্যো বহুব্রীহি র্ব্যধিকরণো জন্মাদ্যুত্তরপদঃ' আবার, 'তদ্গুণ সংবিজ্ঞান' ও 'অতদ্গুণসংবিজ্ঞান' ভেদেও বহুব্রীহি দ্বিবিধ আদ্য যথা—লম্বৌ কর্ণৌ যস্য স লম্বকর্ণঃ, তম্ আনয় ইতি লম্বকর্ণম্ আনয় এইরূপ, ত্রিলোচনঃ শিবঃ, চতুর্ভুজো বিষ্ণুঃ দ্বিতীয় যথ—দৃষ্ট-সমুদ্রম্ আনয় (এস্থলে, দৃষ্টঃ সমুদ্রো যেন তম্ আনয়' বলিলে সমুদ্র আসিবে ন কিন্তু, 'লম্বকর্ণম্ আনয়' বলিলে কর্ণও আসিবে,) এইরূপ, হত-কংসঃ কৃষ্ণঃ 'সপ্তম্যুপমান-পূর্ব্বপদস্য, উত্তরপদ লোপশ্চ' কণ্ঠে স্থিতঃ কালো যস্য স কণ্ঠে-কালঃ, মৃগস্য নয়নে ইব নয়নে যস্যাঃ সা মৃগনয়না বহুব্রীহি সমাস বিশেষণ বটে, সুতরাং তাহার বিশেষ্যের লিঙ্গই হয় 'ইৎ' ২৭৮ পৃঃ দেখ

ক বহুব্রীহি সমাসে, পূর্ব্বপদস্থিত জহল্লিঙ্গ স্ত্রীলিঙ্গ শব্দ, পুংলিঙ্গ হয় 'স্ত্রিয়াঃ পুংবদ্, ভাষিতপুংস্কাদ্ অনূঙ্, সমানাধিকরণে স্ত্রিয়াম্, অপূরণী প্রিয়াদিষু' বহুব্রীহি যথা—রূপবতী ভার্য্যা যস্য স

রূপবদ্ভার্য্যঃ কর্ম্মধারয় যথা—রূপবতী চাসৌ ভার্য্যাচেতি রূপবদ্ভার্য্যা সুন্দর-ভার্য্যঃ, স্থির বুদ্ধির্যস্য স স্থিরবুদ্ধিঃ, মহতী মতির্যস্য স মহামতিঃ পূরণবাচক- (১০৭ পৃঃ) উত্তরপদে হয় ন, কল্যাণী-পঞ্চমাঃ রাত্রয়ঃ প্রিয়া প্রভৃতি ১৬টী উত্তর পদেও হয় ন কল্যাণী প্রিয়া যস্য স কল্যাণী প্রিয়ঃ প্রিয়া মনোজ্ঞা, সুভগা দুর্ভগা, কল্যাণী ভক্তি, সচিবা স্বসা, কান্তা ক্ষান্তা, সমা চপলা, দুহিতা তনয়, বাম অবলা মহতী প্রিয়া যস্য স মহতী প্রিয়ঃ কল্যাণীকান্তঃ, মনোজ্ঞা-দুহিতৃকঃ। কিন্তু, ককারোপধ শব্দের, সংজ্ঞাবাচক শব্দের, পূরণী শব্দের এবং জাতিবাচকশব্দের পুংলিঙ্গ হয় না 'ন কোপধায়াঃ' 'সংজ্ঞা পূরণ্যোশ্চ' 'জাতেশ্চ'। রসিক ভার্য্যঃ, দাহিকা শক্তিঃ, পাচিকা ভার্য্যঃ, দত্তা ভার্য্যঃ, মন্দোদরী-ভার্য্যঃ, পঞ্চমী ভার্য্যঃ কুম্ভকারী ভার্য্যঃ, কুমারী ভার্য্যঃ, যুবতী ভার্য্যঃ ১৩৫ পৃঃ দেখ।

(খ) সংখ্যাতব্য দ্রব্য বুঝাইলে, সংখ্যাবাচক শব্দের, সংখ্যা প্রভৃতি শব্দের সহিত সমাস হয়, 'সংখ্যয়াহব্যয়াসন্নাদূরাধিক-সংখ্যাঃ সংখ্যেয়ে' দশানাং সমীপে যে সন্তি তে উপদশাঃ (about 10), এইরূপ, আসন্ন-দশাঃ অদূর দশাঃ, অধিক দশাঃ 'বহুব্রীহৌ সংখ্যেযে ডচ্,' একো বা দ্বৌ বা একদ্বাঃ, (১০৭ পৃঃ ১৩১ সূ দেখ)

(গ) কোণ-দিক্ বুঝাইলে, ২টী দিঙ্নাম 'দিঙ্নামান্য্‌ন্তরালে' পূর্ব্বস্যাশ্চ দক্ষিণস্যাশ্চ দিশোর্মধ্যে যা কোণ-দিক্ সা দক্ষিণ-পূর্ব্বা 'সর্ব্বনাম্নো বৃত্তিমাত্রে পুংবদ্ভাবো বক্তব্যঃ'

(ঘ) হাতাহাতি, মারামারি ইত্যাদি কর্ম্মব্যতিহারে 'তত্র তত্র' 'তেন তেন' বা এই যুদ্ধ হইয়াছে এই অর্থে, সমানরূপবিশিষ্ট দুই পদের সমাস হয় 'তত্র তেনেদম্ ইতি সরূপে' কেশেষু কেশেষু গৃহীত্বা যৎ যুদ্ধং প্রবৃত্তং তৎ কেশাকেশি, দণ্ডৈশ্চ দণ্ডৈশ্চ প্রহৃত্য যৎ যুদ্ধং প্রবৃত্তং তৎ দণ্ডাদণ্ডি। এইরূপ হস্তাহস্তি, মুষ্টীমুষ্টি 'ইচ্ কর্ম্মব্যতীহারে' 'অন্যেষামপি' দৃশ্যতে ইতি দীর্ঘঃ, তিষ্ঠদ্গু প্রভৃতি পাঠাৎ অব্যয়ত্বম্ (২১৫ খ সূ দেখ)

(ঙ) সাধারণতঃ এক ক্রিয়াতে তুল্যযোগে বহুব্রীহি 'তেন সহেতি তুল্য-যোগে' পুত্রেণ সহ ইতি সপুত্রঃ (সহপুত্রো বা) আগতঃ পিতা, স-মাতৃকঃ, সহ-মাতৃকো বা 'বোপসর্জনস্য' আশীর্দানার্থে হয় না, স্বস্তি তে সহপুত্রায় সহবন্ধবে 'সকর্মকঃ এস্থলে তুল্য-যোগ হয় নাই

দ্রষ্টব্য ভাত্যর্কম্ অম্বরম্, অস্তি ক্ষীরা গৌঃ

২৩১ বহুব্রীহিসমাসে পূর্ব্বপদস্থনিয়ম (i) সপ্তম্যন্ত পদ ও বিশেষণ পদ পূর্ব্বে বসে 'সপ্তমী-বিশেষণে বহুব্রীহৌ' ধর্ম্মে বুদ্ধি র্যস্য স ধর্ম্মবুদ্ধিঃ, মহান্তৌ বাহু যস্য স মহাবাহুঃ, মহাবলঃ 'বা প্রিয়স্য' গুরুঃ প্রিয়ো যস্য স গুরু-প্রিয়ঃ বা প্রিয় গুরঃ 'গড্বাদিভ্যঃ সপ্তম্যাঃ পর-বচনম্ গড়ুঃ (goiter) কণ্ঠে যস্য স গড়ুকণ্ঠঃ, পাত্র-হস্তা, কমণ্ডলু-পাণিঃ, ঊর্ণ-নাভঃ, বীণা-পাণিঃ

(ii) ক্ত-প্রত্যয়ান্ত পদ পূর্ব্বে বসে 'নিষ্ঠা কৃতং কৃত্যং যেন স কৃত-কৃত্যঃ, কৃত-কর্ম্মা, জিত-শত্রুঃ, অধীত-শাস্ত্রঃ, পক্ব-কেশঃ 'প্রহরণার্থেভ্যঃ পরে নিষ্ঠাসপ্তম্যৌ ভবতঃ' উদ্যতং শস্ত্রং যেন স শস্ত্রোদ্যতঃ, শূলং পাণৌ যস্য স শূলপাণিঃ, বজ্রপাণিঃ কিন্তু, আহিতাগ্নি-প্রভৃতি শব্দে ক্ত-প্রত্যয়ান্ত পদ বিকল্পে পূর্ব্বে বসে 'বাহহিতাগ্ন্যাদিষু' আহিতঃ (স্থাপিতঃ) অগ্নি র্যেন স আহিতাগ্নির্ ব্রাহ্মণঃ, অগ্ন্যাহিতো বা

বহুব্রীহি-সমাসের সমাসান্ত প্রত্যয়

২৩২ ষচ্—সক্থি (উরু) ও অক্ষি (ইন্দ্রিয়) শব্দের পর 'বহুব্রীহৌ, সক্থ্যক্ষ্ণোঃ স্বাঙ্গাৎ ষচ্' দীর্ঘে সক্থিনী যস্য স দীর্ঘ-সক্থঃ, বিশালে অক্ষিণী যস্য স বিশালাক্ষঃ, পদ্মাক্ষী কিন্তু, পদ্মম্ ইব অক্ষি পদ্মাক্ষি, বিষ্ণোঃ দ্বৌ মূর্দ্ধানৌ যস্য স দ্বিমূর্দ্ধঃ, ত্রিমূর্দ্ধঃ

অচ্—(i) উপসর্গ পূর্ব্বে থাকিলে, নাসিকা শব্দের পর নাসিকা

স্থানে নস হয় 'উপসর্গাচ্চ' উন্নসং দধতী বক্ত্রং, বিনস হত-বান্ধবা। বিগতা নাসিকা যস্য স বিনসঃ বিগ্রো বা 'বের্ গ্রো বক্তব্যঃ'

(ii) শোভনং প্রাতর্যস্য স সুপ্রাতঃ সুপ্রাতং ভবতাৎ good morning to you, সুশ্বঃ good morrow to you, সুদিবঃ good day to you চতস্রঃ অশ্রয়ো যস্য স চতুরশ্রঃ (চতুষ্কোণঃ)

অসিচ্ (অস্)—নঞ্, সু দুর্ প্রভৃতি শব্দ পূর্ব্বে থাকিলে, প্রজা ও মেধা শব্দের পর 'নিত্যম্ অসিচ্ প্রজা মেধয়োঃ' দুষ্টাঃ প্রজা যস্য স দুষ্প্রজাঃ রাজা অ-মেধাঃ, সু-মেধাঃ, দুর্মেধাঃ, অল্প-মেধাঃ, মন্দ-মেধাঃ জম্বুকায়াঽল্পমেধসে।

অনিচ্ (অন্) (i) ধর্ম্ম শব্দের পর 'ধর্ম্মাদ্ অনিচ্ কেবলাৎ' কুৎসিতো ধর্ম্মো যস্য স কুধর্ম্মা, বিধর্ম্মা সুধর্ম্মা বহু ধর্ম্মা পুরুষঃ, প্রিয়-ধর্ম্মা তপোনিধিঃ কিন্তু, মুনের্ ধর্ম্মঃ মুনিধর্ম্মঃ

(ii) দক্ষিণে ঈর্ম্মং (ব্যাধ-কৃতো ব্রণঃ) যস্য স 'দক্ষিণের্ম্মা লুব্ধযোগে'

ইচ্—কর্ম্মব্যতীহারে (পরস্পরম্ একজাতীয়-ক্রিয়াকরণে) (২৩০ ঘ,সূ) কর্ণাকর্ণি জপন্তি, জল্পাজল্পি প্রবাসিনাম্ জানু—'জ্ঞু' হয় 'প্রসংভ্যাং জানুনো জ্ঞুঃ' প্রকৃষ্টে জানুনী যস্য স প্রজ্ঞুঃ, সংজ্ঞুঃ

অনঙ্ (অন্) (i) ঊধস্ শব্দের পর, 'ঊধসোঽনঙ্' কুণ্ডম্ ইব ঊধঃ (আপীনং) যস্যাঃ সা কুণ্ডোঘ্নী, ঘটোঘ্নী কিন্তু, মহোধাঃ পর্জন্যঃ

(ii) ধনুঃ শব্দের পর 'ধনুষশ্চ' শার্ঙ্গং ধনু যস্য স শার্ঙ্গধন্বা, অধিজ্য-ধন্বা, গাণ্ডীবধন্বা

নিঙ্—জায়া শব্দের পর 'জায়ায়া নিঙ্' যুবতি র্জায়া যস্য স যুবজানিঃ 'লোপো ব্যোর্ বলি' প্রিয়জানিঃ, বৃদ্ধ-জানিঃ (১০৯ সূ.)

ইৎ (ই)—গন্ধ শব্দের পর (i) উৎ প্রভৃতি শব্দ পূর্ব্বে থাকিলে 'গন্ধস্যেদ্ উৎ-পূতি-সু-সুরভিভ্যঃ উদ্গতো গন্ধো যস্য তদ্ উদ্গন্ধি

মালতী-পুষ্পম্, সুগন্ধির্ বায়ুঃ, সুগন্ধি কর্পূরম্ স্বাভাবিক গন্ধ না হইলে হয় না—গন্ধ বহঃ সুগন্ধঃ

(ii) অল্পার্থে 'অল্পাখ্যায়াম্' অল্পঃ সূপো যস্মিন্ তৎ সূপ-গন্ধি ভোজনম্, ঘৃত গন্ধি ভোজনম্ (গন্ধ অর্থাৎ লেশ), দধি-গন্ধি ঘৃতম্

(iii) 'উপমানাচ্চ' পদ্মস্য গন্ধ ইব গন্ধো যস্য তৎ পদ্ম-গন্ধি মুখম্ উৎ পদ্ম-গন্ধি মধু, উত্তরপদ লোপ (২৩০ সূ)

অন্ত্য অকার লোপ—'পাদস্য লোপোঽহস্ত্যাদিভ্যঃ' (২৩৪ঘ সূ দেখ) ব্যাঘ্রস্য পাদৌ ইব পাদৌ যস্য স ব্যাঘ্রপাৎ, সিংহপাৎ কিন্তু, হস্তিপাদঃ, অজ পাদঃ আবার, কুম্ভপদী, একপদী, বিষ্ণুপদী 'সংখ্যা সু-পূর্ব্বস্য' যথা, দ্বিপাৎ, চতুষ্পাৎ, সুপাৎ

দন্ত 'দৎ' হয়, বয়স্ বুঝাইলে, 'বয়সি দন্তস্য দতৃ' দ্বৌ দন্তৌ যস্য স দ্বিদন্ বৎসঃ (শিশুর্বা), দ্বিদন্তৌ সু দতী (তরুণী) সুদন্ (যুবকঃ) 'অগ্রান্ত শুদ্ধ শুভ্র-বৃষ-বরাহেভ্যশ্চ' বিকল্পে, শুভ্রদন্ শুভ্রদন্তো বা বিপ্রঃ

হৃদয় 'হৃদ্' হয় 'সুহৃদ্ দুর্হৃদৌ মিত্রামিত্রয়োঃ' শোভনং হৃদয়ং যস্য স সুহৃদ্ (মিত্রম্) দুর্হৃৎ (শত্রুঃ)

কপ্ প্রত্যয় হয়, (i) উরঃ প্রভৃতি শব্দের পর 'উরঃ প্রভৃতিভ্যঃ কপ্' ব্যূঢ়ং (বিপুলম্) উরঃ (বক্ষঃ) যস্য স ব্যূঢ়োরস্কঃ, ভাষিতঃ পুমান্ যেন স ভাষিত-পুংস্কঃ

(ii) ইন্-ভাগান্ত শব্দের পর, স্ত্রীলিঙ্গে 'ইনঃ স্ত্রিয়াম্' বহবো বাগ্মিনো যস্যাং সন্তি সা বহু-বাগ্মিকা সভা, (দণ্ডিন্) বহুদণ্ডিকা শালা, (ধনিন্) বহু-ধনিকা নগরী

(iii) নদী-সংজ্ঞক (১২২ সূ) ও ঋকারান্ত শব্দের 'নদ্যৃতশ্চ' পত্নী যস্য স বিপত্নীকঃ, মৃত-পত্নীকঃ, বহু-কুমারীকঃ বহু স্ত্রীকো দেশঃ, ঃ, এক-পিতৃকঃ, সমাতৃকঃ, মৃতভর্তৃকা, প্রোষিত-ভর্তৃকা।

(iv) যে যে বহুব্রীহি সমাসে কে নও সমাসান্ত উক্ত হয় নাই তাহাদের, বিকল্পে 'শেষাদ্ বিভাষা' লব্ধ-যশস্কঃ (লব্ধযশাঃ বা), মুণ্ডিত-শিরস্কঃ (মুণ্ডিতশিরাঃ বা) কিন্তু, প্রিয়-পথো গ্রামঃ, প্রিয়-ধুরঃ পুরুষঃ

অপবাদ (exception) (i) 'ঈয়সশ্চ বহবঃ শ্রেয়াংসো যস্য' স বহু-শ্রেয়ান্ (iv সূত্রের বাধা) বহ্ব্যঃ প্রেয়স্যো যস্য স বহু-প্রেয়সী জনঃ (iii সূত্রের বাধা)

(ii) প্রশংসার্থক শব্দপূর্ব্বক ভ্রাতৃশব্দের পর কপ্ হয় না 'বন্দিতে ভ্রাতুঃ' প্রশস্তো ভ্রাতা যস্য স প্রশস্তভ্রাতা লক্ষ্মণঃ, পণ্ডিত ভ্রাতা কিন্তু, মূর্খ-ভ্রাতৃকঃ চৌর ভ্রাতৃকঃ

সমাসের লিঙ্গ ও বচন ব্যবস্থা—

২৩৩। ক দ্বন্দ্ব ও তৎপুরুষ সমাসের লিঙ্গ উত্তরপদের লিঙ্গ হয় 'পরবল্লিঙ্গং দ্বন্দ্ব-তৎপুরুষয়োঃ' দ্বন্দ্ব—ফলঞ্চ ঘটশ্চ ফলঘটৌ, ঘটশ্চ ফলঞ্চ ঘটফলে স্ত্রী চ পুত্রাশ্চ স্ত্রী-পুত্রাঃ কুক্কুটশ্চ ময়ূরী চ তে কুক্কুট-ময়ূর্য্যৌ, ময়ূরী-কুক্কুটৌ কায়স্য (whole) পূর্ব্বং (fore part) পূর্ব্বকায়ঃ, অর্দ্ধপিপ্পলী, রাজ্ঞঃ স্ত্রী রাজ-স্ত্রী, মুখং চন্দ্র ইব মুখচন্দ্রঃ, চন্দ্র ইব মুখং চন্দ্রমুখম্ কিন্তু, 'দ্বিগু-প্রাপ্তা-ঽঽপন্না-ঽলং পূর্ব্ব-গতিসমাসেষু' বিশেষ্য-লিঙ্গম্ এব ভবতি ২৩০ সূ ও অব্যয়ীভাব ২৫৫ পৃঃ দেখ

খ অশ্বশ্চ বড়বা চ অশ্ববড়বৌ হইবে 'পূর্ব্ববদ্ অশ্ববড়বৌ'। অশ্ববড়বান্, অশ্ববড়বৈঃ

গ রাত্র, অহ্ন ও অহ শব্দান্ত সমাস (সমাহারও) পুংলিঙ্গ হয় 'রাত্রা-ঽহ্নাঽহাঃ পুংসি' অহশ্চ রাত্রিশ্চ তয়োঃ সমাহারঃ অহোরাত্রঃ, রাত্রেঃ পূর্ব্বং পূর্ব্বরাত্রঃ, অহ্নঃ পূর্ব্বং পূর্ব্বাহ্নঃ, মধ্যাহ্নঃ, অহ্নঃ সায়ঃ সায়াহ্নঃ দ্বয়োর্ অহ্নোঃ সমাহারঃ দ্ব্যহঃ, ত্র্যহঃ, দশাহঃ কিন্তু, 'সংখ্যা পূর্ব্বং রাত্রং ক্লীবম্' দ্বয়োঃ রাত্র্যোঃ সমাহারঃ দ্বিরাত্রম্, ত্রিরাত্রম্ ২২৪ii সূ

ঘ। ন পন্থাঃ ইতি অ-পথম্ 'অপথং নপুংসকম্' অ-পন্থাঃ বা 'পথো বিভাষা'।

পূর্ব্বপদের বিকৃতি (or, phonetic decay and other changes of the terminals of পূর্ব্বপদ, সূ)—

২৩৪। ক। স্ত্রী-প্রত্যয় ঈ, ই হয়, তরপ্-তমপ্-রূপপ্ কল্পপ্ প্রত্যয় এবং চেলট্ প্রভৃতি শব্দ পরে থাকিলে, 'ঘ রূপ-কল্প-চেলড্-ব্রুব-গোত্র-মত-হতেষু ঙ্যোঽনেকাচো হ্রস্বঃ' ১০৭ সূ। 'প্রশংসায়াং রূপপ্' প্রশস্ত শ্ছাত্রঃ ছাত্র-রূপঃ, 'যুক্তরূপম্ ইদং তব' চৌররূপঃ, পটু-রূপা, বৈয়াকরণ-রূপঃ পচতি-রূপম্ (প্রশস্তং পচতি) 'ঈষদ্ অ-সমাপ্তৌ কল্পব্-দেশ্য-দেশীয়রঃ' ঈষদ্ ঊনো বিদ্বান্ বিদ্বৎকল্পঃ, বিদ্বৎকল্পা। চেলট্ (Beng চেলা) ও ব্রুব (Hindi ব্রবক্) শব্দ নিন্দাবাচক। কিন্তু, উ ঋ ৯ বর্ণ লোপী শব্দের স্ত্রীপ্রত্যয় ঈ, ই হয়, বিকল্পে বিদুষিতরা বিদ্বৎতরা (৬৮ পৃঃ) 'উগিতশ্চ'

খ মহৎ 'মহা' হয় 'আন্ মহতঃ সমানাধিকরণ-জাতীয়য়োঃ' কর্ম্মধারয়ে—মহাংশ্চাসৌ পুরুষশ্চেতি মহাপুরুষঃ বহুব্রীহিতে—মহান্তৌ বাহূ যস্য স মহাবাহুঃ মহাজাতীয়ঃ। কিন্তু, ষষ্ঠী সমাসে, মহতো ভুজঃ মহদ্ভুজঃ

গ। হৃদয় 'হৃদ্' হয়, লেখ প্রভৃতি পরে থাকিলে, 'হৃদয়স্য হৃদ্, লেখ-যদ্-অণ্-লাসেষু' হৃদয়ং লিখতি যঃ স ('কর্ম্মণ্যণ্') হৃল্লেখঃ শয়রোগঃ ঘঞ্—হৃদয়-লেখঃ যৎ—হৃদয়স্য প্রিয়ম্ হৃদ্যম্ অণ্—হার্দ্দম্, হৃল্লাসো হিক্কারোগঃ। 'বা শোক-ষ্যঞ্-রোগেষু' হৃদয়-শোকঃ হৃচ্ছোকো বা সুহৃদয়স্য ইদম্ (ষ্যঞ্) সৌহৃদ্যম্ সৌহৃদয্যম্ সুহৃদয়+অণ্=সৌহৃদম্ সুহৃৎ+ষ্যঞ্ সৌহার্দ্দ্যম্ সুহৃৎ+অণ্ সৌহার্দ্দম্। হৃদ্-রোগঃ হৃদয় রোগো বা

ঘ। পাদ 'পদ্' হয় আজি প্রভৃতি পরে থাকিলে, 'পাদস্য পদ্,

আজ্য-আতি-গো-পহতেষু' পদাতিঃ যঃ পদ্ভ্যাম্ অততি (গচ্ছতি) এইরূপ পদ্ধতিঃ 'হিম-কাষি-হতিষু চ'

ঙ। উদক 'উদ' হয় নিত্য (i) নাম বুঝাইলে এবং (ii) পেষং, (ণমুল্) বাস, বাহন ও ধি শব্দ পরে থাকিলে 'উদকস্যোদঃ সংজ্ঞায়াম্' 'পেষং-বাস-বাহন ধিষু চ' উত্তর পদেও হয়, ক্ষীরম্ উদকং যস্য স ক্ষীরোদঃ উদকেন পিষ্ট্বা পিনষ্টি উদপেষং পিনষ্টি। উদবাসঃ উদবাহনঃ উদকানি ধীয়ন্তে (স্থাপ্যন্তে) যত্র স উদধিঃ বিকল্পে (iii) অসংযুক্ত হল্-আদি কুম্ভ প্রভৃতি শব্দ পরে থাকিলে, 'একহলাদৌ পূরয়িতব্যে-ঽন্যতরস্যাম্' 'মন্থৌ-দন-সক্তু-বিন্দু-বজ্র ভার-হার-বীবধ-গাহেষু' উদকস্য কুম্ভঃ উদকুম্ভঃ উদক-কুম্ভো বা, উদপাত্রম্ উদক-পাত্রম্ উদ গাহঃ উদকগাহঃ, উদ বিন্দুঃ উদকবিন্দুঃ

চ। মুম্ (ম্) আসে, (i) 'অরুর্ দ্বিষদ্ অজ-অন্তস্য মুম্' অরুঃ (ব্রণম্) ইব তুদতি (পীড়য়তি) অরুন্তুদঃ খলঃ দ্বিষন্তং (শত্রুং) তাপয়তি দ্বিষন্তপঃ, পরন্তপঃ 'দ্বিষৎ-পরয়োস্তাপেঃ' 'খচি হ্রস্বঃ' (ii) 'বাচংযম-পুরন্দরৌ চ' মৌনী ও ইন্দ্র অর্থে নিপাতনে সিদ্ধ (iii) 'রাত্রেঃ কৃতি বিভাষা' রাত্রৌ চরতি রাত্রিঞ্চরঃ (রাত্রিচরো বা) ২২২ছ সূ।

ছ সমান 'স' হয় 'জ্যোতির্ জনপদ-রাত্রি-নাভি-নাম-গোত্র-রূপ স্থান-বর্ণ-বয়ো-বচন বন্ধুষু' সমানো বর্ণো যস্য স সবর্ণঃ, স-নামা, সরূপঃ, স-গোত্রঃ সবয়াঃ। পক্ষে, সমান-নামা, সমান-রূপঃ এইরূপও হয় সমান-পক্ষঃ সপক্ষো বা সমানঃ পতির্যস্যাঃ সা স-পত্নী সমানে ব্রহ্মচারী সব্রহ্মচারী 'চরণে ব্রহ্ম চারিণি' সমানে তীর্থে (গুরৌ) বসতি যঃ স সতীর্থ্যঃ 'তীর্থে যে সমানোদরে শয়িতঃ সোদর্য্যঃ সমানোদর্য্যঃ 'বিভাষোদরে'

জ 'দৃগ-দৃশ-বতুষু' সমানো দৃশ্যতে যঃ স সদৃক্ (সদৃশঃ) অয়ম্

ইব দৃশ্যতে যঃ স ঈদৃশঃ ঈদৃক্, ক ইব দৃশ্যতে যঃ স কীদৃশঃ কীদৃক্ 'ইদম্ কিমোর্ ঈশ্‌কী' অন্যান্য সর্ব্বনাম শব্দের অন্ত্যবর্ণ স্থানে আ হয় 'আ সর্ব্বনাম্নঃ' স ইব দৃশ্যতে তাদৃশঃ তাদৃক্, এতাদৃশ এতাদৃক্, অন্যাদৃশঃ অন্যাদৃক্, (বয়ম্ ইব) অস্মাদৃশঃ অস্মাদৃশঃ, (অহম্ ইব) মাদৃশঃ, (ত্বম্ ইব) ত্বাদৃশঃ, (ভবান্ ইব) ভবাদৃশঃ বতু—কিং পরিমাণং যস্য স কিয়ান্, ইদং পরিমাণং যস্য স ইয়ান্ যাবান্ তাবান্ 'কিম্-ইদংভ্যাং বো ঘঃ' (১০৬ ছ সূ তাবন্তি বাসাংসি)

ঋ অঞ্চ্ + ক্বিন্ প্রত্যয়ে, (i) সম্ 'সমি' হয়, 'সমঃসমি' সম্যঙ্, (ii) তিরস্ 'তিরি' হয় 'তিরসস্তির্য্য-অ-লোপে' তির্য্যঙ্, (iii) সহ 'সধ্রি' হয় 'সহস্য সধ্রিঃ' সধ্র্যঙ্ (১৩৬ ও ১৩৮ সূ.) 'নাঞ্চেঃ পূজায়াম্' সম্মানার্থে অঞ্চ্ ধাতুর নকার লোপ হয় না প্রাচ্ শব্দের রূপ (১৩১ পৃঃ) দেখ।

ঞ অপ্ 'ঈপ' হয়, দ্বি প্রভৃতি শব্দ পরে থাকিলে, 'দ্ব্য-অন্তর্-উপসর্গেভ্যো ঽপ ঈৎ' 'অবর্ণান্তাদ্ বা' দ্বির্গতা আপো যস্মিন্ তদ্ দ্বীপম্, অন্তর্গতা আপো যত্র তৎ অন্তরীপম্, প্রতীপম্, সমীপম্, নীপম্ কিন্তু, পরাপম্ পরেপম্, প্রাপম্ প্রেপম্ অনূপো দেশঃ, অন্বীপম্ অন্তৎ এই সূত্র উত্তরপদ সম্বন্ধীয়।

ট অন্য 'অন্যৎ' হয় 'অষষ্ঠ্য-অ-তৃতীয়াস্থস্যা ঽন্যস্য দুগ্, আশীর্-আশা-ঽঽস্থা-ঽঽস্থিতো-ৎসুকো-তি-কারক-রাগ-চ্ছেষু' অন্যস্য ইদম্ অন্যদীয়ম্, অন্যা আশীঃ অন্যদাশীঃ 'অর্থে বিভাষা' অন্যঃ অর্থো অয়ম্ অন্যদর্থঃ অন্যার্থো বা কারক-চ্ছয়োঃ সর্ব্বত্রৈব দকারাগমঃ

ঠ অন্ত্য অণ্ 'দীর্ঘ' হয় (i) ক্বিপ্ প্রত্যয়ান্ত নহি প্রভৃতি ধাতুর পূর্ব্বে 'নহি-বৃতি বৃষি ব্যধি-রুচি-সহি-তনিষু ক্বৌ' পাদম্ উপনহ্যতি (বধ্নাতি) যা সা উপানৎ (পাদুকা) (১৩৯ গ সূ) প্রকৃষ্টং বর্ষতি যা সা প্রাবৃট্, মৃগং বিধ্যতি মৃগাবিৎ, তুরাষাট্, নীবৃৎ

(ii) বলচ্ প্রত্যয়ে 'বলে' কৃষীবলঃ (কর্ষকঃ), দন্তাবলো হস্তী

(iii) 'শরাদীনাঞ্চ'—শরাবতী, পুষ্করাবতী, অমরাবতী, পদ্মাবতী, ধূমাবতী

(iv) 'উপসর্গস্য ঘঞ্য্-অমনুষ্যে, বহুলম্' নীহারঃ (ঘনীভূত-শিশিরম্, নীবারঃ (তৃণ ধান্যম্), প্রাকারঃ (বৃতিঃ wall), প্রাসাদঃ গৃহভেদঃ ইত্যাদিতে নিত্যই দীর্ঘ হয় 'সাদ-কারয়োঃ কৃত্রিমে' প্রতিকারঃ প্রতীকারঃ, প্রতিহারঃ প্রতীহারঃ ইত্যাদিতে বিকল্পে প্রকারঃ প্রসাদঃ বিষাদঃ অবসাদঃ বিহারঃ ইত্যাদিতে দীর্ঘ হয় না

